কল সেন্টারের ভ্যাট বিষয়ক প্রশ্নোত্তর

কাস্টমস্, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, যশোর

জাতীয় রাজস্ব বোর্ড, অভ্যন্তরীণ সম্পদ বিভা, অর্থ মন্ত্রণালয়

কল সেন্টারের ভ্যাট বিষয়ক প্রশ্নোত্তর

ড. মোঃ আব্দুর রউফ

প্রশ্ন-১৫৩: আমি একজন বাণিজ্যিক আমদানিকারক মার্চ/এপ্রিল মাসে অনেকগুলো মাল আমদানি করেছি। কিন্তু জুলাই এর পূর্বে সম্পূর্ণ মালামাল বিক্রি হবার সম্ভাবনা নেই। আমি ১৯৯১ সনের বর্তমান আইন অনুযায়ী যেহেতু আমদানি পর্যায়ে ভ্যাট ও এটিভি পরিশোধ করে এসেছি সেহেতু ট্রেডিং পর্যায়ে (প্রথম বিক্রির সময়) কোন ভ্যাট পরিশোধ না করে সরবরাহ করছি, এ অবস্থায় আমার যে পরিমান মালামাল অবশিষ্ট থাকবে সে অবশিষ্ট মালামাল জুলাই ২০১৭ এ থেকে বিক্রির সময় নতুন আইন অনুযায়ী ১৫% ভ্যাট দিয়ে সরবরাহ করতে হবে। এমতবস্থায়, অবশিষ্ট মালামাল এর বিপরীতে আমদানিস্তরে পরিশোধিত ভ্যাট ও এটিভি কিভাবে সমন্বয় করবো (আমি কোন মুসক ১৮ মেইনটেইন করিনা)?

<u>উত্তর:</u> পুরাতন ভ্যাট ব্যবস্থা থেকে নতুন ভ্যাট ব্যবস্থায় যাওয়ার প্রাক্কালে বেশ কিছু ইস্যু আসবে আপনার ইস্যুটি তার মধ্যে একটি। এ ধরনের সব সম্ভাব্য ইস্যুর সমাধান একত্রিত করে একটি ক্রান্তিকালীন আদেশ জারি করা হবে। আশা করা যায় যে, ৩০ জুনের আগেই সে আদেশটি পাওয়া যাবে। আপনার ইস্যুটি উপকরণ কর রেয়াত সংক্রান্ত। নতুন ভ্যাট ব্যবস্থায় এ ধরনের উপকরণের উপর রেয়াত পাওয়া যাবে এটাই স্বাভাবিক। ১৯৯১ সালে যখন আবগারি কর ব্যবস্থা থেকে ভ্যাট ব্যবস্থায় আসা হয়েছিল, তখনও এ সমস্যাটি খুব প্রবল ছিল। কারণ, আবগারি কর ব্যবস্থায় কোনো রেয়াত ছিল না। কিন্তু ভ্যাট ব্যবস্থায় রেয়াত হলো একটি মূল বিষয়। সে সময় ভ্যাট আইনের ধারা ১২ এবং বিধিমালার বিধি ২১ এ বিস্তারিত বিধান করা হয়েছিল যে, আবগারি ব্যবস্থার আওতায় ক্রয় করা উপকরণ কিভাবে ভ্যাট ব্যবস্থার আওতায় রেয়াত নেয়া যাবে। বর্তমানেও সে ধরনের বিধান করা হবে ইনশাআল্লাহ। অনুগ্রহ করে অপেক্ষা করুন।

প্রশ্ন-১৫২: আমি ভ্যাট রেজিস্ট্রেশন নিয়েছি নতুন আইনে ৯ ডিজিটের BIN। কিন্ত ব্যাংক থেকে নাম্বার টি নিচ্ছেনা। এখন কি করবো।

<u>উত্তর:</u> এনবিআর থেকে একটি পত্র জারি করা হচ্ছে যেন ব্যাংক এবং কাস্টমস ৯ ডিজিটের নতুন রেজিস্ট্রেশন গ্রহণ করে। আশা করি দু এক দিনের মধ্যেই পত্র জারি করা হবে। এখন থেকে পুরাতন ১১ ডিজিট এবং নতুন ৯ ডিজিট দুটি রেজিস্ট্রেশনই চালু থাকবে। ব্যবসায়ীদের সুবিধার্থে এরূপ করা হবে। ক্রমে ক্রমে ১১ ডিজিটের রেজিস্ট্রেশনটির ব্যবহার হ্রাস করে ৯ ডিজিটের রেজিস্ট্রেশন ব্যবহার করা হবে।

প্রশ্ন-১৫১: বেনাপোল কাস্টমস ৯ ডিজিট এর BIN নাম্বার টি নিচ্ছে না এখন আমি কি করতে পারি?

<u>উত্তর:</u> এনবিআর থেকে একটি পত্র জারি করা হচ্ছে যাতে ব্যাংক এবং কাস্টমস ৯ ডিজিটের নতুন রেজিস্ট্রেশন গ্রহণ করে। আশা করি দু এক দিনের মধ্যেই পত্র জারি করা হবে।

প্রশ্ন-১৫০: আমার বিআইএন নাম্বার অন লাইন এ করেছি। এখন সেটা ৯ ডিজিটের আসছে। কিন্ত ব্যাংক সেটা মানছেনা। ব্যাংক বলছে ১১ ডিজিটের লাগবে। তারা বলছে যে বাংলাদেশ ব্যাংক থেকে ১১ ডিজিটের ভ্যাট রেজিশট্রেশন নাম্বার অনলি নিতে বলেছে। এখন প্রাইম ব্যাংক আবার আমাকে বলেছে ঢাকার যে কোড নাম্বার "১৮" এটা বিন ৯ ডিজিটের সামনে বসিয়ে দিয়ে ১১ ডিজিট করে আমার পারপাসটা সার্ভ হবে। এটা কি সঠিক কিনা আমাকে জানান।

<u>উত্তর:</u> প্রাইম ব্যাংক আপনাকে যা বলেছে তা সঠিক নয়। এভাবে ১১ ডিজিট করা যাবে না। ১১ডিজিট করার দরকার নেই। ৯ডিজিটের রেজিস্ট্রেশন মাত্র দেয়া শুরু হয়েছে। তাই, এসমস্যাগুলোর এখন সমাধান হয়নি। ব্যাংক এবং কাস্টমস পয়েন্টে যেন নতুন ৯ ডিজিটের রেজিস্ট্রেশন গ্রহণ করে সে বিষয়ে এনবিআর থেকে একটি পত্র দেয়া হচ্ছে। আশা করি দু একদিনের মধ্যেই তা জারি হবে।

প্রশ্ন-১৪৯: আমার একটা বিস্কুট কোম্পানি। বিস্কুট ট্যাঁরিফ মূল্য আরোপযোগ্য পণ্য। এর বিপরীতে কোন রেয়াত নেয়া যায় না। কিন্তু জুন মাসে আমাদের যে ক্লোজিংটা থাকবে সেটার রিবেট গুলা আমরা কিভাবে পেতে পারি? এটা বই এর কোথায় পাওয়া যেতে পারে। কারন ট্যারিফে তো আমরা রেয়াত নেই না। এখন আমাদের জুন মাসে তো স্টক থেকে যাবে। এখন যেহেতু এটা নন ভ্যাট হয়ে যাবে ট্যারিফ থেকে, সেক্ষেত্রে যে ক্লোজিং টা থাকবে সেটা আমরা রিবেট গুলা পাবো কিভাবে নতুন আইনে? নতুন আইন যখন শুরু হবে তখন আমার যে স্টক থেকে যাবে তার উপর রেয়াত কিভাবে নিব?

উত্তর: নতুন ভ্যাট আইন ১ জুলাই, ২০১৭ থেকে বাস্তবায়িত হওয়ার আগে এসব প্রশ্নের জবাব এনবিআর দিবে। এমন অনেক বিষয় আছে যা ১ জুলাই থেকে উদ্ভব হবে। ক্রান্তিকালীন সময়ে যেসব বিষয়ের উদ্ভব হবে সেসব বিষয়ে এনবিআর থেকে আদেশ-নির্দেশ জারি করা হবে। এমন পরিস্থিতিতে রেয়াত পাওয়া যাবে এটাই স্বাভাবিক।

প্রশ্ন-১৪৮: আমি একজন বাড়িওয়ালা, বাণিজ্যিক কাজে ব্যাবহারের জন্য আমি আমার সম্পূর্ণ বাসাটি একজনকে ভাড়া দিয়েছি, এখন আমি যাকে ভাড়া দিয়েছি, তিনি নিজেও বাণিজ্যিক কার্যক্রম করছেন, একইসাথে তিনি ঐ বাসায় অন্য আরেকটি প্রতিষ্ঠানকে ভাড়া দিয়েছেন যারা নিজেরাও বাণিজ্যিক কার্যক্রম করেন, এখন আমার কথা হচ্ছে ভাড়াটা কে দিবে? প্রথম ভাড়াটিয়া পুরো বাসার উপর একবার ভ্যাট দিচ্ছেন। এখন দ্বিতীয় ভাড়াটিয়া আংশিকভাবে বাসার একটি অংশ প্রথম ভাড়াটিয়া থেকে ভাড়া নিয়েছেন এবং সেখানে বাণিজ্যিক কার্যক্রম করেন সেহেতু তিনিও ভ্যাট দেবার জন্য দায়ী। কিন্তু আমার মনে হয় সম্পূর্ণ বাসার উপর ১ম ভাড়াটিয়া থেকে বাণিজ্যিক আবাসান হবার কারনে সরকার একবার ভ্যাট পাচ্ছে, আবার একই বাসার আরেকটি ফ্লোর/অংশ ১ম ভাড়াটিয়া ২য় ভাড়াটিয়া কে বাণিজ্যিক আবাসান হিসেবে ভাড়া দেয়ায় ২য় ভাড়াটিয়াও ভ্যাট প্রদান করছেন। এখানে দুইবার ভ্যাট প্রদান হয়ে গেছে বলে আমার ধারনা ! এ ব্যাপারে আমি NBR এর আইনগত দিক নির্দেশনা চাচ্ছি ।

উত্তর: এখানে সেবা দুবার হস্তান্তর হচ্ছে, তাই দুবারই ভ্যাট দিতে হবে। দ্বিতীয় ভাড়াটিয়া যদি সরাসরি মালিকের সাথে চুক্তি করে তাহলে একবার ভ্যাট হবে। একটা পণ্যের কথা ধরুন। পণ্যটি একজন বিক্রি করছেন, তিনি ভ্যাট পরিশোধ করছেন। পণ্যটি দ্বিতীয়জন বিক্রি করছেন, তিনি ভ্যাট পরিশোধ করছেন। পণ্যটি তৃতীয়জন বিক্রি করছেন, তিনি ভ্যাট পরিশোধ করছেন। সেবা যেহেতু সাধারনতঃ বারবার হস্তান্তর হয় না, তাই আমরা এধরনের কাজের সাথে অভ্যস্ত নই। সেবা দিয়েও একটা উদাহরণ দেয়া যায়। ধরুন, একজন কনসালট্যান্ট একটি ফার্মকে সেবা দিচ্ছে। তার পেমেন্টের ওপর ভ্যাট হচ্ছে। আবার, ওই ফার্ম ওই কনসালট্যান্সকে দিয়ে অন্য প্রতিষ্ঠানকে সেবা দিচ্ছে। প্রতিষ্ঠান ফার্মকে পেমেন্ট দিচ্ছে। তখন আবার ভ্যাট হচ্ছে। সেবা দিচ্ছে কিন্তু একই কনসালট্যান্ট। বাড়ি ভাড়া নিয়ে আবার ভাড়া দিলেও একই কথা। দ্বিতীয়বার ভাড়া দিলে সাধারণতঃ বেশি মূল্যে দেয়া হয়। যাহোক, দ্বিতীয়বার ভাড়ার ওপর ভ্যাট পরিশোধ করতে হবে।

প্রশ্ন-১৪৭: শিক্ষা মুলক বই ক্রয় ও বই ফটোকপির উপর কত % ভ্যাট?

উত্তর: সাধারণত এ ক্রয়গুলো যোগানদার হিসেবে বিবেচিত হয়। সেক্ষেত্রে ভ্যাটের হার ৫ শতাংশ। তবে বোর্ড কর্তৃক প্রদত্ত ওয়ার্ক অর্ডারের বিপরীতে প্রাথমিক ও মাধ্যমিক স্তরে পাঠ্যপুস্তক সরবরাহ দিলে তার ওপর কোনো ভ্যাট নেই।

প্রশ্ন-১৪৬: ২ থেকে ৩ বিঘা জমির উপর নার্সারিতে চারাগাছ রোপণ করলে তার উপর কি ভ্যাট দিতে হবে?

উত্তর: আপনার জমিতে যদি আপনি চারাগাছ রোপন করেন তার উপর কোনো ভ্যাট নেই।

প্রশ্ন-১৪৫: আমি একটি বিদেশি কোম্পানির জন্য সারভিসিং এর কাজ করেছি, যার বিপরীতে ফরেন কারেন্সিতে ব্যাংকের মাধ্যমে আমার টাকা টি আমি পাই। এখন ব্যাংক আমার কাছ থেকে ১৫% হারে ভ্যাট + ১০% AIT কেটে রেখেছে। AIT আমি সমন্নয় করে নিতে পারব সমস্যা নাই, কিন্তু আমি রেফারেন্স সহকারে জানতে চাই যে ১৫%হারে ভ্যাট কাটার নিয়ম টা আইনের কোথায় রয়েছে? আইন বা SRO সহকারে জানতে চাই !

উত্তর: আপনার সেবাটি যদি রপ্তানি বলে বিবেচিত হয়, তাহলে ভ্যাট হবে না। রপ্তানি হতে হলে এলসি বা কনট্রাক্ট এর বিপরীতে সরবরাহ দিতে হবে এবং বৈদেশিক মুদ্রায় মূল্য পেতে হবে। বৈদেশিক মূদ্রায় মূল্য পাওয়ার সমর্থনে ব্যাংক থেকে Proceeds Realization Certificate (PRC) ইস্যু করতে হবে। এই শর্তগুলো পূরণ না হলে ব্যাংক ১৫ শতাংশ হারে ভ্যাট উৎসে কেটে নেবে-এটাই হলো আমাদের দেশের ভ্যাট ব্যবস্থার একটা সাধারণ নিয়ম।

প্রশ্ন-১৪৪: আমি জানতে চাচ্ছিলাম হেয়ার অইল আর টুথ পাউডার এর উপর ভ্যাট কত %। আরও একটি বিষয় আমি উৎপাদক এখন আমি পনের মূল্য নির্ধারণ করলাম ধরা যাক ১৮০ টাকা আর আমি বিক্রয় করলাম ৪০ টাকা ডিলার এর কাছে এখন কোনটার উপর ভ্যাট ধার্য হবে। আর একটি বিষয় এই ভ্যাট কি শহর পরজাইয়ে এক রকম জেলা পরজাইয়ে র এক রকম। আমার ফেক্টারিটি ঢাকার বাইরে। জেলা পরজাইয়ে ভ্যাট নিবন্ধন করা যাবে।
উত্তর: হেয়ার অয়েল এবং টুথ পাউডার এর ওপর ভ্যাটের হার ১৫ শতাংশ। আপনার নির্ধারিত মূল্যের চেয়ে কম মূল্যেও আপনি বিক্রি করতে পারবেন। সেক্ষেত্রে নিয়ম হলো পত্রিকায় বিজ্ঞাপন দিতে হবে যে আমি অমুক অমুক দিন অমুক অমুক স্থানে আমার এই এই পণ্য এই এই মূল্যে বিক্রি করবো। এভাবে বিস্তারিত পত্রিকায় বিজ্ঞাপন দিয়ে আপনি হ্রাসকৃত মূল্যে বিক্রি করতে পারবেন। ভ্যাট সাধারণত সারাদেশে একই রকম। প্যাকেজ ভ্যাটের ক্ষেত্রে কিছু পার্থক্য আছে। তবে, প্যাকেজ ভ্যাট উৎপাদনকারীর জন্যে নয়। তাছাড়া, ঢাকা উত্তর, ঢাকা দক্ষিণ এবং চট্টগ্রাম সিটি কর্পোরেশন এলাকায় অবস্থিত কোনো উৎপাদনকারী প্রতিষ্ঠান ৩ শতাংশ হারে টার্নওভার কর দেয়ার সুবিধা পায় না, তাদেরকে ১৫ শতাংশ হারে ভ্যাট প্রদান করতে হয়।

প্রশ্ন-১৪৩: নিবন্ধন নেওয়া আছে আমার একটা ফার্ম এর উপর। কিন্তু তা রিনিউ করা নাই। আমার আরও ২ ফার্ম আছে অগুলাতে করা নাই। এখন আমার আমদানি রপ্তানি যে ফার্ম আছে সেটি নিবন্ধন করতে চাচ্ছিলাম তার জন্য ভ্যাট কমিশনার এ গিয়েছিলাম তখন তারা মুশক ৯ এ ট্রান্সফার করতে বলেছে। আর যদি একই নামে রাখতে চাই সব গুল। সেখাত্রে ট্রেড লাইসেন্স পরিবর্তন করতে হবে। সেটা ঝামেলা পূর্ণ তাই বলছিলাম আপনি গাজি ট্রেনিং হাউস আমদানি রপ্তানি নামে করে দেন। তখন তিনি বলল একটা ফ্রম দিয়ে পুরন করার জন্য তখন আমি কিভাবে করব বুঝে উঠতে পারছিলামনা, তাকে বললাম কিভাবে করব বলাতে বলল যেভাবে পারেন করেন পারছিলামনা বলে নিজাই করে দিল এর পর বলল এটা কি আপনি হাতে হাতে পাঠাবেন নাকি আমরা পাঠাব আমি বললাম যেভাবে ভাল হই করেন। তারপর তারা ফ্রম ফিলাপ করে বলল খরচাপাতি দেন, আমি বললাম কেন? তারপর বলল এই যে কাজটা করে দিলাম তখন আমি বললাম এত্তটুকু কাজের জন্য আবার খরচাপাতি দাওয়া লাগবে এটা বলার পর আমার কাজে আর হাত দিলনা। এখন এসব ক্ষেত্রে কি সত্যি টাঁকা দাওয়া লাগে।
<u>উত্তর:</u> আপনার প্রশ্নটি ঠিক আইনের কোনো ব্যাখ্যা-বিশ্লেষণ সংক্রান্ত নয়। আপনার ফরম পূরণ করার প্রাথমিক দায়িত্ব আপনার। তবে, অফিসারদের দায়িত্ব আপনাকে সব ধরনের দাপ্তরিক সহায়তা করা। ভ্যাট অফিসে কেউ যদি আপনাকে কোন অন্যায়, অনৈতিক কোনো কিছু বলে থাকে তাহলে আপনি তার উর্ধতন কর্মকর্তার কাছে অভিযোগ করতে পারেন। ভ্যাট রেজিস্ট্রেশন নেয়ার জন্যে কোনো ফি দিতে হয় না।

প্রশ্ন-১৪২: আমদানি করার জন্য আমার ভ্যাট Certificate দরকার। আমি ২.১ ফরমে আবেদন করার পর আমাকে তালিকাভুক্তির Certificate দিয়েছে এখন আমি কি করতে পারি?
<u>উত্তর:</u> আপনি যখন আবেদন করেছিলেন তখন আপনার বার্ষিক টার্নওভার উল্লেখ করেছিলেন ৮০ লাখ টাকা বা তার কম সেজন্যে আপনাকে টার্নওভার করের আওতায় তালিকাভুক্তিপত্র দিয়েছে। এটি সংশোধন করে আপনাকে ভ্যাটের আওতায় নিবন্ধন নিতে হবে।

প্রশ্ন-১৪১: আমার দুটি সহযোগী প্রতিষ্ঠান, একটি নারায়ণগঞ্জ অপরটি কুমিল্লা, একই প্রডাকশন, কিন্তু টিন সার্টিফিকেট, হিসাব রক্ষন আলাদা আলাদা, এখন কুমিল্লায় যেটা বিক্রি হয় সেটা নারায়ণগঞ্জ এনে ৪% ট্রেডিং বিজনেস করা হয়, কারন নারায়ণগঞ্জ এর প্রতিষ্ঠান কুমিল্লার ঐ পণ্য তৈরি করে না, নতুন আইনে এখন, কুমিল্লা যেহেতু ট্রেডিং বিজনেস করে/নারায়ণগঞ্জ পাঠায়, মানে কুমিল্লার সহযোগী প্রতিষ্ঠান হল নারায়ণগঞ্জ, এখন নারায়ণগঞ্জ প্রতিষ্ঠান তাদের প্রোডাক্টের সাথে মিলিত করে মাল ডেলিভারি করে এবং ট্রানজেকশন গুলো নারায়ণগঞ্জেও হয়, এ ক্ষেত্রে কুমিল্লার যে মাল গুলো এনে নারায়ণগঞ্জে আনা হয় এক্ষেত্রে তার বিজনেস টা কিরুপ হবে, নতুন আইনে বলা হয়েছে, সহযোগী প্রতিষ্ঠান কোন শাখা হলে ৬.৫ মুসক দিয়ে মাল টা পাঠাবে, তারপর যখন বিক্রি করবে তখন মুসক ৬.৩ দিয়ে বিক্রি করবে, এখন ট্রানজেকশন নারায়ঞ্জঞ্জের ব্যাংক এই করা হবে, এখন কুমিল্লা থেকে নারায়ঞ্জঞ্জের ব্যাংক ট্রানজেকশন কিভাবে হবে? কারন নারায়ণগঞ্জ যে প্রতিষ্ঠান সেও কিছু মাল বিক্রি করবে ট্রেডিং খাতে সে নিজের কিছু মাল দিয়ে ডেলিভারি দেবে। এখন কুমিল্লা যে মুসক ৬.৪/৬.৫ দিয়ে পাঠিয়েছে (যেটার কোন ট্যাক্স নাই) এখন কুমিল্লার কি ভ্যাট

রেজিস্ট্রেশান করতে হবে নাকি নারায়ঙ্গঞ্জের যে প্রতিষ্ঠান আছে সেটার সাথে অ্যাড হয়ে যাবে? যেখানে দুইটার ট্রানজেকশন সম্পূর্ণ আলাদা। আরেকটা প্রশ্ন, নারায়ঙ্গঞ্জের যে প্রতিষ্ঠান সেটা উৎপাদনকারী এখন সেটা যদি মুসক ৬.৫ দিয়ে পাঠায় আমার কাছে তাহলে একত্র করেও তো আমি সেটা বিক্রি করতে পারি, এখন নতুন আইনের ক্ষেত্রে এটা নিয়ে কোন জটিলতা আছে কিনা?
উত্তর: বর্তমানে একটি কোম্পানী রেজিস্ট্রেশনের বিপরীতে একটি টিআইএন এবং একটি বিআইএন হবে। টিআইএন একটিই হয়। এযাবৎ বিআইএন একাধিক হতো। নতুন আইনে আপনার কোনো সমস্যা হবে না বলে মনে হয়। আপনার যদি আরজেএসসি-তে রেজিস্ট্রেশন একটি হয়ে থাকে তাহলে একটি বিআইএন নিতে হবে। দুটি প্রতিষ্ঠান একটি প্রতিষ্ঠান হিসাবে গণ্য হবে। দুটি প্রতিষ্ঠানের মধ্যে পণ্যের গমণাগমণ ভ্যাটমুক্ত। দুটি স্থান থেকেই পণ্য বিক্রি করা যাবে। তবে, টিআইএন একটি করতে হবে। তবে, আপনি যদি চান যে দুটি প্রতিষ্ঠান আলাদা করে রাখবেন সেক্ষেত্রে দুটি আলাদা টিআইএন এবং দুটি আলাদা বিআইএন করতে হবে।

প্রশ্ন-১৪০: আমাদের শিপিং এজেন্সি আছে আমাদের ফরেন শিপিং এর ক্ষেত্রে ভ্যাট ঠিকাছে। কিন্তু লোকালি যে শিপিং 'র কাজ করি সেক্ষেত্রে ভ্যাট এর নিয়মটা কি। coastal agreement অনুযায়ী commission এর উপর ভ্যাট কাটব নাকি branch instruction অনুযায়ী ফরেইন কারেন্সিতে ১০০০ইত্যাদি ডলা $৫০০০/র কারেন্সিতে ভ্যাট কাটব।
উত্তর: প্রশ্নটি বোধগম্য হলো না। শিপিং এজেন্ট যে কমিশন পায় তার উপর ভ্যাট পরিশোধ করতে হয়। তবে, কয়েকটি ক্ষেত্রে শিপিং এজেন্টের ভ্যাট মওকুফ আছে যা মূলত রপ্তানির সাথে সংশ্লিষ্ট। আপনার যা প্রাপ্তি তার ওপর ভ্যাট পরিশোধ করতে হবে।

প্রশ্ন-১৩৯: আমি জানতে চাচ্ছিলাম যে, আমি গাড়ী আমদানি করে আমার নিজের বাড়ীতে গাড়ীগুলি ডিসপ্লে করবো এবং বিক্রি করবো এক্ষেত্রে আমার সাথে আমার আরো দুইজন পার্টনার থাকবে এবং আমি আমার পার্টনারদের কাছ থেকেও কোনো ভাড়া নিচ্ছি না সেক্ষেত্রে আমাকে কি ভ্যাট দিতে হবে এবং যদি ভ্যাট দিতে হয় সেক্ষেত্রে আমি কত টাকার উপর ভ্যাট দিবো কারন আমার তো এই ভাড়ার পরিমান ঠিক করা নেই , নতুন আইনের যে ফরম সেগুলি আমি কোথায় পাবো ।
উত্তর: যেহেতু শো-রুম আপনার নিজের। আপনি ভাড়া দিচ্ছেন না। তাই, এখানে বাড়ি ভাড়ার উপর ভ্যাট হবে না। কিন্তু গাড়ি বিক্রির উপর ভ্যাট পরিশোধ করতে হবে। ব্যবসায়ী স্তরে কয়েকটি পদ্ধতিতে গাড়ির ভ্যাট পরিশোধ করা যায়। তা আপনাকে জানতে হবে।

প্রশ্ন-১৩৮: আমি একজন যোগানদার আমি ঢাকা ইপিজেড কোম্পানিতে প্রোডাক্ট সরবরাহ করি যারা সম্পূর্ণরূপে ১০০% এক্সপোর্ট ওরিয়েন্টেড কোম্পানি তারা আমার সরবরাহের উপর কোনো ভ্যাট দিচ্ছে না এমনকি ফরেইন ট্রানজেকশন এর মাদ্ধমেও লেনদেন করছেন না, কিন্তু আমি যখন কিনছি তখন আমি ভ্যাট পে করে কিনছি এক্ষেত্রে রেয়াত পাওয়ার নিয়মটি কি?
উত্তর: শতভাগ রপ্তানিমুখি প্রতিষ্ঠানের ক্ষেত্রে যোগানদার সেবার ভ্যাট মওকুফ করা আছে। তবে, আপনি ভ্যাট পরিশোধ করে কিনবেন এটাই স্বাভাবিক। আপনি কেনার সময় যে ভ্যাট পরিশোধ করে কিনেছেন আপনার জন্য সে ভ্যাট মওকুফ করা নেই। রেয়াত হলো সরবরাহের উপর ভ্যাট পরিশোধ করলে উপকরণের ভ্যাট রেয়াত পাওয়া যায়। আপনার সরবরাহের ওপর ভ্যাট নেই। তাই, আপনি রেয়াত পাবেন না।

প্রশ্ন-১৩৭: পাওয়ার প্ল্যান্টের পানি পরীক্ষা করা হয়েছে ঢাকা ভার্সিটির ল্যাব এ । এখন এক্ষেত্রে ভ্যাট এর নিয়মটা কী?
উত্তর: এই সেবার ওপর ১৫ শতাংশ হারে ভ্যাট প্রযোজ্য আছে। এই সেবার শিরোনাম হলো জরিপ সংস্থা সেবা। এই সেবার ক্ষেত্রে ভ্যাট উৎসে কর্তনযোগ্য। ঢাকা ভার্সিটি পানি পরীক্ষা করার জন্য বিল নেবে। ধরুন ওই বিলের পরিমাণ ১ লাখ টাকা। এর ওপর ভ্যাট হবে ১৫ হাজার টাকা। এই সেবা যিনি নিয়েছেন তিনি মোট ১ লাখ ১৫ হাজার টাকা তার ফান্ড থেকে বরাদ্দ করবেন। তিনি যদি উৎসে ভ্যাট কর্তনকারী হন তাহলে ১ লাখ টাকা ঢাকা ভার্সিটিকে প্রদান করবেন আর ১৫ হাজার টাকা ভ্যাট খাতে জমা দেবেন। তিনি যদি উৎসে ভ্যাট কর্তনকারী না হন তাহলে ১ লাখ ১৫ হাজার

টাকা ঢাকা ভার্সিটিকে প্রদান করবেন। ঢাকা ভার্সিটি ১ লাখ টাকা সেবামূল্য রেখে দেবে। ১৫ হাজার টাকা ভ্যাট সরকারি খাতে জমা দিয়ে দেবে।

প্রশ্ন-১৩৬: আমি একটি বাসায় আবাসিকভাবে বসবাস করি, এবং আমাদের সমাজকল্যাণ মূলক একটি ফাউন্ডেশন রয়েছে এবং উক্ত বাসায় আমরা কিছু বৃদ্ধদের পুনর্বাসন কার্যক্রম পরিচালনা করে থাকি, কিন্তু কার্যক্রম টি সম্পূর্ণ অলাভজনক, এবং আমরা নিজেদের পকেটের টাকা দিয়ে উক্ত সমাজকল্যাণমূলক কার্যক্রম টি চালিয়ে থাকি। এখন এই বাসার উপর ভ্যাট হবে কিনা?

উত্তর: আপনার বর্ণিত ক্ষেত্রে বাড়ি ভাড়ার ভ্যাট পরিশোধ করতে হবে। বাড়ি ভাড়ার ভ্যাট হলো বাড়ি ভাড়ার উপর ভ্যাট। ভাড়াটিয়াকে ভ্যাট পরিশোধ করতে হবে। তবে, তিনটি ক্ষেত্রে বাড়ি ভাড়ার ভ্যাট মওকুফ করা আছে। যথা:- (১) সম্পূর্ণ আবাসিক প্রয়োজনে বাড়ি ভাড়া নেয়া; আমরা বসবাসের জন্য যে ভাড়া নিয়ে থাকি। (২) ১৫০ বর্গফুট বা তার কম বাণিজ্যিক স্থান ভাড়া নেয়া। এখানে মূলত ছোটো দোকান বুঝানো হয়েছে। (৩) নিবন্ধিত উৎপাদন স্থান ভাড়া নেয়া। এর বাইরে যেকোনো প্রকার বাড়ি ভাড়ার উপর ভ্যাট পরিশোধ করতে হবে।

ভ্যাট আইনের দ্বিতীয় তফসিল অনুসারে বয়স্ক নিবাস/পুনর্বাসন কেন্দ্র ও চাইল্ড কেয়ার প্রতিষ্ঠান কর্তৃক প্রদত্ত সেবা ভ্যাটমুক্ত। অর্থাৎ ওইসব প্রতিষ্ঠান যে সেবা প্রদান করে তা ভ্যাটমুক্ত। ওইসব প্রতিষ্ঠান যেসেবা গ্রহণ করে তা ভ্যাটমুক্ত নয়।

প্রশ্ন-১৩৫: প্রজেক্টের কারনে আমরা সফরে গিয়েছিলাম ।সফরে যাওয়া বাবদ যে খরচ হয়েছে তার অপর কি ভ্যাট হবে।

উত্তর: আপনার প্রশ্নটি বিস্তারিত জানা প্রয়োজন। যেমন: দেশে গিয়েছিলেন না বিদেশে গিয়েছিলেন। খরচ কি অফিস বহন করছে? আপনি খরচ করে আসার পর অফিস খরচ দেবে না-কি অফিস থেকে আগেই খরচের অর্থ আপনাকে দেয়া হয়েছে? আপনি কোন কোন খাতে খরচ করেছেন? খরচের স্বপক্ষে ভ্যাট চালানপত্র আছে কি? ইত্যাদি বিষয় জানা গেলে আইনসঙ্গত উত্তর দেয়া সম্ভব হবে।

প্রশ্ন-১৩৪: ২০১২ আইনে এর ১৫ জুলাই থেকে যে ১৫% ভ্যাট নির্ধারণ করা হয়েছে এটা কোথায় বলা হয়াছে এর ধারা কত?

উত্তর: নতুন ভ্যাট আইন অনুসারে ১ জুলাই, ২০১৭ তারিখ থেকে সব ক্ষেত্রে ১৫ শতাংশ ভ্যাট চালু হবে। শুধুমাত্র আবাসিক ভবন বিক্রির ক্ষেত্রে ভ্যাটের হার হবে ৭.৫ শতাংশ। নতুন ভ্যাট আইনের ধারা ১৫(৩) এ ১৫ শতাংশ ভ্যাটের হার উল্লেখ আছে।

প্রশ্ন-১৩৩: আমরা আজকের তারিখে পন্য ডেলিভারী করতে চেয়েছিলাম। কিন্তু কাটাছেড়া হওয়ার কারনে ওই চালানটা আর কাস্টোমারকে দিতে পারিনি। তাই পরবর্তী নাম্বারের চালানটা ব্যবহার করেছি। আমরা মাসিক যে রিটার্ন সাবমিট করি, যে চালান পেপারটি বাতিল হয়ে গেছে সেটা কি রিটার্ন পেপারের সাথেই কি সাবমিট করতে হবে, নাকি আমরা এটা সংরক্ষন করে রাখবো? এক্ষেত্রে আমাদের কি কি করনীয় আছে?

উত্তর: আপনার ভ্যাট চালান যদি কাটা-ছেড়া হয় তাহলে সেটা বাতিল করতে হবে। তিনটি চালানেই “বাতিলকৃত“ লিখতে হবে। দ্বিতীয় চালানটি ভ্যাট সার্কেলে পাঠাতে হবে। প্রথম এবং তৃতীয় চালানটি চালান বইয়ে সংযুক্ত অবস্থায় রাখতে হবে।

প্রশ্ন-১৩২: আমি ঢাকা ওয়াসা থেকে বলছি আমরা ভ্যাট অনলাইন প্রোজেক্টে অন্তর্ভুক্ত হতে চাচ্ছিলাম আমাদের ডেকেছিলো কয়েকবার আমরা আপনাদের বিভিন্ন কর্মশালায় গিয়েছিলাম কিন্তু আপনাদের সাথে সংযোগ হইতে পারিনি আমাদেরকে পরে জানানো হল যে আমাদের ওনারা এই ব্যাপারে পরে জানাবে এইরকম সরকারি কয়েকটি প্রতিষ্ঠান বাকি ছিল এখন আমি জানতে চাচ্ছিলাম আমাদেরকে কি ডাকার সম্ভবনা আছে কি না বা কবে ডাকতে পারে এই ব্যাপারে আপনারা আমি জানতে চাচ্ছিলাম ।

উত্তর: আপনি সম্ভবত নতুন ভ্যাট আইনের আওতায় রেজিস্ট্রেশন নেয়ার বিষয়ে বলেছেন। রেজিস্ট্রেশন এখন অনলেইনে নেয়া যাচ্ছে। অনলাইন চালু হওয়ার আগে বড় বড় প্রতিষ্ঠানকে ভ্যাট অনলাইন প্রজেক্টে ডেকে রেজিস্ট্রেশন দেয়া হয়েছে। এখন আর তা দেয়া হচ্ছে না। আপনি নিজে নিজে অনলাইনে রেজিস্ট্রেশন নিতে না পারলে ভ্যাট সার্ভিস

সেন্টারে যেয়ে স্টাফদের সাহায্য নিয়ে রেজিস্ট্রেশন নিতে পারবেন। অথবা আপনি ভ্যাট বিভাগীয় অফিস বা কমিশনারেট অফিসে হার্ডকপি রেজিস্ট্রেশনের আবেদন জমা দিয়েও নতুন ভ্যাট আইনের আওতায় রেজিস্ট্রেশন নিতে পারবেন।

প্রশ্ন-১৩১: আপনাদের একটা সার্কুলার হয়েছে গনবিজ্ঞপ্তি হিসেবে পত্রিকায়। সেখানে আপনার বলেছেন চলতি হিসেবের টাকাটা জুনের মধ্যে সমন্বয় করে সব শূণ্যে নামিয়ে আনতে। এখন আমি শূণ্যের কোঠায় কিভাবে নামিয়ে আনবো। এখন আমার তো কোনো বকেয়া নেই। আমি ট্রেজারি দিচ্ছি ২০০০০ টাকা, আমার ভ্যাট হচ্ছে ১৭০০০। তাহলে আমার ৩০০০ টাকা করে জমা হচ্ছে। কিন্তু আপনারা বলেছেন বিজ্ঞপ্তিতে শূন্যের কোঠায় নামিয়ে আনতে। এখন আমি এটা কিভাবে নামাবো। আমি কি ট্রেজারি কম দেখাবো এবং আপ সেলস বেশি দেখাবো। এখন আমি কিভাবে কমাবো সে ব্যাপারে আপনাদের পরামর্শ চাচ্ছি।
উত্তর: আপনার যদি বর্তমানে ভ্যাট ব্যালান্স থাকে তাহলে প্রতি মাসে আপনার যা প্রদেয় হয় তার চেয়ে কম ট্রেজারি জমা করবেন। অর্থাৎ বর্তমান ব্যালান্স থেকে প্রদেয় বিয়োগ করবেন। তাহলে আপনার ভ্যাট ব্যালান্স কমতে থাকে। এভাবে কমতে কমতে একসময় শূন্য হয়ে যাবে। আগামী জুনের মধ্যে আপনি চেষ্টা করবেন ভ্যাট ব্যালান্স শূন্য করে ফেলার জন্য। যদি কোনো কারণে শূন্য না হয়, তাহলেও সমস্যা নেই। ১ জুলাই তারিখের পূর্বে আপনাকে ভ্যাট অফিস থেকে ব্যালান্সের একটি সার্টিফিকেট নিয়ে রাখতে হবে। জুলাই-২০১৭ মাস থেকে আপনি ওই ব্যালান্স থেকে প্রদেয় ভ্যাটের ১০ শতাংশ করে বিয়োগ করতে পারবেন। এভাবে বিয়োগ করতে করতে এক সময় ব্যালান্স শূন্য হয়ে যাবে।

প্রশ্ন-১৩০: আমি প্যাকেজ ভ্যাট দেই, এবং স্বপ্ন কে পণ্য সরবরাহ দেই। স্বপ্ন একটি পাবলিক লিমিটেড কোম্পানি যারা উৎসে কর কর্তন করে। কিন্তু নিয়ম অনুযায়ী স্বপ্ন ভ্যাট রেজিসটার্ড কারো থেকে বেতিত কোন পণ্য কেনার নিয়ম নেই, তবুও নিজেদের মধ্যে আলোচনা করে আমি "স্বপ্ন" কে পণ্য সরবরাহ করে যাচ্ছি। কিন্তু যেখানে আমি প্যাকেজ ভ্যাট দেই এবং প্যাকেজ ভ্যাট ব্যবসায়িরা ভ্যাট আদায় করতে পারে না, তাহলে "স্বপ্ন" ৪% করে কেন উৎসে ভ্যাট কর্তন করেই যাচ্ছে? উৎসে ভ্যাটের মূলনীতি হল, যারা নিবন্ধিত ব্যবসায়ী হিসেবে ভ্যাট আদায় করে তারা যদি উৎসে কর্তনকারী প্রতিষ্ঠান কে সরবরাহ দেয় তাহলে উৎসে কর কর্তন কারী প্রতিষ্ঠান সেই ভ্যাট টা নিজেরাই কেটে রেখে দিবে। কিন্তু যেখানে আমি স্বপ্ন থেকে সরবরাহের ওপর কোন ভ্যাট আদায় করছি না, তাহলে স্বপ্ন কিভাবে উৎসে কর কেটে রাখে?
উত্তর: আপনার ওপরের বক্তব্য সম্পূর্ণ সঠিক নয়। প্যাকেজ ভ্যাটের আওতাভুক্ত প্রতিষ্ঠান থেকে ক্রয় করলে যোগানদার হিসেবে ৫ শতাংশ ভ্যাট উৎসে কাটতে হবে। কারণ, প্যাকেজ ভ্যাটের যে বার্ষিক টার্নওভার তা সাধারনত প্রতিষ্ঠানসমূহ অতিক্রম করে যায়। ঢাকায় প্যাকেজ ভ্যাটের বার্ষিক টার্নওবার হবে কমবেশি বছরে ৭ (সাত) লাখ টাকা। আপনি বলুন আপনি কি বছরে সর্বমোট ৭ লাখ টাকার পণ্য বিক্রি করেন। নিশ্চয়ই নয়। তাই, আপনি প্যাকেজ ভ্যাট সুবিধা পাওয়ার যোগ্য নন। তাই, আপনার বিক্রি থেকে ৫ শতাংশ ভ্যাট উৎসে কাটতে হবে।

প্রশ্ন-১২৯: আমার ঠিকাদারি আছে। এখন আমাদের ভ্যাট বিলের সাথে নিয়া যাই। আমার সরবরাহ হবে জুলাই এ আর টেন্ডার টা হবে মে তে, তখন তো সরকারি নির্দেশনা পাবনা কারন জুনে বাজেট হবে আর টেন্ডার টা হবে মে তে। আর আমি রেটকড করতে হয় ৬ মাসের জন্য। এখন কি করব?
উত্তর: ১ জুলাই, ২০১৭ তারিখে নতুন ভ্যাট আইন চালু হবে। নতুন ভ্যাট আইনের ক্ষেত্রে উৎসে ভ্যাট কর্তন আগের মত নেই। বর্তমানে অনেক ক্ষেত্রে উৎসে ভ্যাট কাটতে হয়। ১ জুলাই তারিখ থেকে সেসব নিয়ম থাকবে না। তবে, যেসব টেন্ডার ৩০ জুন তারিখের আগে হবে, সেসব বিষয়ে আশা করি জাতীয় রাজস্ব বোর্ড একটি নির্দেশনা দেবে।

প্রশ্ন-১২৮: English Medium School এর টিউশন ফি এর উপর কোন সুনির্দিষ্ট সিধান্ত আসছে কি?
উত্তর: মাননীয় হাইকোর্ট ইংলিশ মিডিয়াম স্কুলের উপর থেকে ভ্যাট না নেয়ার আদেশ দিয়েছিল। তার বিরুদ্ধে সরকার মাননীয় আপীল বিভাগে আপীল দায়ের করে। আপীলেও সরকার হেরে গেছে বলে মৌখিকভাবে জানা গেছে। আদেশের কপি পেলে বুঝা যাবে। খুব সম্ভবত, ইংলিশ মিডিয়াম স্কুলের ওপর ভ্যাট থাকছে না।

প্রশ্ন-১২৭: আমরা সরকারী কলেজের জন্য বই কিনবো স্থানীও দোকান থেকে, সেক্ষেত্রে বই এর উপর কত হারে ভ্যাট হবে?

উত্তর: এক্ষেত্রে যোগানদার সেবা হিসেবে ৫ শতাংশ ভ্যাট উৎসে কাটতে হবে। যদি দোকান ব্যবসায়ী হিসেবে ভ্যাট চালান ইস্যু করে তাহলে কোন ভ্যাট কাটতে হবে না। কিন্তু এ ধরনের দোকান সাধারণত কোনো ভ্যাট চালান ইস্যু করে না। তাই, ৫ শতাংশ ভ্যাট কাটতে হবে। ৫ শতাংশ ভ্যাট মূল্য থেকে কাটবেন নাকি অতিরিক্ত দেবেন তা ক্রেতা এবং বিক্রেতার সমঝোতার বিষয়।

প্রশ্ন-১২৬: রেন্ট এ কার ব্যবশায় অভারটাইম ও ট্যুর এলয়েন্স কাজে ব্যবহার হলে ভ্যাট কত?
উত্তর: আপনার প্রশ্নটি পরিষ্কারভাবে বোধগম্য হলো না। আমাদের দেশের বর্তমান ভ্যাট ব্যবস্থায় রেন্ট-এ-কার হলো একটি সেবার নাম। এ সেবার একটি সংজ্ঞা রয়েছে। সংজ্ঞাটি নিম্নরূপ:
"যানবাহন ভাড়া প্রদানকারী" অর্থ এমন কোন ব্যক্তি, প্রতিষ্ঠান বা সংস্থা যিনি বা যাহারা বাণিজ্যিক ভিত্তিতে পণের বিনিময়ে সরকারী, আধা-সরকারী, স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠান, বেসরকারী সংস্থা (এনজিও), ব্যাংক, বীমা বা অন্য কোন আর্থিক প্রতিষ্ঠান, লিমিটেড কোম্পানী, ১(এক) কোটি টাকার অধিক বার্ষিক টার্নওভারযুক্ত প্রতিষ্ঠান বা শিক্ষা প্রতিষ্ঠানকে কার (ট্যাক্সিক্যাব ব্যতীত), জীপ, মাইক্রোবাস, বাস, কোষ্টার, মিনিবাস, ট্রেন, লঞ্চ, স্পীডবোট, ট্রলার বা অনুরূপ যে কোন নামের বা ধরনের স্থলযান বা জলযান ভাড়া প্রদান করেন। যদি কারো কাজ ওই সংজ্ঞার আওতায় পড়ে তাহলে তার ওপর ভ্যাট প্রযোজ্য হবে। ওই সেবা কোথায় দেয়া হয়েছে তা মূল বিষয় নয়।

প্রশ্ন-১২৫: ইংলিশ মিডিয়াম এ ভ্যাট এর নিয়ম কি এটা কি স্কুল অথরিটি দিবে নাকি স্টুডেন্ট দিবে। কিন্তু জানা মতে ভ্যাট স্কুল অথরিটি পক্ষ দিবে। কিন্তু ভ্যাট স্কুল অথরিটি পক্ষ স্টুডেন্ট এর নিকট থেকে নিচ্ছে । এখন কি করব
উত্তর: ভ্যাট এর প্রধান চেতনা হলো ভ্যাট দেবে ভোক্তা। পণ্য বা সেবার ভোক্তা। এখানে স্কুল সেবা দেয়, ছাত্র সেবা নেয়। তাই, ছাত্রকে ভ্যাট দিতে হবে। স্কুল ছাত্রের নিকট থেকে ভ্যাট নিয়ে সরকারকে দিয়ে দেবে।

প্রশ্ন-১২৪: একটি বিষয় যদি ওষুধ কোম্পানি থেকে ডিপোতে প্রডাক্ট শিফট করলে বিক্রয় চালান দেখাব নাকি ডিপো থেকে ফার্মেসীতে শিফট করলে বিক্রয় চালান দেখাব।
উত্তর: ঔষধের ক্ষেত্রে ব্যবসায়ী স্তরে কোনো ভ্যাট নেই। প্রকৃত অর্থে ব্যবসায়ী স্তরের ভ্যাট উৎপাদন স্তরে আদায় করে নেয়া হয়। তাই, উৎপাদন স্থান থেকে ভ্যাট চালানসহ ডিপোতে ঔষধ পাঠাতে হবে। ডিপো থেকে ফার্মেসীতে পাঠানোর সময় আর ভ্যাট চালান দরকার হবে না। তখন আপনার নিজস্ব চালানে পাঠাতে পারেন।

প্রশ্ন-১২৩: ভ্যাটের নতুন আইন টি যে ২০১৭-২০১৮ অর্থবছরে চালু হতে যাচ্ছে সেটির সরকারী ডিক্লেয়ারেশন কোথা থেকে পেতে পারি? আমি আমার ক্লায়েন্ট কে সেটি দেখাতে হবে, তাই এই ব্যাপারে সঠিক আদেশনামাপত্র বা রেফারেন্স প্রয়োজন।
উত্তর: অনুগ্রহ করে আপনার ই-মেইল দিন। আমরা আপনার ই-মেইলে উক্ত এসআরওটি পাঠিয়ে দেবো। উক্ত এসআরও অনুসারে ১ জুলাই, ২০১৭ তারিখ হতে নতুন ভ্যাট আইন বাস্তবায়ন হবে।
প্রশ্ন-১২২: আমি বাসা ভাড়ার উপর ভ্যাট দেই। এখন আয় কম। আমরা চাচ্ছি সার্ভিস চার্জ করে আয় বাড়াতে। এখন সার্ভিস চার্জ এর উপর ও কি ভ্যাট দিতে হবে?
উত্তর: হ্যাঁ, সার্ভিস চার্জের ওপর ভ্যাট আছে। ভ্যাটের হার ১৫ শতাংশ।

প্রশ্ন-১২১: আমার একটি ইটের ভাটা ছিল বর্তমানে ঐ ভাটাটি বন্ধ আছে আমি ভাটা চলাকালীন অবস্থায় ৫ ,৬ বছরের ভ্যাট দেই নাই এখন আমার বিরুদ্ধে মামলা করা হয়েছে ভ্যাট এবং ভ্যাটের সুদ পরিশোধ করার জন্য ,আমি জানতে চাচ্ছিলাম যে সুদ মওকুফের কোন নিয়ম আছে কি না?
উত্তর: দুঃখিত। ভ্যাট আইনে সুদ মাফ করার কোনো বিধান নেই। আপনি যদি একবারে পরিশোধ করতে না পারেন তাহলে কমিশনারের কাছে আবেদন করলে কমিশনার ৬ মাসর কিস্তি করে দিতে পারেন।

প্রশ্ন-১২০: আমি জানুয়ারির শেষ সপ্তাহের দিকে পানি বিশুদ্ধ করার টিপি ফিল্টার মেশিন দিয়ে পানি বিশুদ্ধকরনের ব্যবসা শুরু করেছি। আজ কিছু মুসক গোয়েন্দা এসে আমার রেজিস্টার খাতা ও মেশিনারিজ আটক করে মুসক ৫ অনুলিপি প্রদান করেছে। তাদের সাথে কথপকতনের মাধ্যমে যা বুঝতে পারলাম, এই ব্যবশার জন্য আমার অনুমুতি নেয়া হয়নি তাই এভাবে আমার যন্ত্রপাতি বাজেয়াপ্ত করা হয়েছে। এখন ব্যাপারটি হল, আমার বাৎসরিক সেলস ৩০ লক্ষ

অতিক্রম করেনি, আমার রেজিস্ট্রেশান ও প্রয়োজন নেই তাহলে, আমি কি করতে পারি এক্ষেত্রে। বা আমার মালামাল বাজেয়াপ্ত করার পেছনে যৌক্তিক কি কারন আছে? বা আদৌ আমার উৎপাদন করার সময় কোন অনুমুতির দরকার ছিল কিনা?

উত্তর: পানি উৎপাদনের ওপর ভ্যাট আছে। বর্তমানে অনেক কোম্পানি পানি উৎপাদন করে বিক্রি করে তা ভ্যাটযুক্ত। পানি উৎপাদন বলতে পানি প্রস্তুত করা বুঝায় না। পানি যে কোনো পদ্ধতিতে শোধন করে বিক্রি করা আমাদের দেশের ভ্যাট ব্যবস্থায় উৎপাদন বলে বিবেচনা করা হয়। ৩০ লক্ষ টাকা সীমা ভ্যাটমুক্ত বলে আপনি উল্লেখ করেছেন, তা বর্তমান আইন অনুসারে নয়। তা হলো নতুন ভ্যাট আইন অনুসারে যা ১ জুলাই, ২০১৭ তারিখ থেকে চালু হবে। বর্তমানে ১৯৯১ সালের ভ্যাট আইন চলছে। এসব বিষয়গুলো ওই অফিসারদের সাথেও আপনি আলাপ করতে পারেন। ভ্যাটযোগ্য কোনো পণ্য উৎপাদন করতে হলে ভ্যাট সংক্রান্ত যাবতীয় নিয়ম-কানুন পালন করতে হবে।

প্রশ্ন-১১৯: টেন্ডার আমাদের আন্সার ক্যাম্পে মুসর ডালের সরবরাহ করেছে, উক্ত সরবরাহ কত হারে ভ্যাট প্রযোজ্য হবে? মুসর ডাল কি মৌলিক খাদের উপর পরে কিনা? যতটুকু জানি মৌলিক খাদের সরবারহ তফসিল ১ দ্বারা অব্যাহতি প্রাপ্ত।

উত্তর: মসুর ডালের ওপর ভ্যাট নেই। তাই, আপনারা টেন্ডারের মাধ্যম যে মসুর ডাল কিনেছেন তার ওপর কোনো ভ্যাট কাটতে হবে না। সব মূল্য আপনারা টেন্ডারদাতাকে পরিশোধ করে দেবেন।

প্রশ্ন-১১৮: আমি ২০১২ আইনে সেকশন C তে বলা আছে সম্বলিত কর চালান পত্র ও উৎসে কর কর্তন সনদপত্র। এখন সম্বলিত কর চালান পত্র বলে কোন কর চালান পত্র পাচ্ছিনা। ২য় প্রশ্ন উৎসে কর কর্তন কারি সত্বা ব্যাতিত কোন নিবন্ধিত ব্যাক্তি উৎসে কর সত্বার নিকট কোন সরবারহ করে প্রদান করে তিনি উক্ত যে তারিখে মুশক প্রদেও হয় সে তারিখে বা তার পূর্বে নির্ধারিত তথ্য সম্বলিত ফরমেট কর চালান পত্র ও উৎসে কর কর্তন সনদপত্র ইস্যু করবে। এটার মানেটা একটু বুঝিয়ে বলবেন।

উত্তর: এ বিষয়ে সাধারণ কথা হলো নতুন ভ্যাট আইন অনুসারে শুধুমাত্র একটি ক্ষেত্রে উৎসে ভ্যাট কর্তন করতে হবে। সে ক্ষেত্রটি হলো যখন উৎসে ভ্যাট কর্তনকারী সত্তা নয় এমন কোনো সত্তা উৎসে ভ্যাট কর্তনকারী সত্তার কাছে সরবরাহ দেবে তখন উৎসে ভ্যাট কর্তন করতে হবে। একটি উদাহরণ দিয়ে বিষয়টি স্পষ্ট করা যায়। মেসার্স হামিদ এন্টারপ্রাইজ উৎসে ভ্যাট কর্তনকারী সত্তা নয়। ঢাকা বিশ্ববিদ্যালয় উৎসে ভ্যাট কর্তনকারী সত্তা। মেসার্স হামিদ এন্টারপ্রাইজ ঢাকা বিশ্ববিদ্যালয়ে কোনো ভ্যাটযোগ্য সরবাহ দিলে সরবরাহের সাথে স্বাভাবিকভাবেই ভ্যাট চালান দেবে। ভ্যাট চালানে উৎসে কর্তনযোগ্য ভ্যাট এক-তৃতীয়াংশ উল্লেখ থাকবে। মেসার্স হামিদ এন্টারপ্রাইজ যে পদ্ধতিতে ভ্যাট পরিশোধ করে সে পদ্ধতিতে সব ভ্যাট পরিশোধ করে দেবে। ঢাকা বিশ্ববিদ্যালয় যখন মূল্য পরিশোধ করবে তখন এক-তৃতীয়াংশ ভ্যাট উৎসে কর্তন করবে এবং যথানিয়মে তা সরকারী কোষাগারে জমা দেবে। ঢাকা বিশ্ববিদ্যালয় একটি উৎসে ভ্যাট কর্তন সনদপত্র মেসার্স হামিদ এন্টারপ্রাইজকে পাঠিয়ে দেবে। মেসার্স হামিদ এন্টারপ্রাইজ ঢাকা বিশ্ববিদ্যালয় কর্তৃক উৎসে কর্তনকৃত ভ্যাটের পরিমাণ দাখিলপত্রে হ্রাসকারী সমন্বয় করে নেবে।

প্রশ্ন-১১৭: আমারা ভ্যাট রেজিস্ট্রেশন করেছি। ২.৩ ফ্রম এখন আমি প্রিন্ট দিতে পারছিনা। সেভ করেছি কিন্তু প্রিন্ট করার সময় পাসওয়ার্ড চাচ্ছে।। এখন কিভাবে কি করব বুজছিনা এখন কি পুনরাই সেভ করে ডাউনলড দিলে হবে কি?

উত্তর: এ বিষয়টি সিস্টেম সংক্রান্ত। সিস্টেম সংক্রান্ত সমস্যার সমাধান দেয়ার জন্য ভ্যাট কল সেন্টারে ২ জন সিস্টেম বিশেষজ্ঞ বসার কথা। অনুগ্রহ এ বিষয়টি তাদের সাথে আলোচনা করুন।

প্রশ্ন-১১৬: কমার্শিয়াল ইম্পরটার এর ক্ষেত্রে রিটার্ন দাখিল পদ্ধতিটা কি? সাধারনত প্রতি করমেয়াদের পরবর্তী ১৫ তারিখের মধ্যে রিটার্ন দিতে হয়। এখন কমারশিয়াল ইম্পরটার যদি লাভ নাই করে তাহলে রিটার্ন দাখিলের প্রয়োজনীয়তা আছে কি?

উত্তর: রিটার্ণ দাখিলের সাথে লাভের কোনো সম্পর্ক নেই। প্রকৃতঅর্থে ভ্যাটের সাথে লাভের কোনো সম্পর্ক নেই। লাভ হোক বা না হোক বিক্রি হলেই ভ্যাট পরিশোধ করতে হবে এবং রিটার্ণ দাখিল করতে হবে। রিটার্ণ দাখিল করার জন্য উৎপাদনকারী, ব্যবসায়ী, সেবা প্রদানকারী সবার জন্য রিটার্ণ দাখিল করার পদ্ধতি একই রকম।

প্রশ্ন-১১৫: কমার্শিয়াল ইম্পরটার ২৬.৬৭% পর্যন্ত লাভ না করে, ক্রয় মূল্যেই যদি বিক্রয় করে তাহলে সেটা সম্ভব কিনা? সেক্ষেত্রে পদ্ধতি টা কি? বা সেক্ষেত্রে ঘোষণা দাখিল করতে হবে কিনা?

উত্তর: আমদানি করার পর কোনো লাভ না করে বিক্রি করা সাধারণ ব্যবসায়ীক রীতি-নীতির সাথে সামঞ্জস্যপূর্ণ নয়। আমদানি বলেন আর উৎপাদন বলেন আর ব্যবসা বলেন যে কোনো অর্থনৈতিক কর্মকান্ডের মূল উদ্দেশ্য হলো মুনাফা করা। তবে, কোনো কারণে পুরাতন পণ্য বিক্রি করার প্রয়োজনে বা অন্যবিধ কোনো কারণে কমমূল্যে বিক্রি হতে পারে। সেক্ষেত্রে মূল্য ঘোষণা দিতে হবে না। উপকরণ কর রেয়াত নেয়া যাবে না। যে মূল্যে বিক্রি করবেন সে মূল্যের ওপর ৪ শতাংশ হারে ভ্যাট পরিশোধ করতে হবে।

প্রশ্ন-১১৪: Commercial Space এর জন্য বাড়ি ভাড়া নিলে ভ্যাট বাড়ি ভাড়ার মধ্যে হবে না বাড়ি ভাড়ার উপরে হবে এটা কোন SRO লেখা আছে?

উত্তর: মূল্য এবং ভ্যাট দুটি আলাদা বিষয়। ভ্যাটযোগ্য প্রতিটি পণ্য বা সেবার সরবরাহের ক্ষেত্রে মূল্য এবং ভ্যাট যোগ করলে যা পাওয়া যায় তা হলো ভ্যাটসহ মূল্য। ভ্যাট আইনের মূল চেতনা হলো এই। আইনেই বিষয়টি রয়েছে। এসআরও-তে তা থাকার দরকার নেই। সেবার ক্ষেত্রে সেবার মূল্য কত তা নির্ধারণ করেন ক্রেতা এবং বিক্রেতা। মূল্যের ওপর ভ্যাট আরোপিত হবে – এই হলো ভ্যাটের সাধারণ রীতি। বাড়ি ভাড়ার ক্ষেত্রেও তাই। বাড়ির ভাড়া কত তা বাড়ির মালিক এবং ভাড়াটিয়া নির্ধারণ করবেন। ভাড়ার ওপর অর্থাৎ ভাড়ার অতিরিক্ত ভ্যাট পরিশোধ করতে হবে। বাড়ি ভাড়ার ওপর বর্তমানে ভ্যাটের হার ১৫ শতাংশ। বাড়ি ভাড়ার ক্ষেত্রে ভ্যাট দেবেন ভাড়াটিয়া। বাড়ির মালিকের ভ্যাটের কোনো দায়িত্ব নেই।

প্রশ্ন-১১৩: ১৯৯১ সালের আইনে ট্যুর অপারেটর এর সার্ভিস ভ্যাট অব্যাহতি, কিন্তু কোন বিমান কোম্পানি যদি সার্ভিস দিয়ে থাকে আমাকে, সেটা কি আমি অব্যাহতি পাবো?

উত্তর: বিমান কোম্পানি আপনাকে কি সার্ভিস দিয়েছে তা জানা দরকার। ১৯৯১ সালের আইনে এয়ারলাইন্স সেবা ভ্যাটমুক্ত। এয়ার লাইন্স সেবা হলো বিমানে করে যাত্রী এবং পণ্য পরিবহন করা। কিন্তু কোনো এয়ার লাইন্স যদি রেস্তোরাঁ পরিচালনা করে থাকে এবং আপনি যদি ওই রেস্তোরাঁ থেকে খাবার গ্রহণ করে থাকেন তাহলে তার ওপর ভ্যাট হবে। তাই, সেবাটা কি তা সুনির্দিষ্টভাবে জানা দরকার।

প্রশ্ন-১১২: মুসক ৬.৫ হল পণ্য স্থানান্তরের চালানপত্র কিন্তু আমি যদি ফ্যাক্টরি টু ফ্যাক্টরি কাঁচামাল স্থানান্তর যদি করি তাহলে কোন চালানপত্র ব্যাবহার করবো।

উত্তর: কাঁচামালও ৬.৫ ফরম ব্যবহার করে স্থানান্তর করা যাবে। আসলে ভ্যাট আইনের সংজ্ঞা অনুসারে কাঁচামালও পণ্য। তাই, পণ্য অর্থ কাঁচামাল এবং পণ্য উভয়ই। একই ফরম ব্যবহার করে কাঁচামাল এবং পণ্য উভয়ই এক শাখা থেকে অন্য শাখায় স্থানান্তর করা যাবে।

প্রশ্ন-১১১: ২০০৮-২০০৯ অর্থবছরে মানব সম্পদ সাপ্লাই/লেবার সাপ্লাই এর ওপর কোন ভ্যাট আরোপ করা ছিল কিনা? আমি যতদূর জানি ঐ অর্থবছরের কার্যক্রমে লেবার সাপ্লাই অব্যাহতি ছিল! আর অব্যাহতি থাকলেও সেটি কত দিন পর্যন্ত অব্যাহতি ছিল। আর যদি ভ্যাট আরোপ থাকে তাহলে কবে থেকে কত হারে ভ্যাট আরোপ করা হয়েছে? 2008-2009 সালের ঐ বিলটি আমি এখন ২০১৭ সালে পেয়েছি, এখন এত পূর্বের একটি বিল আমি কি হারে ভ্যাট পরিশোধ করবো?

উত্তর: ২০০৮-০৯ অর্থ-বছরে যে হারেই ভ্যাট প্রযোজ্য থাকুক না কেনো উৎসে ভ্যাট কর্তনের ক্ষেত্রে নিয়ম হলো যখন মূল্য পরিশোধ করা হবে তখনকার ভ্যাটের হার প্রযোজ্য হবে। মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ এর ধারা ৬ এর উপ-ধারা (৪কক)-তে উল্লেখ আছে যে, সেবার মূল্য পরিশোধকালে প্রযোজ্য হারে উৎসে ভ্যাট আদায়/কর্তন করে সরকারি ট্রেজারিতে জমা দিতে হবে। তাই, আপনি আগের যে বিল পেয়েছেন তার ওপর এখনকার হারে ভ্যাট কাটবেন। বর্তমানে মানবসম্পদ সরবরাহ সেবার ওপর ভ্যাটের হার ১৫%।

প্রশ্ন-১১০: 1991 সালের আইনে ত্রান সামগ্রী ও হ্যান্ডলিং পরিবহন এর উপর কত হারে ভ্যাট আরোপ করা হয়েছে?

উত্তর: আপনার প্রশ্ন আমি যতদুর বুঝতে পেরেছি আপনি পরিবহন সেবার ওপর ভ্যাটের হার জানতে চেয়েছেন। পরিবহন ঠিকাদারের ওপর বর্তমানে দুটি ভ্যাটের হার রয়েছে। পেট্রোলিয়ামজাত দ্রব্য পরিবহনের ক্ষেত্রে ৪.৫%। আর

অন্যান্য পণ্য পরিবহনের ক্ষেত্রে ১০%। তবে, খাদ্যশষ্য পরিবহন ভ্যাটমুক্ত। ত্রাণসামগ্রী যদি খাদ্যশষ্য হয়ে থাকে, তবে তা পরিবহনের ক্ষেত্রে ভ্যাট প্রযোজ্য নেই।

প্রশ্ন-১০৯: আমি জানতে চাচ্ছিলাম হেয়ার অইল আর টুথ পাউডার এর উপর ভ্যাট কত %। আরও একটি বিষয় আমি উৎপাদক এখন আমি পনের মূল্য নির্ধারণ করলাম ধরা যাক ১৮০ টাকা আর আমি বিক্রয় করলাম ৪০ টাকা ডিলার এর কাছে এখন কোনটার উপর ভ্যাট ধার্য হবে। আর একটি বিষয় এই ভ্যাট কি শহর পর্যায়ে এক রকম জেলা পর্যায়ে আর এক রকম। আমার ফ্যাক্টরিটি ঢাকার বাইরে। জেলা পর্যায়ে ভ্যাট নিবন্ধন করা যাবে?
উত্তর: উৎপাদন স্তরে ভ্যাট ১৫%। উৎপাদন স্তরে আপনি যে মূল্য ঘোষণা দেবেন সে মূল্যেই আপনাকে বিক্রি করতে হবে। আপনি যদি ঘোষিত মূল্যের চেয়ে কম মূল্যে বিক্রি করতে চান তাহলে তা আগে থেকে পত্রিকায় বিজ্ঞপ্তি দিয়ে জানাতে হবে। এবং ভ্যাট অফিসকে জানাতে হবে। তবে, যে আইটেমের উৎপাদন স্তরে মূল্য ১৮০ টাকা তা ডিলারের কাছে ৪০ টাকায় বিক্রি করা স্বাভাবিক ব্যবসায়ীক রীতি-নীতির সাথে সামঞ্জস্যপূর্ণ হয় না। আপনার প্রশ্নের দ্বিতীয় অংশের উত্তর হলো বিভিন্ন শহরে বিভিন্ন রকম প্যাকেজ ভ্যাট আছে। উৎপাদনকারীর ক্ষেত্রে সারাদেশেই ভ্যাট মূলত ১৫%। তবে, কিছু কিছু প্রতিষ্ঠানের ক্ষেত্রে ৩% টার্নওভার কর প্রযোজ্য আছে। সাধারণত যেসব প্রতিষ্ঠানের বার্ষিক বিক্রির পরিমাণ ৮০ লক্ষ টাকা বা তার কম সেসব প্রতিষ্ঠান ৩% হারে টার্নওভার কর প্রদান করবে। দেশের যেকোনো স্থানেই ভ্যাটের রেজিস্ট্রেশন নেয়া যায়।

প্রশ্ন-১০৮: নিবন্ধন নেওয়া আছে আমার একটা ফার্ম এর উপর। কিন্তু তা রিনিউ করা নাই। আমার আরও ২ ফার্ম আছে ওগুলোতে করা নাই। এখন আমার আমদানি রপ্তানি যে ফার্ম আছে সেটি নিবন্ধন করতে চাচ্ছিলাম তার জন্য ভ্যাট কমিশনার এ গিয়েছিলাম তখন তারা মুশক ৯ এ ট্রান্সফার করতে বলেছে। আর যদি একই নামে রাখতে চাই সব গুলো সেক্ষেত্রে ট্রেড লাইসেন্স পরিবর্তন করতে হবে। সেটা ঝামেলাপূর্ণ তাই বলছিলাম আপনি গাজি ট্রেনিং হাউস আমদানি রপ্তানি নামে করে দেন। তখন তিনি বলল একটা ফ্রম দিয়ে পুরন করার জন্য তখন আমি কিভাবে করব বুজে উঠতে পারছিলামনা। তাকে বললাম কিভাবে করব বলাতে বলল যেভাবে পারেন করেন। পারছিলামনা বলে নিজেই করে দিল এর পর বলল এটা কি আপনি হাতে হাতে পাঠাবেন নাকি আমরা পাঠাব? আমি বললাম যেভাবে ভাল হয় করেন। তারপর তারা ফ্রম ফিলাপ করে বলল খরচাপাতি দেন। আমি বললাম কেন? তারপর বলল এই যে কাজটা করে দিলাম তখন আমি বললাম এত্তটুকু কাজের জন্য আবার খরচাপাতি দেওয়া লাগবে। এটা বলার পর আমার কাজে আর হাত দিলনা। এখন এসব ক্ষেত্রে কি সত্যি টাঁকা দাওয়া লাগে?
উত্তর: ভ্যাট নিবন্ধন নবায়ন করতে হয় না। ভ্যাট নিবন্ধনের আবেদন দাখিল করা আবেদনকারীর দায়িত্ব। নিবন্ধন গ্রহণ সংক্রান্ত বিষয়ে এ যাবৎ বেশ জটিলতা ছিল। সেসবের অনেক কারণ রয়েছে। তবে, আশার কথা হলো, আগামী ১৫ মার্চ তারিখ থেকে অনলাইনে নিবন্ধনের আবেদন করতে হবে। ভ্যাট অফিসে হার্ডকপি আবেদনও দাখিল করা যাবে। এই নতুন সিস্টেমে মূলত কেন্দ্রীয় নিবন্ধন হবে। অর্থাৎ একটি কোম্পানির আওতায় একাধিক প্রতিষ্ঠান থাকলে তার জন্য একটি ভ্যাট রেজিস্ট্রেশন করতে হবে। তাই, আমাদের পরামর্শ হলো আপনি ১৫ মার্চ তারিখের পর ভ্যাট রেজিস্ট্রেশন করুন। তাহলে আপনার একটি রেজিস্ট্রেশন করতে আর কোনো অসুবিধা থাকবে না বলে আশা করি।

প্রশ্ন-১০৭: ১০৭। (ক) একটি সার্ভিসিং কোম্পানি অন্য একটি কোম্পানিকে যখন লিফট, জেনারেটর সার্ভিস প্রদান করছে তখন সার্ভিস গ্রহণকারী প্রতিষ্ঠান উৎসে কর কর্তন করতে পারবে কিন্তু যদি তা না করে সার্ভিস প্রদানকারী প্রতিষ্ঠানটি নিজেরাই সার্ভিস গ্রহণকারী প্রতিষ্ঠানটির নিকট থেকে মুসক ১১ ফরমে ভ্যাট নিতে পারবে কি না ।
(খ) সার্ভিসিং এর কাজে নিয়োজিত কোন প্রতিষ্ঠান মুসক ১৬, ১৭, ১৮ মেইনটেইন করবে কি না ।
(গ) লোকাল মার্কেট থেকে ভ্যাট না দিয়ে ক্রয় করা কোন পার্টস যখন কোন লিমিটেড কোম্পানিতে সরবরাহ করবে তখন সার্ভিসিং কোম্পানিটি কি মুসক ১১ ফরমে ৫% ভ্যাট ক্যালকুলেট করবে?
উত্তর: (ক) উৎসে কর্তন করতে হবে এটাই নিয়ম। নিয়মের বাইরে স্বাধীনমত কোনো কাজ করার অবকাশ নেই।
(খ) যেসব প্রতিষ্ঠান উপকরণ কর রেয়াত নেয়, সেসব প্রতিষ্ঠান মূসক ১৬, ১৭, ১৮ মেইনটেইন করে, তা যে ধরনের প্রতিষ্ঠান হোক না কেনো।
(গ) হ্যাঁ, ৫% ভ্যাট যোগ করতে হবে।

প্রশ্ন-১০৬: আমি একটি ঠিকাদারি প্রতিষ্ঠানে পরিচালনা করি কিন্তু আমার ভ্যাট রেজিস্ট্রেশান থাকলেও ভ্যাটের কোন কার্যক্রম নেই, আমি প্রতি বছরে নবায়ন ও করেছি। কিন্তু ভ্যাট কার্যক্রম না হউয়ায় দাখিল পত্র জমা দেইনি। এখন মিরপুর অফিস থেকে আমাকে ২৫০০০ টাকা দাবি করছে। বেপার হল, আমার কোন ভ্যাট বকেয়াই হয়নি, শুধু দাখিল পত্র জমা দেইনি। এখন আমার ক্ষেত্রে কি ধরনের আইনি বিধান প্রযোজ্য হবে।

<u>উত্তর:</u> এমন অনেক ঠিকাদারি প্রতিষ্ঠান আছে যারা দীর্ঘদিন ধরে কাজ করে ন। সাধারণত জরিমানা করা হয় না। ভ্যাটের রেজিস্ট্রেশন নবায়ন করতে হয় না। আপনি লিখেছেন যে, আপনি রেজিস্ট্রেশন নবায়ন করেছেন সে বিষয়টি কি বুঝতে পারলাম না। আমাদের বর্তমানে প্রায় ৮ লক্ষ ৪০ হাজার ভ্যাট রেজিস্ট্রেশন আছে। কিন্তু দাখিলপত্র দাখিল করে মাত্র ৩৫ হাজারের কাছাকাছি। অর্থাৎ অধিকাংশ প্রতিষ্ঠান দাখিলপত্র দাখিল করে না। এই প্রতিষ্ঠানগুলো হলো ঠিকাদারসহ অনেক প্রতিষ্ঠান যারা রেজিস্ট্রেশন নিয়েছে কিন্তু মাঝে মাঝে কাজ করে; আবার করে না এমন প্রতিষ্ঠান। এসব লক্ষ লক্ষ প্রতিষ্ঠানকে আইন মোতাবেক মামলা করা, জরিমানা করা ইত্যাদি সম্ভব হয়নি। আপনার ক্ষেত্রে কেনো ২৫,০০০ টাকা দাবি করেছে তা আমাদের বোধগম্য হলো না। আপনি অনুগ্রহ করে বিভাগীয় অফিসে বা কমিশনারেট অফিসে যোগাযোগ করে কোনো সিনিয়র অফিসারকে বিষয়টি বলতে পারেন।

প্রশ্ন-১০৫: অব্যাহতি প্রাপ্ত পণ্য আমদানি করতে হলে কি কি মুসক ফর্মের প্রয়োজন হবে?

<u>উত্তর:</u> আমদানির সময় কোনো মূসক ফরমের প্রয়োজন হয় না। আপনি স্বাভাবিকভাবে আমদানি করবেন। যদি আমদানি পণ্যের ওপর ভ্যাট থেকে থাকে তাহলে আমদানি স্তরে তা আদায় করা হবে। যদি ভ্যাট না থাকে তাহলে ভ্যাট ছাড়াই পণ্য খালাস দেয়া হবে।

প্রশ্ন-১০৪: দশ ডিজিটের রেজিসট্রেশণ নাম্বার আমি ১১ ডিজিট করতে চাচ্ছি, এই ব্যাপারে একটি নির্দেশিকা প্রকাশিত হয়েছিল কিন্তু মহাখালী মুসক অফিস যাওয়ার পর মুসক কর্মকর্তাগণ আমার রিটার্ন সহ যাবতীয় আরও নানাবিধ কাগজপত্র দেখতে চাচ্ছেন, যেগুলো ঐ নির্দেশিকায় চাওয়াই/Require করাই হয়নি। যে তথ্য গুলো চাওয়া হয়েছে, সেগুলো হল ১১ ডিজিট করার আবেদনপত্র আর রেজিস্ট্রেশনের ফটোকপি, এই দুটোই আমি এনেছি এবং আমার সকল তথ্যই ঠিক আছে, তাহলে নির্দেশিকা হুবহু পালন করার পরেও আমাকে এভাবে হয়রানি করা হচ্ছে এবং এই ব্যাপারে আমি কি করতে পারি?

<u>উত্তর:</u> আমাদের পরামর্শ হলো আগামী ১৫ মার্চ তারিখ থেকে নতুন ভ্যাট আইনের আওতায় রেজিস্ট্রেশন দেয়া শুরু হবে অনলাইনে। তাই, আপনি ১৫ মার্চ তারিখ বা তার পরে অনলাইনে রেজিস্ট্রেশন পরিবর্তন করুন। তাহলে আপনার আর অফিসে যাওয়ার দরকার হবে না।

প্রশ্ন-১০৩: ১৯৯১ সালের আইন অনুযায়ী ভবন সংস্কারের/মেরামত ওপর কত হারে ভ্যাট হবে? এছাড়া নতুন আইন কার্যকর হলে, জুলাই ২০১৭ থেকে পুরাতন চলমান কর্মকান্ডের হিসাব কি নতুন আইন নাকি পুরাতন আইনেই করা হবে? পুরাতন আইনের হিসাবেই নতুন আইনে (২০১৭-২০১৮) ভ্যাট আরোপ করা হলে সেই নির্দেশিকা টা কোথায় পাবো? এই নির্দেশিকা মুসক অফিসে আমি দেখাতে চাই যেন পূর্ববর্তী কর্মকান্ডের হিসাব চলতি ২০১২ এর আইন দ্বারা ১৫% করে কেটে রাখা না হয় যেটা বর্তমানে আমি ৫% করে দিচ্ছি। একটি ভবন নির্মাণের চলমান প্রক্রিয়ায় ১৯৯১ সালের আইন অনুযায়ী যে হারে ভ্যাট কাটা হচ্ছে ঐ একই ভবনের নির্মাণ কাজ ২০১৭-২০১৮ অর্থবছরেও চলমান থাকলে তাহার উপর ভ্যাট এর হিসেব টা কিরুপ হবে?

<u>উত্তর:</u> নির্মাণ, সংস্কার, রক্ষণাবেক্ষণের ওপর বর্তমানে ভ্যাটের হার ৬%। নতুন আইনে ১৫% ভ্যাট হবে। তবে, অনেক ক্ষেত্রে দেখা যাবে যে, পুরাতন টেন্ডারের কাজ অনেকদিন ধরে চলবে। এরূপক্ষেত্রে জাতীয় রাজস্ব বোর্ড নির্দেশনা জারি করবে। নির্দেশনা জারি করে একটি তারিখ ঠিক করে দেবে। সে তারিখের পর হতে ১৫% ভ্যাট প্রযোজ্য হবে।

প্রশ্ন-১০২: আমার মেয়ে একটা একাডেমিতে পরে সেখান থেকে বলছে প্রত্যেক বিষয়ে ১৫% করে ভ্যাট দিতে হবে টিউশন ফি হিসেবে। আমার মেয়ে ইংলিশ মিডিয়ামে পড়ে। এটা কি সত্যি দিতে হবে?

<u>উত্তর:</u> ইংলিশ মিডিয়াম স্কুলের ওপর বর্তমানে ভ্যাটের হার ৭.৫%। টিউশন ফির সাথে ৭.৫% ভ্যাট পরিশোধ করতে হবে। যেসব স্কুল বিদেশী কারিকুলা ইংলিশ মিডিয়ামে পড়াই সেসব স্কুলকে আমাদের দেশের বর্তমান ভ্যাট ব্যবস্থায় ইংলিশ মিডিয়াম স্কুল বলা হয়। জাতীয় কারিকুলা ইংলিশ মিডিয়ামে পড়ালে সে স্কুলকে ইংলিশ মিডিয়াম স্কুল বলা

হয় না এবং সেখানে ভ্যাট নেই। যেমন: সেন্ট যোসেফ স্কুল, হলিক্রস স্কুল বাংলাদেশ সরকারের জাতীয় কারিকুলা ইংলিশ মিডিয়ামে পড়ায়। এসব স্কুলের টিউশিন ফির ওপর ভ্যাট নেই।

প্রশ্ন-১০১: আমি প্যাক্যজ ভ্যাট দিয়ে থকি। এই বছরে প্যাকেজ ভ্যাট এর পরিমান শুনছি ২৮০০০ টাকা। আমার তো ৩০০০০০ লক্ষ আসে না এক বছরে। এখন আমি কি করবো?

<u>উত্তর:</u> কোন্ কোন্ প্রতিষ্ঠান প্যাকেজ ভ্যাট প্রদান করার যোগ্য বলে বিবেচিত হবে তা সাধারণত স্থানীয় ভ্যাট অফিস এবং স্থানীয় দোকান মালিক সমিতি আলোচনা, পরিদর্শণ করে ঠিক করে থাকে। তাই, আপনার বছরে বিক্রি কত হয় বা হবে সে বিষয়টি স্থানীয়ভাবে ঠিক করতে হবে । স্থানীয়ভাবে ঠিক করার পর আপনি যদি প্যাকেজ ভ্যাট দেয়ার জন্য যোগ্য বিবেচিত হন তাহলে আপনি প্যাকেজ ভ্যাট দিবেন। তা নাহলে স্ট্যান্ডার্ড হারে ভ্যাট দেবেন। প্যাকেজ ভ্যাটের বর্তমানে ৪টি স্ল্যাব রয়েছে যা নিম্নরূপ:

†Uwej

µwgK bs	***†h mKj GjvKvi Rb¨ c‡hvR¨***	***m‡ev"P evwlK gỳ¨ ms‡hvR‡bi cwigvY***	***gỳ¨ ms‡hvRb K‡ii nvi***	***c‡`q b¨bZg gỳ¨ ms‡hvRb K‡ii cwigvY***
1	***2***	***3***	***4***	***5***
1.	*XvKv DËi wmwU K‡cv‡ikb, XvKv `wÿY wmwU K‡cv‡ikb I PÆMvg wmwU K‡cv‡ikb GjvKv*	*1,86,667/- UvKv*	*15%*	*28,000/- UvKv*
2.	*Ab¨vb¨ wmwU K‡cv‡ikb GjvKv*	*1,33,334/- UvKv*	*15%*	*20,000/- UvKv*
3.	*†Rjv kn‡ii †cŠi GjvKv*	*93,334/- UvKv*	*15%*	*14,000/- UvKv*
4.	*†`‡ki Ab¨vb¨ GjvKv*	*46,667/- UvKv*	*15%*	*7,000/- UvKv*

প্রশ্ন-১০০: আমি মেডিক্যাল যন্ত্রপাতি আমদানি করি। আমদানি করার সময় ATB বা অন্যান্য ভ্যাট পে করে নিয়ে আসি। আবার যখন হসপিটালে সাপ্লাই করি তখন তারা বিল দেওয়ার সময় 4% ভ্যাট কেটে রাখে। কেন ২ বার ভ্যাট নেওয়া হচ্ছে?

<u>উত্তর:</u> নিয়ম হলো আপনি যদি টেন্ডারের বিপরীতে আমদানি করে সরবরাহ দেন, তাহলে আমদানি পণ্য খালাস করার সময় আপনি যখন কাস্টমসে ডকুমেন্ট দাখিল করবেন, তখন টেন্ডার সংক্রান্ত ডকুমেন্ট দাখিল করতে হবে। তাহলে আমদানির সময় ৪% এটিভি আরোপ করবে না। ওই পণ্য সরবরাহ দেয়ার সময় ৫% উৎসে ভ্যাট কাটবে। আমদানি পণ্য খালাস করার সময় টেন্ডার সংক্রান্ত ডকুমেন্ট দাখিল না করলে এধরনের সমস্যা হয়।

প্রশ্ন-০৯৯: আমার সিটি ব্যাংক এ প্লাটিনাম আমেক্স কার্ড আছে। বছর শেসে আমার যে সার্ভিস চার্জ আসে ওই টা আমি অয়েবার পাই । এখন অয়েবার এর পুরা টাকা ফেরত পেলেও ভ্যাট টি ফেরৎ পাই না কেন? আমাকে অন্য ব্যাংক থেকে ফেরত দিলেও সিটি ব্যাংক দেয়ণা কেন? সার্ভিস চার্জ না আসলে এটার উপর ভ্যাট কিভাবে আসে?

<u>উত্তর:</u> এর উত্তর আপনার ব্যাংক ভালো দিতে পারবে। ব্যাংক কেনো সার্ভিস না দিয়ে সার্ভিস চার্জ আরোপ করছে এবং তার ওপর ভ্যাটও আরোপও করছে তা আমাদের বোধগম্য হচ্ছে না। মোটকথা সার্ভিস না দিলে তার ওপর কোনো ভ্যাট নেই। এ বিষয়ে ব্যাংকের অভ্যন্তরে যে কাজ আছে তা ব্যাংকে করতে হবে। আপনি অনুগ্রহ করে আপনার ব্যাংকের কাছে এবিষয়ে ব্যাখ্যা চাইতে পারেন।

প্রশ্ন-০৯৮: যারা পাথর সাপ্লাই দেয় তাদের ওপর কি কোন ভ্যাট আছে?

<u>উত্তর:</u> হ্যাঁ, যদি উৎসে ভ্যাট কর্তনকারীর কাছে সরবরাহ দেয়া হয়, তাহলে সাধারণত যোগানদার সেবা হিসেবে ৫% ভ্যাট উৎসে কর্তন করতে হবে। তবে, আপনি পাথর আমদানি করে সাপ্লাই দেবেন, না-কি স্থানীয় বাজার থেকে কিনে সাপ্লাই দেবেন এবং আপনি সাপ্লাই এর সাথে কি ডকুমেন্ট দেবেন তা জানতে পারলে আরো সঠিক উত্তর দেয়া সম্ভব হতো।

প্রশ্ন-০৯৭: জাহাজের ভাড়া এটার উপর কি কোন ভ্যাট ট্যাক্স আছে কিনা? যেমনঃ ইন্ডিয়া থেকে কোন মাল আনবে সে ভাড়ার উপর কোন ভ্যাট ট্যাক্স আছে কিনা? SRO/২২৩ আইন/১৯৯৯.

<u>উত্তর:</u> শিপিং এজেন্ট সেবার ওপর ভ্যাট আছে ১৫%। ফ্রেইট ফরোয়ার্ডার সেবার ওপর ভ্যাট আছে ১৫%। শিপিং এজেন্ট হলো জাহাজ আসা, অবস্থান করা, প্রস্থান করা ইত্যাদি সংক্রান্ত কাজ করে। ফ্রেইট ফরোয়ার্ডার মালামাল পৌঁছে দেয়। তাদের দেয়া সেবার মধ্যে অনেক কিছু অন্তর্ভুক্ত থাকে।

প্রশ্ন-০৯৬: ভুমি উন্নয়ন সংস্থা ও ভুমি নির্মাণ সংস্থার ওপর ২০১২-২০১৩, ২০১৩-২০১৪, ২০১৪-২০১৫, ২০১৫-২০১৬, ২০১৬-২০১৭ অর্থবছরে কি হারে ভ্যাট প্রযোজ্য ছিল এবং আছে? আমার কিছু বকেয়া হিসেব রয়ে গিয়েছে সেগুলো পরিশোধ করবো। বা এই ব্যাপারে আইন এবং প্রকাশিত কোন প্রজ্ঞাপন উভয়ই আমাকে জানাবেন।

<u>উত্তর:</u> ভূমি উন্নয়ন সংস্থা অর্থাৎ যারা ভূমি উন্নয়ন করে বিক্রি করে তাদের ওপর ভ্যাটের হার ৩ শতাংশ। দীর্ঘদিন হতে এ হার চালু রয়েছে। ভবন নির্মাণ সংস্থা অর্থাৎ যারা ফ্ল্যাট তৈরী করে বিক্রি করে তাদের ওপরও ভ্যাটের হার ছিল ৩ শতাংশ। ২০১৫ সালের জুন মাস থেকে এই হার তিনটি স্ল্যাবে ভাগ করা হয়েছে, যা নিম্নরূপ:

Gm 010.20	feb wbgvY ms¯'v	1100 eMdzU chš—	1.5%
		1101 eMdzU †_‡K 1600 eMdzU chš—	2.5%
		1601 eMdzU I Z`yaŸ	4.5%

প্রশ্ন-০৯৫: মিষ্টি দোকানের বাৎসরিক ১২ লক্ষ টাকার উপর কত হারে প্যাকেজ ভ্যাট আরোপ হবে?

<u>উত্তর:</u> মিষ্টির দোকান প্যাকেজ ভ্যাট দিতে পারবে না। আমাদের দেশের ভ্যাট ব্যবস্থায় মিষ্টি সেবা হিসেবে বিবেচিত। মিষ্টির ওপর ভ্যাটের হার ১৫ শতাংশ। তা ছোট বা বড় দোকান যাই হোক না কেনো। যে সব ছোট ছোট দোকান পণ্য কিনে বিক্রি করে তারা প্যাকেজ ভ্যাট দিতে পারে।

প্রশ্ন-০৯৪: আমার ব্যবসায়ের ধরন টেলিকমিউনিকেশন? আমি যে জায়গায় ব্যাবসা পরিচালনা করি সেটা ভেঙ্গে ফেলা হয়েছে সেজন্য আমি অন্য জায়গায় পরিবর্তন করেছি এখন ভ্যাট এর ঠিকানা পরিবর্তন করতে মাহাখালি কমিশনার অফিসে গিয়েছিলাম সেখান থেকে বলছে high court এ যেতে এবং ৩০ হাজার টাকা চেয়েছে এখন আমি কি করতে পারি?

<u>উত্তর:</u> নিবন্ধনে যেকোনো পরিবর্তনের জন্য **মূসক-৯** ফরমে ভ্যাট বিভাগীয় অফিসে আবেদন করতে হয়। আবেদন করতে কোনো ফি জমা দিতে হয় না। আপনি অনুগ্রহ করে আপনার ভ্যাট বিভাগীয় অফিসে যোগাযোগ করুন।

প্রশ্ন-০৯৩: আমরা এনজিও-র VDO Documents তৈরী করি। এর উপর ভ্যাট কত % হবে?

<u>উত্তর:</u> এক্ষেত্রে ভ্যাটের হার হলো ১৫ শতাংশ।

প্রশ্ন-০৯২: এই বছরে প্যাকেজ ভ্যাট এর পরিমান কত।

<u>উত্তর:</u> এই বছরে প্যাকেজ ভ্যাটের পরিমাণ স্থানভেদে নিম্নরূপ:

µwgK bs	**wb¤œewYZ GjvKvq Aew¯'Z †QvU †QvU †`vKvb**	**ewlK c‡`q b¨bZg gj¨ ms‡hvRb K‡ii cwigvY**
(1)	**(2)**	(৩)
1.	XvKv DËi wmwU K‡cv‡ikb, XvKv `wÿY wmwU K‡cv‡ikb I PÆMvg wmwU K‡cv‡ikb GjvKv	28,000/- UvKv

ক্রমিক নং	নিম্নবর্ণিত এলাকায় অবস্থিত ছোট ছোট দোকান	বার্ষিক প্রদেয় ন্যূনতম মূল্য সংযোজন করের পরিমাণ
(1)	(2)	(৩)
2.	অন্যান্য সিটি কর্পোরেশন এলাকা	20,000/- টাকা
3.	জেলা শহরের পৌর এলাকা	14,000/- টাকা
4.	দেশের অন্যান্য এলাকা	7,000/- টাকা

প্রশ্ন-০৯১: আমার ৩টা প্রশ্ন আছে ১. সেবা প্রদানকারি সেবাগ্রহণকারীদের মূষোক ১১ দিলে হবে কিনা। আমি সেবা প্রদানকারী হিসেবে মুশক ১৬ ১৭ ১৮ ফ্রম মেন্টেন করার বাধ্যবাধ্যক্তা আছে কিনা। আমি লোকালি পার্স ক্রয় করে যখন বিক্রয় করব তখন ৫% ভ্যাট যুক্তকরে মূল্য নির্ধারণ করতে পারব কিনা। এক্ষেত্রে সমন্বিত রেজিস্টার মেন্টেন করলেই হবে কিনা।

উত্তর: (১) হ্যাঁ, হবে। সেকোনো ভ্যাটযোগ্য সরবরাহ প্রদান করার সময় নিয়ম হলো **মূসক-১১** চালানপত্র ইস্যু করতে হবে। তবে, সব ক্ষেত্রেই যে **মূসক-১১** চালানপত্র থাকলে উৎসে ভ্যাট কাটবে না তা নয়। (২) মূসক-১৬, ১৭, ১৮ রেজিস্টার সংরক্ষণ করার বাধ্যবাধকতা ভ্যাটযোগ্য সরবরাহ প্রদানকারী সবারই আছে। (৩) মূল্য নির্দ্ধারণ করা আপনার বিষয়। আপনি যেকোনো পরিমাণ মূল্য সংযোজন করতে পারবেন এবং তার সাথে ভ্যাট যোগ করতে পারবেন। ভ্যাট প্রদান করেন ক্রেতা। তাই, অবশ্যই আপনাকে ভ্যাট যোগ করে মূল্য নির্দ্ধারণ করতে হবে।

প্রশ্ন-০৯০: আমি বাহির থেকে পণ্য আমদানি করে সরকারি সংস্থায় বিক্রি করি আমদানি করার সময় ভ্যাট ১৫%, SD দিয়ে আনার পর টা বিক্রিয় করার সময় যখন সরকারি সংস্থায় বিল দেয় তখন একটা পরিমাণে আবার ভ্যাট কেটে বিল দেয়। এভাবে ৩বার ভ্যাট নেওয়ার কারণ কী?

উত্তর: ভ্যাট হলো বহুস্তরবিশিষ্ট কর ব্যবস্থা। বিভিন্ন স্তরে ভ্যাট আদায় করা হয়। স্তরগুলো হলো: আমদানি স্তর, উৎপাদন স্তর এবং ব্যবসায়ী স্তর। একস্তরে ভ্যাট পরিশোধ করে পরের স্তরে ওই ভ্যাট রেয়াত নিতে হয়। এরপর মূল্য সংযোজন করে সর্বমোট মূল্যের ওপর আবার ভ্যাট দিতে হয়। এই হলো ভ্যাটের স্ট্যান্ডার্ড নিয়ম। কিন্তু আমাদের দেশের ভ্যাট ব্যবস্থায় এই স্ট্যান্ডার্ড নিয়মের বাইরে আরো নানাবিধ নিয়ম করা হয়েছে। এমন একটি নিয়ম হলো পূর্বের স্তরে রেয়াত না নিলে পরের স্তরে ১৫ শতাংশের স্থলে কমহারে ভ্যাট পরিশোধ করতে হয় । আমার মনে হয় আপনি উপকরণ কর রেয়াত নেন না এবং ভ্যাট চালানপত্র ইস্যু করেন না। তাই, অফিস আবার আপনার বিল থেকে ৫ শতাংশ ভ্যাট কেটে নেয়। তবে, আমদানি করার পর সরবরাহ করলে ভ্যাট কাটবে না সে ব্যবস্থা আছে। আপনাকে ভ্যাটের সব হিসাবপত্র সংরক্ষণ করতে হবে, ভ্যাট চালান ইস্যু করে সরবরাহ দিতে হবে এবং দাখিলপত্র দাখিল করতে হবে । তাহলে আপনার সরবরাহ থেকে ভ্যাট কাটবে না।

প্রশ্ন-০৮৯: আমি একটা বিষয় জানতে চাচ্ছিলাম এখন আমার ব্যাবসা আছে আমার ব্যাবসার নাম আমার বন্ধুর ব্যাবসা নাম একই। আমার বন্ধু ভ্যাট রেজিস্টেশন নিয়েছে আগেই। আমি এখন নিতে চাচ্ছি এখন ভ্যাট রেজিস্টেশন কিভাবে নিব।? একই নাম হওয়ায় কোনো সমস্যা আছে কিনা”

উত্তর: একই নামে ভ্যাট সিস্টেমে দুটি রেজিস্ট্রেশন হয় না। নাম ভিন্ন হতে হবে। কিছুটা হলেও ভিন্ন হতে হবে। শুধু ভ্যাট আইনেই নয়, কোম্পানি আইন, ট্রেড মার্ক রেজিস্ট্রেশন আইন, পেটেন্ট এ্যান্ড ডিজাইন আইন ইত্যাদি আইনেও আমার জানামতে প্রতিষ্ঠানের নাম আলাদা হতে হয়। প্রথমে কেউ কোনো নামে ভ্যাট রেজিস্ট্রেশন করিয়ে নিলে ওই নামে আর দ্বিতীয় রেজিস্ট্রেশন করা যাবে না।

প্রশ্ন-০৮৮: আমার রাবার বাগান আছে রাবার আমার নিজস্ব গুদামে রাখা হয়। এখন এসব উপাদান এর উপর কি ভ্যাট হবে? যদি না হয় তাহলে পুলিশ আমায় হয়রানি করছে কেন।?

উত্তর: রাবারের উপর ভ্যাট আছে। তবে, তা পুলিশের বিষয় নয়। তা ভ্যাট বিভাগের বিষয়। আপনি অনুগ্রহ করে স্থানীয় ভ্যাট অফিসে যোগাযোগ করুন।

প্রশ্ন-০৮৭: Exempted পণ্য আমদানি করতে হলে কোন ফর্মের সহায়তা নিতে হবে?

উত্তর: ভ্যাটমুক্ত পণ্য আমদানি করতে হলে ভ্যাট সংক্রান্ত কোনো স্পেশাল ফরম নেই। আপনার কি সমস্যা হয়েছে তা সরাসরি বললে আমরা উত্তর দেয়ার চেষ্টা করবো ইনশাআল্লাহ।

প্রশ্ন-০৮৬: ব্যাবসায়ের ক্ষেত্রে বাড়ি ভাড়ার উপর ভ্যাট ১৫% কিন্তু আমি যদি মাসের ১৫ তারিখ এর মধ্যে ভাড়া না দেই তাহলে কি আরও ২% যোগ করে দিতে হবে?
উত্তর: হ্যাঁ, আপনার কথা সঠিক। আপনি যদি যথাসময়ে ভ্যাট পরিশোধ না করেন তাহলে মাসিক সরল হারে ২% যোগ করে পরিশোধ করতে হবে।

প্রশ্ন-০৮৫: আমি MEP Group থেকে বলছি। আমাকে বেনাপোল কাস্টমস থেকে বলছে মুসক ১ এবং ১(ক) অনুমোদন কপি জমা দিলে ATP মওকুফ করবে। এটির SRO-124 আইন ২০১৫। কিন্তু আমার প্রশ্ন হচ্ছে ২০১৬ সালে ২ জুন ১৮১ নাম্বার আইনটি প্রতিস্থাপিত হয়েছে তাতে লেখা ছিল বিধিমালা ১ এবং ১(ক), মুসক ৭ দাখিল সাপেক্ষে আগ্রিম মুসক ATP মওকুফ করা যাবে। তাহলে এখনো বেনাপোল কাস্টমস কেন মুসক ১ এবং ১(ক) অনুমোদন কপি জমা দিতে বলেছে?
উত্তর: **মূসক-৭** অথবা **মূসক-১** যেকোনো একটি থাকলেই আমদানি স্তরে এটিভি মওকুফ পাওয়া যাবে। আপনি **মূসক-৭** জমা দিলে **মূসক-১** চাওয়ার কথা নয়। বিষয়টি বিস্তারিত জানা গেলে বলা যেতো কেনো **মূসক-১** চেয়েছে। অনুগ্রহ করে যদি আপনি জানান যে, আপনার প্রতিষ্ঠান কি ধরনের প্রতিষ্ঠান। আপনারা কি আইটেম আমদানি করেছেন। আমদানি করে কি করবেন। তাহলে আরো স্পষ্ট উত্তর দেয়া সম্ভব হবে।

প্রশ্ন-০৮৪: আমি চকবাজার থেকে খেলনা কিনে বাংলাদেশের বিভিন্ন যায়গায় বিক্রয় করি আমি যখন কিনছি তখন প্যাকেজ ভ্যাট দিয়ে কিনছি কিন্তু যখন বিক্রয় করতে যাচ্ছি তখন ক্রেতা আমাকে বলছে ৪% হারে ভ্যাট দিতে হবে প্যাকেজ ভ্যাট দিলে হবে না এখন আমি জানতে চাচ্ছি যে সেক্ষেত্রে আপনাদের প্রক্রিয়াটি কি এবং উৎসে কর কর্তনের কোন প্রত্যয়নপত্র ঐ প্রতিষ্ঠানটির নেই ।
উত্তর: আপনি যখন বিক্রি করেন তখন ব্যবসায়ী স্তরের ভ্যাট পরিশোধ করতে হবে। প্যাকেজ ভ্যাট হলো ছোট ছোট দোকানদারের জন্য। বর্তমানে প্যাকেজ ভ্যাটের স্ল্যাবগুলো নিম্নরূপ:

µwgK bs	wb¤œewYZ GjvKvq Aew¯Z †QvU †QvU †`vKvb	ewlK c‡`q b¨bZg gj¨ ms‡hvRb K‡ii cwigvY
(1)	(2)	(৩)
1.	XvKv DËi wmwU K‡cv‡ikb, XvKv `wÿY wmwU K‡cv‡ikb I PÆMvg wmwU K‡cv‡ikb GjvKv	28,000/- UvKv
2.	Ab¨vb¨ wmwU K‡cv‡ikb GjvKv	20,000/- UvKv
3.	†Rjv kn‡ii †cŠi GjvKv	14,000/- UvKv
4.	†`‡ki Ab¨vb¨ GjvKv	7,000/- UvKv

আপনি যদি ওই স্ল্যাবের মধ্যে না পড়েন তাহলে আপনাকে ৪% অথবা ১৫% ব্যবসায়ী স্তরের ভ্যাট পরিশোধ করতে হবে। অবশ্য ভ্যাট আপনি ক্রেতার কাছ থেকে মূল্যের সাথে নিয়ে নেবেন। আপনি যদি রেয়াত না নেন তাহলে ৪% ভ্যাট পরিশোধ করবেন। আর আপনি যদি রেয়াত নেন তাহলে ১৫% ভ্যাট পরিশোধ করবেন।

প্রশ্ন-০৮৩: আমার একটি লিমিটেড কোম্পানি আছে কুরিয়ার সার্ভিস আমি ২০ টাকা স্ট্যাম্প এর দাম নি ১৫% vat সহ। সরকারের অনুমতি আছে আমার উৎসে vat কাটা। যখন আমি vat কেটে অন্য কুরিয়ারে দিলে তারা মানতে চাই না তাহলে আমার এখন কি করার আছে?
উত্তর: লিমিটেড কোম্পানি হিসেবে আপনার উৎসে ভ্যাট কর্তন করার দায়িত্ব রয়েছে। তবে, উৎসে ভ্যাট কর্তন করতে হবে আপনি যখন মূল্য পরিশোধ করবেন তখন। আপনি যখন ক্রয় করেন তখন আপনি মূল্য পরিশোধ করেন। পণ্য বা

সেবার মূল্য পরিশোধ করার সময় আপনাকে প্রযোজ্য হলে উৎসে ভ্যাট কর্তন করতে হবে। আপনি যখন সেবা দিয়ে মূল্য নেবেন তখন আপনার উৎসে ভ্যাট কাটার দায়িত্ব নেই। তখন আপনাকে যিনি মূল্য পরিশোধ করবেন, তিনি ভ্যাট কাটবেন যদি প্রযোজ্য হয়ে থাকে।

প্রশ্ন-০৮২: জীবন বীমার কার্যক্রমে আমরা রেয়াত পাব কিনা? জানুয়ারিতে কার্যক্রম পরিচালিত হয়েছে এখন ফেব্রুয়ারীতে আমরা রেয়াত পাব কিনা?
উত্তর: জীবন বীমা পলিসির ওপর ভ্যাট নেই। সাধারণ বীমা পলিসির ওপর ভ্যাট আরোপিত আছে। তাই, জীবন বীমার ওপর যেহেতু ভ্যাট নেই, সেহেতু রেয়াত নেয়ার কোনো প্রশ্ন নেই।

প্রশ্ন-০৮১: টায়ার এবং লুব্রিকেন্ট এর গোডাউন এর উপর কত % ভ্যাট হবে ১৯৯১ আইন অনুযায়ী?
উত্তর: আপনার প্রশ্নটা স্পষ্ট বোঝা যাচ্ছে না। গোডাউন যদি ভাড়া নেয়া হয়, তাহলে ভাড়ার ওপর ভ্যাট ১৫ শতাংশ। টায়ার এবং লুব্রিক্যান্ট যদি বিক্রি করা হয়, সেক্ষেত্রে ব্যবসায়ী স্তরের ভ্যাট পরিশোধ করতে হবে। ব্যবসায়ী স্তরে বিক্রি করার কয়েক প্রকার পদ্ধতি রয়েছে। সাধারণত উপকরণ কর রেয়াত নিলে ১৫ শতাংশ হারে ভ্যাট পরিশোধ করতে হবে। রেয়াত না নিলে ৪ শতাংশ হারে ভ্যাট পরিশোধ করতে হবে।

প্রশ্ন-০৮০: আমরা বাইরের সাপ্লায়ার থেকে কিছু কর্পোরেট গিফট তৈরি করে নিয়ে আসছি বাহিরের দেশ থেকে, তাহলে আমি কত শতাংশ হারে ভ্যাট দিবো?
উত্তর: আপনার কাজটি সাধারণ আমদানির আওতায় পড়ে। আমদানি স্তরে আপনার ওই আইটেমগুলোর ওপর যদি ভ্যাট প্রযোজ্য থাকে তাহলে ভ্যাট পরিশোধ করতে হবে। আমদানি স্তরে ভ্যাটের হার ১৫ শতাংশ।

প্রশ্ন-০৭৯: উপজেলা কমপ্লেক্সএ অফিস প্রয়োজনীয় তাই ৫০ জনের আপ্যায়নে কিছু নাস্তা কিনেছি একটা ছোট খাট গ্রামের দোকান থেকে। আমি ৭.৫% হারে ভ্যাট দিয়েছি কিন্তু তারা বলছে ১৫% হারে ভ্যাট দিতে হবে। আমি তো আপনাদের গেজেট এ দেখলাম এসি হোটেল এ ১৫% আর নন এসি তে ৭.৫% হারে ভ্যাট দিতে হবে তাহলে আমি এখন কত ভ্যাট দিবো?
উত্তর: আপনার ক্রয়টি আমাদের দেশের ভ্যাট ব্যবস্থায় ক্যাটারিং সার্ভিস হিসেবে বিবেচিত হবে। নাস্তা, খাবার ইত্যাদি যদি রেস্তোরাঁয় বসে খেয়ে আসা হয় তাহলে তা হবে রেস্তোরাঁ সেবা। আর নাস্তা, খাবার ইত্যাদি যদি কেউ সরবরাহ দিয়ে যায় বা আপনি নিয়ে আসেন তাহলে তা হবে ক্যাটারিং সেবা। আপনি সঠিক বলেছেন যে, এসি রেস্তোরাঁর ভ্যাট ১৫ শতাংশ, আর নন-এসি রেস্তোরাঁর ভ্যাট ৭.৫ শতাংশ। কিন্তু ক্যাটারিং সার্ভিস এর ভ্যাট ১৫ শতাংশ। তাই, এক্ষেত্রে ১৫ শতাংশ ভ্যাট পরিশোধ করতে হবে।

প্রশ্ন-০৭৮: আমরা এয়ার কনডিশনের যন্ত্রাংশ বাহিরে থেকে আমদানি করে নিয়ে এসে এয়ার কনডিশন ম্যানুফ্যাকচারড করে বিক্রি করি এখন আমাদের ঐ প্রতিষ্ঠানটির ভ্যাট রেজিস্ট্রেশন করতে এয়ার কনডিশনের জন্য একটি একটিভিটি কোড লাগবে মুসক অফিসে যোগাযোগ করার পর ওনারা বলছে এয়ার কুলারের একটিভিটি কোড আছে কিন্তু এয়ার কনডিশনের একটিভিটি কোড নেই এখন আমি জানতে চাচ্ছি আমাদের কি এয়ার কুলারের একটিভিটি কোড দিয়ে রেজিস্ট্রেশন করতে হবে নাকি এয়ার কনডিশনের আলাদা কোড আছে থাকলে কোড টি কি?
উত্তর: এয়ার কন্ডিশনারের যদি একটিভিটি কোড না থাকে তাহলে এয়ারকুলারের একটিভিটি কোড ব্যবহার করলে কোনো সমস্যা নেই। একটিভিটি কোড শুধুমাত্র ভ্যাট রেজিস্ট্রেশন এবং রাজস্ব হিসাব সংরক্ষণ কাজে ব্যবহার করা হয়। এমন অনেক আইটেম রয়েছে যার কোনো সুনির্দিষ্ট একটিভিটি কোড নেই। সেসব আইটেমের ক্ষেত্রে কাছাকাছি কোনো আইটেমের একটিভিটি কোড ব্যবহার করা যাবে। অথবা বিবিধ একটিভিটি কোড ব্যবহার করতে হবে।

প্রশ্ন-০৭৭: আমি বিটিভি এর খুলনা উপকেন্দ্র থেকে বলছি আমাদের অফিসের প্রয়োজনে যে ফটোকপি করা হয় কখনো ১০ টাকার কখনো ২০ টাকার এখন আমরা যখন ভাউচার জমা দেই তখন আমাদের থেকে ১৫% ভ্যাট কেটে নিচ্ছে এখন আমি জানতে চাচ্ছি ওনারা কি উৎসে কর কর্তন করছে?

উত্তর: আপনার বর্ণিত ক্ষেত্রে উৎসে ভ্যাট কাটা হচ্ছে। ইহা উৎসে কর নয়। কর বলতে আমরা সাধারণত আয়করকে বুঝে থাকি, যা ইনকাম ট্যাক্স। ভ্যাট হলো মূল্য সংযোজন কর। আয়করও উৎসে কাটা হয়। আয়কর উৎসে কাটা হলে তাকে টিডিএস বলে অর্থাৎ ট্যাক্স ডিডাকশান এ্যাট সোর্স। আর ভ্যাট উৎসে কাটাকে ভিডিএস বলে অর্থাৎ ভ্যাট ডিডাকশান এ্যাট সোর্স। এক্ষেত্রে উৎসে ভ্যাট কাটা হচ্ছে।

প্রশ্ন-০৭৬: আমি একজন আই টি কনসালটেন্ট আমি দেখলাম যে আই টি বিশেষজ্ঞ এর উপর অব্যহতিপ্রাপ্ত। আমি অর্থমন্ত্রনালয়ের একটি প্রোজেক্টে কাজ করছি ব্রিটিশ একটি কোম্পানি এই প্রজেক্টটি কার্যকর করছে বাংলাদেশে। আমি ওখানেও আই টি কনসালটেন্ট হিসেবে কাজ করেছি আমি দেখলাম অর্থমন্ত্রনালয়ের সবার উপর ভ্যাট এক্সেম্পটেড, এখন আমি যে কোম্পানির হয়ে কাজ করতে চাচ্ছি ওনারা মানতে চাচ্ছে না বলছে এনবিআর থেকে লিখিত আনতে এখন আমি কি করব ।

উত্তর: বর্তমান ভ্যাট আইনের দ্বিতীয় তফসিলের অনুচ্ছেদ ৬(খ) এর মাধ্যমে কম্পিউটার বিশেষজ্ঞ কর্তৃক প্রদত্ত সেবাকে ভ্যাটমুক্ত রাখা হয়েছে। অর্থাৎ কম্পিউটার বিশেষজ্ঞ কর্তৃক যে সেবা প্রদান করা হয়, তার ওপর ভ্যাট নেই। যেহেতু আইন দ্বারা এখানে ভ্যাটমুক্ত করা হয়েছে, সেহেতু এক্ষেত্রে এনবিআর এর কোনো ব্যাখ্যা দেয়ার প্রয়োজন নেই। কম্পিউটার বিশেষজ্ঞ কর্তৃক প্রদত্ত সেবার উপর ভ্যাট নেই। তাই, এক্ষেত্রে উৎসে ভ্যাট কর্তন করার নিয়ম নেই।

প্রশ্ন-০৭৫: আমরা খুলনায় একটি নৌকা বাইচ প্রতিযোগিতার আয়োজন করি এর স্পন্সর করে গ্রামীন ফোন। তার টোটাল ১২,৫০,০০০ টাকার উপর ভ্যাট গ্রামীন ফোন ঢাকা অফিসে জমা দিয়েছে। আমরা ডিল নেয়ার আগেই গ্রামীন ফোন আমাদের বলছে অরধেক টাকার মানে ৬,৫০,০০০ টাকার উপর ভ্যাট পরিশোধ করতে এবং আমরা খুলনা অফিসে ভ্যাট দিয়েছি। পরে আমরা যখন গ্রামীন ফোনের কাছে ওই টাকাটা ক্লেইম করি তখন তারা বলে তারা পুরো ১২,৫০,০০০ টাকার উপর ভ্যাটটা পরিশোধ করে দিয়েছে। এখন আমরা যে ভ্যাটটি দুই বার প্রদান করলাম আমরা কীভাবে এই টাকাটি ফেরত পাবো।

উত্তর: আপনার প্রশ্নটি রিফান্ড সংক্রান্ত। কোনো কারণে যদি সরকারি খাতে অতিরিক্ত ভ্যাট জমা হয়ে যায় তাহলে তা ফেরৎ নেয়ার নিয়ম আছে। দুইভাবে এধরনের ফেরৎ নেয়া যায়। যদি জমাকারী প্রতিষ্ঠান চলতি হিসাব রেজিস্টার সংরক্ষণ করে, তাহলে জমা দেয়ার ৬ মাসের মধ্যে চলতি হিসাব রেজিস্টারে উক্ত পরিমাণ অর্থ জমা করে নেবে। আর যদি জমাকারী প্রতিষ্ঠান চলতি হিসাব রেজিস্টার সংরক্ষণ না করে, তাহলে উক্ত অর্থ ফেরৎ পাওয়ার জন্য জমা দেয়ার ৬ মাসের মধ্যে সংশ্লিষ্ট ভ্যাট কমিশনার বরাবরে আবেদন করতে হবে। রিফান্ডের আবেদন করার জন্য আলাদা ফরম রয়েছে, যা **টিআর-৩১** নামে পরিচিত। উল্লখ্য, জমা হওয়ার ৬ মাসের মধ্যে চলতি হিসাব রেজিস্টারে জমা করে না নিলে বা রিফান্ডের আবেদন না করলে আর রিফান্ড পাওয়া যাবে না, তা তামাদী হয়ে যাবে।

প্রশ্ন-০৭৪: ১৯৯১ সালের আইন অনুযায়ী ২০১৬-২০১৭ অর্থবছরে VDO ডকুমেন্টেশন, প্রশিক্ষণের কাজে ব্যাবহার হয়, এই কার্যক্রমের উপর ভ্যাট কত হারে নির্ধারণ করা হইয়াছে?

উত্তর: আপনার প্রশ্ন আমি যতদূর বুঝতে পেরেছি তা হলো ভিডিও ডকুমেন্টারী তৈরী করা হয়েছে এবং তা প্রশিক্ষণের কাজে ব্যবহার করা হচ্ছে। একটি প্রতিষ্ঠান ভিডিও ডকুমেন্টারী তৈরি করেছে। অর্থাৎ এই প্রতিষ্ঠানটি সেবা প্রদানকারী। আর একটি প্রতিষ্ঠানকে এই ভিডিও ডকুমেন্টারী সরবরাহ দেয়া হয়েছে। অর্থাৎ এই প্রতিষ্ঠানটি সেবা গ্রহণকারী। যেকোনো ধরনের ভিডিও বা অডিও রেকর্ডিং করার কাজের ওপর বর্তমান ভ্যাট আইনে ভ্যাট আরোপিত আছে। ভ্যাটের হার ১৫ শতাংশ। এক্ষেত্রে প্রাথমিকভাবে উৎসে ভ্যাট কর্তন করার নিয়ম নেই। তবে, সেবা প্রদানকারীকে ভ্যাট চালান ইস্যু করতে হবে। তাহলে সেবা গ্রহণকারী ভ্যাটসহ মূল্য পরিশোধ করবে। যদি সেবা প্রদানকারী ভ্যাট চালান ইস্যু না করে, তাহলে সেবা গ্রহণকারী ১৫ শতাংশ ভ্যাট উৎসে কর্তন করবে।

প্রশ্ন-০৭৩: Promotional Expense এর জন্য যদি কেউ বিদেশ থেকে টাকা পাঠায় তাহলে তার উপর কি ভ্যাট হবে?

উত্তর: আপনার প্রশ্নটি পরিষ্কারভাবে বোঝা যায়নি। কে বিদেশ থেকে টাকা পাঠিয়েছে? কার কাছে পাঠিয়েছে? কি পদ্ধতিতে পাঠিয়েছে? ইত্যাদি বিষয় জানা গেলে স্পষ্ট উত্তর দেয়া যেতো। সাধারণত বিদেশ থেকে বৈদেশিক মুদ্রা আসলে তার ওপর ভ্যাট নেই। আপনার প্রশ্নটি শুনে আমার কাছে মনে হয়েছে যে, বাংলাদেশে অবস্থিত কোনো

সাবসিডিয়ারী কোম্পানির মাদার কোম্পানি বিদেশ থেকে অর্থ পাঠিয়েছে বাংলাদেশে অবস্থিত সাবসিডিয়ারী কোম্পানির প্রোমোশনাল খরচ মেটানোর জন্য। এভাবে অর্থ যখন ব্যাংকে আসবে তখন ব্যাংক ভ্যাট কাটবে না। ওই অর্থ যখন খরচ করা হবে তখন যদি প্রযোজ্য হয় তাহলে ভ্যাট কাটতে হবে। সাধারণভাবে অর্থ লেন-দেনের ওপর ভ্যাট কর্তন নেই।

প্রশ্ন-০৭২: এই ব্যক্তি ঠিকাদারির বিজনেস করে সরকারি কাজ গুলতে রেট করে। টেন্ডারে অংশগ্রহন সময় ৫.৫% রেট সাবমিট করে কিন্তু বিল পেমেন্ট করার সময় ৬% কেটে বিল তাকে দাওয়া হয়। এটার এডজাস্টমেন্ট কিভাবে হবে। আর একটি প্রশ্ন এই ব্যক্তি যখন রড কিনে কন্সট্রাকশন এর জন্য ধরা হল ১ লক্ষ টাকার কিনল সেই রড ব্যবহার করল কিন্তু বিল বাবদ ১.৫ লক্ষ টাকা হল সেখান থেকে আবার ভ্যাট কেটে বাকি টাকা দাওয়া হল এখন একবার সে ভ্যাট দিয়ে কিনল আবার ২য় বার বিল দাওয়ার সময় আবার ভ্যাট কাটা হচ্ছে কিন্তু কেন।

উত্তর: আপনার প্রশ্নটি আমি পরিষ্কারভাবে বুঝতে পারিনি। যতটুকু বুঝতে পেরেছি তার ভিত্তিতে উত্তর হলো ঠিকাদারির ক্ষেত্রে ইতোপূর্বে ভ্যাটের হার ৫.৫ শতাংশ ছিল। কিন্তু বর্তমানে ঠিকাদারির ভ্যাটের হার ৬ শতাংশ। বেশ কয়েক বছর হলো এই পরিবর্তন হয়েছে। তাই, এখন কোনো ঠিকাদার যখন রেট দেবেন তখন তাকে ৬ শতাংশ ভ্যাট হিসাব করে রেট দিতে হবে।

আপনার প্রশ্নের দ্বিতীয় অংশের উত্তর হলো আমাদের দেশে ভ্যাটের হার ১৫ শতাংশ। যারা ১৫ শতাংশ ভ্যাট পরিশোধ করে তারা উপকরণ কর রেয়াত নিতে পারে। তবে, যারা উপকরণ কর রেয়াত নিতে পারে না তাদের জন্য সরকার ভ্যাটের হার কমিয়ে দিয়েছে। ঠিকাদারি এমন এক ধরনের কাজ। যেহেতু ঠিকাদার ১৫ শতাংশ ভ্যাট পরিশোধ করে না, বরং ৬ শতাংশ ভ্যাট পরিশোধ করে, তাই তার উপকরণ তথা ইট, রড, সিমেন্ট ইত্যাদির উপর রেয়াত নিতে পারে না। তাই, এটা ভ্যাটের উপর ভ্যাট বলে মনে হয়।

প্রশ্ন-০৭১: মুশক চালান পত্রটিতে কাটা কাটি হলে বাতিল হলে। সেটা কি সার্কেল অফিসে জমা দাওয়া যাবে।

উত্তর: বর্তমান ভ্যাট আইন অনুসারে নিয়ম হলো মূসক চালানপত্রে কোনো প্রকার কাটা-কাটি, ঘষাঘষি বা ফ্লুইডের ব্যবহার করা যাবে না। যদি কাটা-কাটি, ঘষাঘষি ইত্যাদি কোনো কারণে হয়ে যায়, তাহলে ওই চালানপত্রটি বাতিল করতে হবে। বাতিল করার নিয়ম হলো তিনকপি চালানপত্রেই লাল কালি দিয়ে **বাতিল করা হলো** লেখে স্বাক্ষর করতে হবে। এবং যথানিয়মে দ্বিতীয় কপি চালানপত্র ভ্যাট সার্কেল অফিসে জমা দিতে হবে। প্রথম ও তৃতীয় কপি চালানপত্র বইয়ে সংযুক্ত অবস্থায় রেখে দিতে হবে। পরবর্তী সিরিয়ালে নতুন চালানপত্র ইস্যু করে মালামাল ডেলিভারী দিতে হবে। উল্লেখ্য, নতুন ভ্যাট আইনে ভ্যাট চালান সার্কেল অফিসে দাখিল করতে হবে না।

প্রশ্ন-০৭০: ভ্যাট আর ডি ডি এস এর মধ্যে পার্থক্য কি?

উত্তর: ভ্যাট হলো ভ্যালু এ্যাডেড ট্যাক্স। অর্থাৎ মূল্য সংযোজন কর। আর অন্যটি যদিও আপনি ডিডিএস বলেছেন, আসলে শব্দটি হবে ভিডিএস অর্থাৎ ভ্যাট ডিডাকশান এ্যাট সোর্স। ইহা ইংরেজিতে এভাবে লেখা যায়: VAT Deduction at Source (VDS)। সাধারণভাবে ভ্যাট আদায় করার পদ্ধতি হলো ক্রেতা মূল্যের সাথে ভ্যাটের অর্থ বিক্রেতার কাছে দিয়ে দেয়। বিক্রেতা ভ্যাটের অর্থ সরকারি কোষাগারে জমা দেয়। কিন্তু কোনো কোনো ক্ষেত্রে সরকার ক্রেতাকে বলে দিয়েছে যে, ভ্যাটের অর্থ বিক্রেতার কাছে না দিয়ে ক্রেতা সরাসরি সরকারি কোষাগারে জমা দিয়ে দেবে। অর্থাৎ অর্থের যেখানে সোর্স সেখান থেকে সরকার ভ্যাট নিয়ে নেয়। এভাবে সোর্স থেকে ভ্যাট কালেকশন করার পদ্ধতিকে ভিডিএস বলে।

প্রশ্ন-০৬৯: এই বছরে প্যাকেজ ভ্যাট এর পরিমান কত?

উত্তর:

µwgK bs	***wb¤œewYZ GjvKvq Aew¯'Z †QvU †QvU †`vKvb***	***ewlK c‡`q b¨bZg gj¨ ms‡hvRb K‡ii cwigvY***
(1)	***(2)***	**(৪)**
1.	*XvKv DËi wmwU K‡cv‡ikb, XvKv `wÿY*	*28,000/- UvKv*

µwgK bs	wb¤œwjwLZ GjvKvq Aew¯'Z †QvU †QvU †`vKvb	ewlK c‡`q b~¨bZg gj~¨ ms‡hvRb K‡ii cwigvY
(1)	(2)	(৪)
	wmwU K‡c©v‡ikb I PÆMÖvg wmwU K‡c©v‡ikb GjvKv	
2.	Ab¨vb¨ wmwU K‡c©v‡ikb GjvKv	20,000/- UvKv
3.	†Rjv kn‡ii †cŠi GjvKv	14,000/- UvKv
4.	†`‡ki Ab¨vb¨ GjvKv	7,000/- UvKv

প্রশ্ন-০৬৮: ১৯৯১ সালের আইন অনুযায়ী Advertizing এর উপর ভ্যাট কত %?
উত্তর: ১৫ শতাংশ।

প্রশ্ন-০৬৭: আমাদের একটি স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান। আমরা Security এর জন্য কিছু পোশাক তৈরি করেছি। তার উপর ভ্যাট কত % এবং Service Code কত? 1991 সালের Rules অনুযায়ী।
উত্তর: আপনারা যদি কমপ্লিট পোশাক তৈরি অবস্থায় সরবরাহ নিয়ে থাকেন এবং সরবরাহটি যদি কোনো এয়ারকন্ডিশন্ড টেইলারিং শপ আপনাদের দিয়ে থাকে তাহলে সেবার কোড হবে এস০৬৩.০০ (টেইলারিং শপ)। এক্ষেত্রে উৎসে ভ্যাট কর্তনের বিধান নেই। টেইলারিং শপ থেকে যদি ভ্যাটের চালান দেয়া হয় তাহলে উৎসে ভ্যাট কাটতে হবে না। সব বিল পেমেন্ট করে দেবেন। তবে, যদি ভ্যাট চালান না থাকে তাহলে ১৫ শতাংশ ভ্যাট কাটবেন। যদি নন-এসি টেইলারিং শপ থেকে আপনারা পোশাক সরবরাহ নিয়ে থাকেন সেক্ষেত্রে ৫ শতাংশ ভ্যাট কাটতে হবে। আর যদি আপনারা কোনো যোগানদারের কাছ থেকে পোশাক সরবরাহ নিয়ে থাকেন, যিনি কোনো টেইলারিং শপ থেকে পোশাস তৈরী করে এনে আপনাদেরকে সরবরাহ দিয়েছেন, তাহলে ৫ শতাংশ ভ্যাট উৎসে কাটতে হবে।

প্রশ্ন-০৬৬: আমি কিছু পুরাতন মেশিন কিনছি। পুরাতন মেশিন কেনার ক্ষেত্রে কিছু শর্ত রয়েছে। এগুলো আমি বন্ড লাইসেন্সে এ অন্তর্ভুক্ত করতে চাই। বন্ড লাইসেন্সে এ অন্তর্ভুক্ত করতে গেলে পুরাতন মেশিন এর উপর ৫% ভ্যাট দিতে হয়। আমি যার কাছ থেকে মেশিন কিনেছি তার কোন ভ্যাট Registration Certificate নাই। সে পুরাতন মেশিন কেনাবেচা করে তার শুধু মুসক চালান আছে। এখন আমি কিভাবে বন্ড লাইসেন্সে সংগ্রহ করব কিভাবে ভ্যাট দিব। ভ্যাট দিতে মুসক ১১ চালান দরকার হয়। এখন কি করব সেটা SRO সহ কোথায় পাব?
উত্তর: আপনার বিষয়টি কাস্টমস বন্ড সংক্রান্ত। এটি ভ্যাট সংক্রান্ত বিষয় নয়। আপনি কিভাবে আপনার বন্ড লাইসেন্সে পুরাতন মেশিন অন্তর্ভুক্ত করবেন তা অনুগ্রহ করে বন্ড অফিস থেকে জেনে নিন। কী কী শুল্ক বা কর পরিশোধ করা দরকার তা বন্ড অফিস আপনাকে জানিয়ে দেবে। কাস্টমস বন্ড কমিশনারেট, ঢাকা-র ঠিকানা: ৩৪২/১ সেগুনবাগিচা, ঢাকা। ফোন: ৯৩৪৭০০০। চট্টগ্রাম: ৪২ এম এম আলী রোড, লালখান বাজার, ফোন: ২৮৬৩২৫৩।

প্রশ্ন-০৬৫: আমি একজন ডিস্ট্রিবিউটর আমি সেমাই, মশলা, চিপস এসব পন্য ক্রয় করে বিভিন্ন দোকানে বিক্রি করি। এখন ভ্যাট অফিস থেকে আমার কাছে ৪% ভ্যাট চেয়েছে। আমি কিভাবে ভ্যাট দিব?
উত্তর: আপনার কাজ ভ্যাট আইন অনুসারে ভ্যাটের আওতায় পড়ে। ভ্যাটের ক্ষেত্রে পণ্যের ওপর তিন স্তরে ভ্যাট আরোপিত হয়, যথা: (১) আমদাদিন স্তর; (২) উৎপাদন স্তর; এবং (৩) ব্যবসায়ী স্তর। আপনার কাজটি ব্যবসায়ী স্তরের আওতায় পড়ে। ব্যবসায়ী স্তরে তিনভাবে ভ্যাট পরিশোধ করা যায়। (১) উপকরণ কর রেয়াত নিলে ১৫ শতাংশ ভ্যাট পরিশোধ করতে হবে। উপকরণ কর রেয়াত না নিলে ৪ শতাংশ ভ্যাট পরিশোধ করতে হবে। আর ছোট ছোট দোকানের ক্ষেত্রে বার্ষিক থোক ভ্যাট রয়েছে যা প্যাকেজ ভ্যাট নামে পরিচিত।

প্রশ্ন-০৬৪: রাজউককের plot গুলো হস্তান্তরের সময় এ ক্ষেত্রে কত পারসেন্ট হারে ভ্যাট আসে? রাজউক থেকে বলেছে যে, তাদের একটা রেট আছে সেটার সাথে ভ্যাট যুক্ত হবে? পূর্বাচলের জায়গা ৫ কাঠার জায়গা ৫০০০০ হাজার করে মূল্য ধরছে আড়াই লক্ষ টাকা হবে আমি জানতে চাচ্ছি আসলে হবে কিনা থাকলে কত পারসেন্ট ?

উত্তর: প্লট তৈরি করে বিক্রি করা আমাদের দেশের ভ্যাট ব্যবস্থায় একটি সেবা। এই সেবার শিরোনাম হলো ভূমি উন্নয়ন সংস্থা। এই সেবার ওপর ভ্যাটের হার ৩ শতাংশ। প্লটের মূল্যের ওপর ৩ শতাংশ হারে ভ্যাট পরিশোধ করতে হবে। তাছাড়া, ভূমি রেজিস্ট্রেশন ফি'র ওপর ১৫ শতাংশ ভ্যাট পরিশোধ করতে হবে।

প্রশ্ন-০৬৩: Back, আমি আমার অফিস ভাড়ার জন্য December 2015 একটি agreement করি কিন্তু,আমি VAT registration করি December 2016 তাহলে আমি এখন সরকারকে কোন মাস থেকে VAT দিব ?

উত্তর: যখন থেকে আপনি ভাড়া নিয়েছেন তখন থেকে আপনাকে ভাড়ার ওপর ভ্যাট পরিশোধ করতে হবে। শুধু বাড়ি ভাড়ার ভ্যাট পরিশোধ করার জন্যে ভ্যাটের রেজিস্ট্রেশন নেয়ার প্রয়োজন নেই। ভ্যাটের রেজিস্ট্রেশন ছাড়াই বাড়ি ভাড়ার ভ্যাট পরিশোধ করা যায়। আপনি হয়তো অন্য কোনো কারণে রেজিস্ট্রেশন নিয়েছেন।

প্রশ্ন-০৬২: বাংলাদেশ থেকে একজন লোক কূটনৈতিক হিসেবে বিদেশে গিয়ে বসবাস করবেন পরিবারসহ এজন্য তাকে অনেক মালামাল দেয়া হয় যা তিনি বিদেশে নিয়ে যাবেন এক্ষেত্রে তার মালামাল পরিবহনের খরচ হিসেবে সরকারি অফিসে একটা বিল দেন তার এ বিলের উপর কত % ভ্যাট দিতে হবে ?

উত্তর: আপনার বর্ণনামতে এটা তার ট্রান্সপোর্ট এলাউন্সের বিল। এই বিলের ওপর কোনো ভ্যাট নেই। বেতন-ভাতা ইত্যাদির ওপর কোনো ভ্যাট নেই। তা দেশে বা বিদেশে যেখানেই প্রযোজ্য বা ব্যয় হোক না কেনো। তবে, ফ্রেইট ফরোয়ার্ডার সেবার ওপর ১৫ শতাংশ ভ্যাট প্রযোজ্য আছে। কুরিয়ার সার্ভিস সেবার বিলের ওপর ১৫ শতাংশ ভ্যাট প্রযোজ্য আছে। এসব সেবা যদি নেয়া হয়ে থাকে তাহলে ভ্যাট প্রযোজ্য হবে। যিনি টিএ/ডিএ পাবেন তিনি তার অফিসের নিয়ম অনুসারে নির্দিষ্ট পরিমাণ টিএ/ডিএ পাবেন। টিএ/ডিএ এর ওপর কোনো ভ্যাট নেই।

প্রশ্ন-০৬১: আমি প্রাণ কোম্পনির ব্যবসা করি মাসে ৫ থেকে ৬ লক্ষ টাকা বিক্রয় করি ভ্যাট অফিস থেকে লোক এসে বলে পরিবেশকের উপর ৪% হারে ভ্যাট দিতে হবে আমি প্রাণ কোম্পনি থেকেই পাই ৪% কমিশন এক্ষেত্রে ৪% ভ্যাট দিব কি করে তাহলে তো আর ব্যবসা করতে পারব না?

উত্তর: যারা শুধু কমিশনের বিনিময়ে বিক্রি করে তাদের ক্ষেত্রে কমিশনের ওপর ভ্যাটের হার ১৫ শতাংশ। যারা মূল্য ঘোষণা দিয়ে রেয়াত নেয় তাদের ক্ষেত্রে সর্বমোট বিক্রয় মূল্যের ওপর ভ্যাট ১৫ শতাংশ। যারা মূল্য ঘোষণা দেয় না এবং রেয়াত নেয় না তাদের ক্ষেত্রে সর্বমোট বিক্রয় মূল্যের ওপর ভ্যাটের হার ৪ শতাংশ।

প্রশ্ন-০৬০: আমদানি সংক্রাত মুসক ফর্ম কোনগুলো? ২। যারা প্যাকেজ ভ্যাট প্রদান করে তাদের কি ভ্যাট রেজিসট্রেশন নাম্বার থাকতে হয়? নাকি সুধু ট্রেজারি চালানের মাধ্যমে নির্ধারিত পরিমান টাকা সোনালি ব্যাংক এ জমা প্রদান করলেই হয়?

উত্তর: আমদানি সংক্রান্ত কোনো মূসক ফরম নেই। ভ্যাট সংক্রান্ত কোনো কাজ করলেই ভ্যাট আইনের আওতায় রেজিষ্ট্রেশন নিতে হয়। তাই, প্যাকেজ ভ্যাট হোক আর যে ভ্যাট হোক না কেনো, তার ভ্যাটের আওতায় রেজিষ্ট্রেশন নেয়ার প্রয়োজন রয়েছে। কিন্তু বাস্তবে আমাদের দেশে যারা প্যাকেজ ভ্যাট প্রদান করে তারা রেজিষ্ট্রেশন নেয় না। শুধুমাত্র ট্রেজারি চালানের মাধ্যমে ভ্যাট জমা দিয়ে ট্রেজারি চালান ভ্যাট অফিসে জমা দেয়। এক্ষেত্রে আইনের পরিপূর্ণ বাস্তবায়ন সম্ভব হয়নি।

প্রশ্ন-০৫৯: ১৯৯১ সালের ২০১৬-২০১৭ অর্থবছরে ইলেক্ট্রনিক টেলিকমুনিকেশন বিজনেসের ক্যাঁট ৬/৫ কেবল ইম্পরট করা ভ্যাট অব্যাহতির কোন নোটিশ আছে কিনা? বা কোন এসআরও দ্বারা উক্ত পণ্য ইম্পরট অব্যাহতি দেওয়া হয়েছে কিনা?

উত্তর: না, কেবল ইমপোর্টের উপর বর্তমানে ভ্যাট অব্যাহতি নেই।

প্রশ্ন-০৫৮: আমি সয়েল টেস্ট করিয়েছি। এখন আমি বিলের উপর কত হারে ভ্যাট কেটে রাখব?

উত্তর: আপনি বা আপনার অফিস যদি উৎসে ভ্যাট কর্তনকারী কর্তৃপক্ষ হয়ে থাকে তাহলে এক্ষেত্রে ১৫ শতাংশ ভ্যাট উৎসে কর্তন করতে হবে। বর্তমান ভ্যাট আইনে এই সেবাটির শিরোনাম হলো জরীপ সংস্থা। এই সেবার উপর ভ্যাটের হার ১৫ শতাংশ।

প্রশ্ন-০৫৭: পূরাতন বিল্ডিং এ রং করতে কি পরিমাণ ভ্যাট দাওয়া লাগবে?

<u>উত্তর:</u> আমাদের বর্তমান ভ্যাট ব্যবস্থায় "নির্মাণ সংস্থা" হলো একটি সেবা যা আমরা সহজে কন্ট্রাক্টর হিসেবে বুঝে থাকি। এই সেবার ওপর বর্তমানে ভ্যাটের হার ৬ শতাংশ। এই ভ্যাট উৎসে কর্তনযোগ্য। অর্থাৎ কন্ট্রাক্টরের বিল থেকে ভ্যাট উৎসে কাটতে হবে। পূরাতন বিল্ডিং রং করা এই সেবার আওতায় পড়ে। তাই, এক্ষেত্রে ৬ শতাংশ ভ্যাট প্রযোজ্য হবে।

প্রশ্ন-০৫৬: আমাদের কাছ থেকে কেউ বই কেনে তাহলে তার উপর কি ভ্যাট হবে? আমরা Research Training , Power training এর বই বিক্রি করি। আমরা বিদেশ থেকে(আই ডি বি, আই এম এ, ওয়াল্ড ব্যাংক এর) বই এনে দেশে বিক্রয় করি। মূসক অনুবিভাগ- প্রচার এর বই ২০১৬/১৭ অর্থ বছরের ভ্যাট কর্তন তালিকা, এন বি আর বথি নম্বর, মূসক আইন ৮০০১, প্রকাশ জুন ২০১৬ অনুযায়ী আমাকে ক্রয়কৃত বইয়ের ভ্যাট ৫% দিতে হবে। বর্তমান আইন অনুযায়ী কত পার্সেন্ট ভ্যাটে আমি বই গুলো ক্রয় অথবা বিক্রয় করতে পারবো?

<u>উত্তর:</u> ভ্যাট হলো একটি বহুস্তরবিশিষ্ট কর ব্যবস্থা। বিভিন্ন স্তরে ভ্যাট আরোপ ও আদায় করা হয়। যেমন: আমদানি স্তরে, উৎপাদন স্তরে, ব্যবসায়ী স্তরে ইত্যাদি। আপনি বই বিক্রির উপর ভ্যাট প্রযোজ্য হবে কি-না তা জানতে চেয়েছেন। অর্থাৎ ব্যবসায়ী স্তরে বই বিক্রির উপর ভ্যাট প্রযোজ্য হবে কি-না তা জানতে চেয়েছেন। অন্য যেকোনো ভ্যাটযোগ্য পণ্যের মত বইয়ের উপরও ব্যবসায়ী স্তরে ভ্যাট প্রযোজ্য আছে। বর্তমানে ব্যবসায়ী স্তরের ভ্যাট তিনভাবে প্রদান করা হয়। যে ব্যবসায়ী রেয়াত নেন, তিনি ১৫ শতাংশ ভ্যাট পরিশোধ করেন। যে ব্যবসায়ী রেয়াত নেন না তিনি ৪ শতাংশ ভ্যাট পরিশোধ করেন। আর ছোট ছোট দোকানদার বার্ষিক থোক প্যাকেজ ভ্যাট প্রদান করেন। ভ্যাটের ক্ষেত্রে আর একটি বিষয় হলো উৎসে ভ্যাট কর্তন। কিছু কিছু অফিস/প্রতিষ্ঠানকে ক্রয়ের বিপরীতে মূল্য পরিশোধের সময় উৎসে ভ্যাট কাটতে হয়। আপনারা যদি ব্যবসায়ী স্তরে ভ্যাট পরিশোধিত ভ্যাট চালানপত্র সহ বই সরবরাহ দেন, তাহলে উৎসে ভ্যাট কাটতে হবে না। ভ্যাট চালানপত্র ছাড়া বই সরবরাহ দিলে ৫ শতাংশ ভ্যাট উৎসে কাটতে হবে।

প্রশ্ন-০৫৫: আমি পত্রিকায় দেখলাম যে টার্নওভার ৩০ লক্ষ টাকার নিচে হলে ভ্যাট দিতে হবে না কিন্তু লোকাল অফিস এ বলল যে দিতে হবে সেটা কি তাহলে ?

<u>উত্তর:</u> নতুন ভ্যাট আইনে বার্ষিক টার্ণওভার ৩০ লক্ষ টাকা বা তার চেয়ে কম হলে ভ্যাট বা টার্ণওভার কর পরিশোধ করতে হবে না। নতুন ভ্যাট আইন ১ জুলাই, ২০১৭ তারিখ থেকে চালু হবে। নতুন ভ্যাট আইনের বিষয় জনগণকে বুঝানোর জন্য পত্র-পত্রিকায় প্রচারণা চালানো হচ্ছে। আপনি এরূপ একটি প্রচারণাপত্র দেখেছেন।

প্রশ্ন-০৫৪: MENTORS কোচিং আমাদের কাছ থেকে ১৫ % হারে ভ্যাট নিচ্ছে যেখানে SAIFURS কোচিং ৪.৫% হারে ভ্যাট কাটছে আমি জানতে চাচ্ছি যেহেতু দুইটি কোম্পানি একই কাজ করছে কিন্তু MENTORS কোচিং কেন বেশি ভ্যাট কাটবে ?আমি কি এই বেপারে অভিযোগ করতে পারব?

<u>উত্তর:</u> কোচিং সেন্টারের ওপর বর্তমানে ভ্যাটের হার ১৫ শতাংশ। কয়েক বছর পূর্বে কোচিং সেন্টার সেবার ওপর ভ্যাটের হার ৪.৫ শতাংশ ছিল। আমি যতদূর জানি সাইফুরস ভ্যাটের বিষয়ে মহামান্য হাইকোর্টে মামলা দায়ের করেছিল। সে মামলার অগ্রগতি বা ফলাফল কি তা আমাদের জানা নেই। আপনি যদি অভিযোগ করতে চান তাহলে সাইফুরস এর স্থানীয় ভ্যাট সার্কেল বা বিভাগ বা কমিশনারেট অফিসে বা ভ্যাট গোয়েন্দা দপ্তরে বা জাতীয় রাজস্ব বোর্ডে অভিযোগ করতে পারেন।

প্রশ্ন-০৫৩: আমার একটি ফটোকপির বিজনেস আছে আমাকে কত % হারে ভ্যাট দিতে হব। ১৯৯১ সালের আইনানুযায়ী আমাকে কত % হারে ভ্যাট দিতে হবে।

<u>উত্তর:</u> ফটোকপি করা ১৯৯১ সালের ভ্যাট আইন অনুসারে বিবিধ সেবার আওতায় পড়ে। বিবিধ সেবার উপর ভ্যাটের হার ১৫ শতাংশ।

প্রশ্ন-০৫২: আমি একটি নতুন রড সিমেন্টের বিজনেস শুরু করতে চাচ্ছি এখন আমার ভ্যাট রেজিস্ট্রেশান কিভাবে নিতে হবে এবং কখন নিতে হবে আর কত % হারে ভ্যাট দিতে হবে? প্যাকেজ ভ্যাটের সিস্টেমটি কি?

<u>উত্তর:</u> রডের উপর পুরাতন আইন অনুসারে ব্যবসায়ী স্তরে ভ্যাট হলো প্রতি মেঃটঃ ২০০ টাকা। সিমেন্টের ক্ষেত্রে

উপকরণ কর রেয়াত নিলে ১৫ শতাংশ আর রেয়াত না নিলে ৪ শতাংশ ব্যবসায়ী স্তরের ভ্যাট পরিশোধ করতে হবে। প্যাকেজ ভ্যাট হলো ছোট দোকানদারদের জন্যে যা নিম্নরূপ:

µ: bs	†h mKj GjvKvi Rb¨ c‡hvR¨	m‡ev"P ewlK gj¨ ms‡hvR‡bi cwigvY	c‡`q b¨bZg gj¨ ms‡hvRb K‡ii cwigvY
1	2	3	8
1.	XvKv DËi wmwU K‡cv‡ikb, XvKv `wÿY wmwU K‡cv‡ikb I PÆMvg wmwU K‡cv‡ikb GjvKv	1,86,667/- UvKv	28,000/- UvKv
2.	Ab¨vb¨ wmwU K‡cv‡ikb GjvKv	1,33,334/- UvKv	20,000/- UvKv
3.	†Rjv kn‡ii †cŠi GjvKv	93,334/- UvKv	14,000/- UvKv
4.	†`‡ki Ab¨vb¨ GjvKv	46,667/- UvKv	7,000/- UvKv

প্রশ্ন-০৫১: দেশের মধ্যে পন্য সাপ্লাইয়ের ক্ষেত্রে কি পরিমান ভ্যাট ইনক্লুড হবে নতুন ও পুরাতন আইন অনুসারে?
উত্তর: নতুন আইন অনুসারে ১৫ শতাংশ। পুরাতন আইন অনুসারে এক কথায় উত্তর দেয়া সম্ভব নয়। পুরাতন আইন অনুসারে বিভিন্ন ধরনের সাপ্লাই এর উপর ভ্যাটের হার এবং পদ্ধতি আলাদা। অনুগ্রহ করে সাপ্লাইটি সুনির্দিষ্ট করে বলুন। অর্থাৎ কে সাপ্লাই নিবে, কে সাপ্লাই দিবে, কি সাপ্লাই দিবে। এবিষয়গুলো জানতে পারলে সঠিক উত্তর দেয়া সম্ভব হবে।

প্রশ্ন-০৫০: আমি আমার বাড়িভাড়া একটি হসপিটালকে দিয়েছি তাহলে আমার কত ভ্যাট দিতে হবে ?
উত্তর: বাণিজ্যিক বাড়ি ভাড়ার ওপর বর্তমানে ভ্যাটের হার ১৫ শতাংশ। তবে, ভ্যাট দিতে হবে ভাড়া গ্রহণকারীকে। ভাড়া প্রদানকারী অর্থাৎ বাড়ির মালিককে ভ্যাট দিতে হবে না। যিনি ভাড়া নিয়েছেন তিনি ১৫ শতাংশ ভ্যাট সরকারী কোষাগারে জমা প্রদান করবেন। তবে, আরো মনে রাখতে হবে যে, ভাড়া থেকে ভ্যাট কাটতে হবে না। ভাড়ার অতিরিক্ত ভ্যাট পরিশোধ করতে হবে।

প্রশ্ন-০৪৯: সরকারের খাদ্যমন্ত্রনালয়ের খাদ্য সরবরাহের উপর ভ্যাট হবে কি না?
উত্তর: অনুগ্রহ করে প্রশ্নটি সুনির্দিষ্টভাবে করুন। অর্থাৎ কি খাদ্যের সরবরাহ। ধান, চাল না অন্যকিছু। কে সরবরাহ দিয়েছে এবং কে সরবরাহ নিয়েছে তা সুনির্দিষ্টভাবে বলুন। সাধারণত খাদ্য মন্ত্রণালয় কৃষকদের নিকট থেকে ধান ক্রয় করে। এক্ষেত্রে কোন ভ্যাট নেই। আবার, খাদ্য মন্ত্রণালয় অনেক সময় ন্যায্যমূল্যে চাউল বিক্রি করে। এ ধরনের বিক্রির ওপর ভ্যাট নেই।

প্রশ্ন-০৪৮: উৎসে কর একটি কোম্পানি মুসক ১১ ক্রয় চালান ফর্ম ছাড়াই ভ্যাট উইথহলড করতে চায় ! এটা কি সম্ভব কিনা যদি উক্ত কোম্পানি উইথহোল্ডিং ভ্যাটের পরিমান ট্রেজারি চালানের মাধ্যমে জমা দিয়ে দেয়?
উত্তর: অনুগ্রহ করে আপনি সুনির্দিষ্টভাবে প্রশ্নটি করুন। ক্রেতার নাম বলুন, বিক্রেতার নাম বলুন। কি পণ্য বা সেবা ক্রয়-বিক্রয় করা হয়েছে তা বলুন। তাহলে উৎসে ভ্যাট কর্তন করতে হবে কি-না বা কত শতাংশ ভ্যাট উৎসে কর্তন করতে হবে সে জবাব দেয়া সম্ভব হবে। ৩৮টি সেবা আছে যেসব ক্ষেত্রে সাধারণত ভ্যাট চালান থাকুক বা না থাকুক উৎসে ভ্যাট কর্তন করতে হয়।

প্রশ্ন-০৪৭: পাবলিক বিশ্ববিদ্যালয়ের পতাকা বানানোর উপর কত % ভ্যাট দিতে হবে?
উত্তর: বর্তমান ভ্যাট আইন অনুসারে সব শিক্ষা প্রতিষ্ঠানকে উৎসে ভ্যাট কাটতে হবে। বিশ্ববিদ্যালয় শিক্ষা প্রতিষ্ঠান হিসাবে উৎসে ভ্যাট কর্তনকারী কর্তৃপক্ষ। তাছাড়া, সরকারি সংস্থা হিসাবেও বিশ্ববিদ্যালয় উৎসে ভ্যাট কর্তনকারী কর্তৃপক্ষ। আমি ধরে নিলাম যে, বিশ্ববিদ্যালয় অর্ডার দিয়ে পতাকা সাপ্লাই নিতেছে। এক্ষেত্রে যোগানদার হিসেবে ৫ শতাংশ ভ্যাট উৎসে কর্তন করতে হবে।

প্রশ্ন-০৪৬: উৎসে কর কেটে নিয়ে রশিদ দিতে দেরি করলে করনিয় কি?
উত্তর: উৎসে ভ্যাট কাটার পর "মূসক-১২খ" ফরমে প্রত্যয়ন দিতে হয়। কোনো রশিদ দিতে হয় না। এই প্রত্যয়ন দেয়ার নিয়ম হলো উৎসে কর্তন করা অর্থ জমা দেয়ার ৫ দিনের মধ্যে প্রত্যয়ন ইস্যু করতে হবে। এই প্রত্যয়ন দেয়া

হলো আইনের বাধ্যবাধকতা। ইহা না দিলে আইনের আওতায় দায়ী হবেন। যদি কেউ প্রত্যয়ন না দেয় তার সাথে লেন-দেন না করা উত্তম।

প্রশ্ন-০৪৫: ১৯৯১ সালের আইন অনুযায়ী সরবরাহের ক্ষেত্রে কত শতাংশ ভাট ?

উত্তর: এ বিষয়টি দু এক কথায় বলা সম্ভব নয়। সরবরাহ বলতে আপনি কি বুঝিয়েছেন তা সঠিকভাবে না জানা হলে উত্তর সঠিক হবে না। কারণ, ভ্যাট ব্যবস্থায় "সরবরাহ" শব্দটির ব্যাপক অর্থ রয়েছে। সাধারণত সরবরাহ বলতে "যোগানদার" বুঝানো হয়। যোগানদার হলো ভ্যাট ব্যবস্থায় একটি সেবা। এই সেবার ওপর বর্তমানে ভ্যাটের হার ৫ শতাংশ।

প্রশ্ন-০৪৪: আমাদের একটা কোম্পানি মতিঝিল সার্কেলে ও এর লিয়াজো অফিস হল গুলশানে । লিয়াজো যে অফিসটি সেটাতে regular VAT দিতেছি আমাদের register address মতিঝিল সার্কেলে । আমরা monthly VAT return submit করি মতিঝিল সার্কেলে । এখন আমি যে গুলশান সার্কেলে VAT submit করতেছি এটাকি মতিঝিলের ঐ VAT return এ show করানো যাবে?

উত্তর: আপনার প্রশ্নটি স্পষ্টভাবে বোধগম্য হলো না। সাধারণত লিয়াঁজো অফিস বিদেশী কোনো প্রতিষ্ঠানের পক্ষে কাজ করে। যেমন: আমেরিকার একটি প্রতিষ্ঠান বাংলাদেশ থেকে গার্মেন্টস কিনে। গার্মেন্টস কেনার জন্য তাকে কোয়ালিটি টেস্ট করতে হয়, নমুনা সরবরাহ করতে হয়, নমুনা অনুসারে উৎপাদন হচ্ছে কি-না তা দেখতে হয়। আরো অনেক বিষয় ক্রেতা প্রতিষ্ঠানের মণিটরিং করার দরকার হয়। কিন্তু আপনার ক্ষেত্রে কোম্পানি মতিঝিল সার্কেলে আর লিয়াঁজো অফিস গুলশানে তা কেমন করে বোধগম্য হচ্ছে না। অনুগ্রহ করে আরো বিস্তারিত বলুন। দুটি প্রতিষ্ঠানের কাজ কি। দুটি প্রতিষ্ঠানের মধ্যে সম্পর্ক কি তা জানা গেলে উত্তর দেয়া সহজ হবে।

প্রশ্ন-০৪৩: আমাদের যে stocking hand থাকে ,আমরা যখন physically করি ঐখানে অনেক সময় variance আসে book stock এর সাথে physically stock এর ওইটা আমরা books of accounts adjustment দিয়ে দিই । যেটা physically ওইটা ঠিক রেখে যেটা কমবেশি হয় সেটা expense করে দিই । so VAT 16, 17 ঐ adjustment টা কিভাবে হবে ? (০১৭৬৬৬৯৮৩৬২)

উত্তর: আপনার প্রশ্নের মাধ্যমে আমি যা বুঝতে পেরেছি তাতে আপনি স্টকের এ্যাকাউন্ট ট্রিটমেন্ট বলেছেন এবং ভ্যাটের ট্রিটমেন্ট জানতে চেয়েছেন। ভ্যাটের বিধানে আপনার স্টক কম-বেশি হওয়ার কোনো অবকাশ নেই। বর্তমান বিধান অনুসারে আপনাকে ইনপুট-আউটপুট কো-এফিসিয়েন্ট অনুসারে কাঁচামাল ব্যবহার করতে হবে। কাঁচামাল দিয়ে পণ্য উৎপাদনের পর ফিনিশড গুডস হয়ে যাবে। তখন ফিনিশড গুডস এর রেজিস্টারে যোগ হয়ে যাবে। তাই, উপকরণ ও ফিনিশড গুডস এর ক্ষেত্রে মূসক রেজিস্টারের (১৬, ১৭) ব্যালান্সের সাথে গুদামের প্রকৃত ব্যালান্সের মিল থাকতে হবে। কোনো এডজাস্টমেন্ট করতে হলে তার গ্রহণযোগ্য ব্যাখ্যা থাকতে হবে।

প্রশ্ন-০৪২: অকেজো প্ল্যান্ট এবং মেশিনারি ও অন্যান্য মালামাল নিলামের ক্ষেত্রে কত % ভ্যাট দিতে হবে এবং এর সাথে আর কোন ভ্যাট এবং ট্যাক্স যুক্ত হবে কীনা যদি যুক্ত হয় তাহলে কোনটা কত % দিতে হবে ?

উত্তর: এটি একটি ভ্যাট বিষয়ক কল সেন্টার। এখানে আমরা শুধুমাত্র ভ্যাট সংক্রান্ত প্রশ্নের জবাব প্রদান করি। অন্য কোন ট্যাক্স সংক্রান্ত প্রশ্নের জবাব প্রদান করা আমাদের দায়িত্ব নয়, সে সক্ষমতাও আমাদের নেই। পুরাতন প্ল্যান্ট, মেশিনারি, লোহা-লক্কড়, স্ক্র্যাপ ইত্যাদি যদি নিলামে বিক্রি করা হয়, তাহলে যিনি নিলামে কিনবেন তিনি ক্রয়মূল্যের অতিরিক্ত ৪ শতাংশ ভ্যাট পরিশোধ করবেন। যেকোন নিলাম ক্রেতাকে এই ভ্যাট পরিশোধ করতে হবে। এখানে কত শতাংশ আয়কর পরিশোধ করতে হবে তা আয়কর বিভাগ বলতে পারবে।

প্রশ্ন-০৪১: একজন গ্রাহক তার এই মাস এ ১৩০০০ টাকা জরিমানা এসেছে তার কি মুশক ১৮ তা উল্লেখ করা লাগবে কিনা?

উত্তর: জরিমানার অর্থ জরিমানা হেডে ট্রেজারী চালানের মাধ্যমে সরকারি খাতে জমা দিয়ে মূসক-১৮ রেজিষ্টারের ব্যালান্সের সাথে যোগ করতে হবে। তারপর ব্যালান্স থেকে বিয়োগ করে জরিমানা পরিশোধ করতে হবে।

প্রশ্ন-০৪০: আমি একটা জায়গা ক্রয় করেছিলাম প্রাইভেট লিমিটেড কোম্পানী থেকে। ঐ এরিয়ার মৌজা নম্বর অনুযায়ী সরকার একটা রাজস্ব আদায় করে। আমাকে ১০.৫% পৌরকর দিতে হয়। এখন প্রাইভেট লিমিটেড কোম্পানী যখন আমার কাছে জমিটা বিক্রি করে তখন তারা ৬.৫% ভ্যাট আদায় করে। আমি যদি কোনো ব্যাক্তির কাছ থেকে জমিটা কিনতাম তাহলে আমাকে এই ভ্যাটটা দিতে হতো না। এখন আমি পৌরকর ও দিচ্ছি আবার ভ্যাট ও দিচ্ছি। এক্ষেত্রে বিধান কি? তারা আমার কাছ থেকে কেনো ভ্যাটটা নিচ্ছে?
১৯৯১ সালের আঈন অনুযায়ী বাণিজ্যিক আবাসনের ভাড়ার উপর কত শতাংশ ভ্যাট প্রযোজ্য হবে?
উত্তর: আপনার প্রশ্নটা ঠিক বোধগম্য হলো না। তাই, এ সংক্রান্ত সাধারণ নিয়ম তুলে ধরলাম। উন্নয়নকৃত ভূমির উপর ভ্যাটের হার ৩ শতাংশ। অর্থাৎ উন্নয়নকৃত ভূমি বিক্রয়মূল্যের উপর ভ্যাট ৩ শতাংশ। আর রেজিস্ট্রেশন ফি এর উপর ভ্যাটের হার ১৫ শতাংশ। কোন ভূমি যদি ইজারা নেয়া হয়, তাহলে ইজারা মূল্যের উপর ভ্যাটের হার ১৫ শতাংশ। আপনি ৬.৫ শতাংশ ভ্যাটের হার উল্লেখ করেছেন তা বোধগম্য হলো না।

প্রশ্ন-০৩৯: সিটি কর্পোরেশন/পৌরসভা দোকান বরাদ্দ দিবার পূর্বে মার্কেটের দোকানের উপর যে সেলামীর টাকা আদায় করিয়া থাকে, এখন এই সেলামীর টাকার উপর কোনভাবে ভ্যাট হইবে কিনা?
উত্তর: সেলামি বলতে আপনি কি বুঝিয়েছেন তা বোধগম্য হলো না। সেলামি যদি নিরাপত্তা জামানত হয়ে থাকে যা পরে ফেরৎ দেয়া হবে, তাহলে তার ওপর ভ্যাট প্রযোজ্য হবে না। আর সেলামি যদি দোকানের মূল্য হয়ে থাকে, তাহলে তার উপর ভ্যাট প্রযোজ্য হবে। ভ্যাটের হার হলো ১ বর্গফুট থেকে ১১০০ বর্গফুট প*h*ন্ত – ১.৫ শতাংশ। ১১০১ বর্গফুট থেকে ১৬০০ বর্গফুট প*h*ন্ত – ২.৫ শতাংশ। ১৬০১ বর্গফুট থেকে তদূর্ধ – ৪.৫ শতাংশ।

প্রশ্ন-০৩৮: "আমি জানুয়ারির ১ তারিখে ট্রেজারি চালান বাংকে চেকের মাধ্যমে জমা দিয়েছি, কিন্তু বাংক ১ ফেব্রুয়ারি রিসিভ করেছে? এখন এটা কি আমি জানুয়ারির চলতি হিসেবে চালাতে পারি?"
উত্তর: ট্রেজারী চালান যে তারিখে ইস্যু করা হয়েছে সে তারিখে বা তার পর চলতি হিসাব রেজিস্টারে এন্ট্রি দিতে হবে। সে তারিখের আগে এন্ট্রি দেয়া যাবে না। কারণ, ট্রেজারি চালান ইস্যু করা হলেই সরকারী খাতে টাকা জমা হয়। চেক জমা দিলে চেক ক্লিয়ার হওয়ার পর ট্রেজারি চালান ইস্যু করা হয়। চেক ক্লিয়ার না হলে ওই টাকা সরকারী খাতে জমা হয় না। যাহোক, ট্রেজারি চালানে যে তারিখ উল্লেখ থাকবে, সে তারিখ বা তার পর চলতি হিসাব রেজিস্টারে এন্ট্রি দিতে হবে।

প্রশ্ন-০৩৭: আমি ২৫ লক্ষ টাকার উপর আইরসি করছি সেটা রিনিউ করতে বছরে কত টাকা লাগবে। আমার ২০১৪ সাল পর্যন্ত আপডেট করা আছে ২০১৫-২০১৬ এবং ২০১৭-২০১৮ পর্যন্ত কত টাকা লাগবে?"
উত্তর: আইআরসি যে দপ্তরে রিনিউ করতে হবে, সে দপ্তরে প্রশ্নটি করতে হবে। এটা ভ্যাট সংক্রান্ত বিষয় নয়।

প্রশ্ন-০৩৬: আনসার ক্যাম্পের টেন্ডার ইভালুইয়েশন এর জন্য আমন্ত্রিত বোর্ড সভার মেম্বারদের সম্মানির উপর ভ্যাট কাটা যাইবে কিনা?
উত্তর: টেন্ডার কমিটি আর বোর্ড এক বিষয় নয়। তবে, টেন্ডার কমিটির সভার সম্মানীর ওপরও ভ্যাট কাটতে হবে। ভ্যাটের হার হবে ১৫ শতাংশ। সেবার নাম হবে অন্যান্য বিবিধ সেবা।

প্রশ্ন-০৩৫: একজন আমদানিকারক সরকারি নিয়ম অনুযায়ী ২৬.৭% পর্যন্ত প্রফিট করতে পারবেন ! এখন একজন আমদানিকারক আমদানির সময় সকল প্রকার ভ্যাট, এসডি, এটিভি ইত্যাদি পরিশোধ করিলেন ! কিন্তু বিক্রির সময় তিনি কোন প্রকার মুনাফা/প্রফিট না করেই বিক্রি করলেন ! এখন ক্রয় মূল্যতেই যদি বিক্রয় করা হয় তাহলে উক্ত আমদানিকারক রেয়াত পাইবেন কিনা? কারন উনি পূর্বে আমদানির সময় একবার ভ্যাট প্রদান করিয়া আসিয়াছেন। স্বাভাবিক নিয়মে রেয়াত পাইতেন তখন, যখন উনি ঐ আমদানিকৃত পণ্য ক্রয় মূল্য থেকে অধিক দামে ২৬.৭% পর্যন্ত প্রফিট করিয়া লভ্যাংশের উপর প্রাপ্ত ভ্যাট সরকারি কোষাগারে জমা দিতেন ! কিন্তু যেহেতু উক্ত আমদানিকারক কোন প্রফিট/মুনাফা করিছেন না, সেক্ষেত্রে রেয়াত এর ব্যাবস্থা টা কি হতে পারে?"
উত্তর: আপনার প্রশ্ন আমি যতদূর বুঝতে পেরেছি তাতে রেয়াত পাওয়া যাবে। আপনার প্রশ্নে কিছু অস্পষ্টতা রয়েছে। আমদানি করার পর যদি ২৬.৬৭ শতাংশ মূল্য সংযোজন হয় তাহলে ব্যবসায়ী প*h*ায়ের ভ্যাট পরিশোধ করতে হবে না-

এই হলো নিয়ম। সেক্ষেত্রে একটি বিশেষ পদ্ধতি রয়েছে। আর আমদানি করার পর যদি মূল্য সংযোজন ২৬.৬৭ শতাংশ এর চেয়ে কম বা বেশি হয়, সেক্ষেত্রে মূল্য ঘোষণা দিয়ে বিক্রি করতে হবে এবং আমদানির সময় পরিশোধ করা ভ্যাট রেয়াত নেয়া যাবে।

প্রশ্ন-০৩৪: জানুয়ারি ২০১৭ তে ইংলিশ মিডিয়াম স্কুলের উপর ভ্যাট অব্যাহতি দেওয়া হইয়াছে, এই আদেশের পর স্কুল গুলো ভ্যাট আদায় সাময়িক ভাবে বন্ধ রাখিলেও, মামলাটি পুনরায় আপীলেট ডিভিশনে উত্থানের পর, আপীলেট ডিভিশনের চূড়ান্ত সিদ্ধান্ত জারী না হইতেই, স্কুল গুলো তাদের ভ্যাট অব্যাহতির বিষয়টি পুনরায় রহিত করিয়াছে ! এখন অভিভাবকগন কেন আবার পুরনো সিদ্ধান্ত অনুযায়ী ভ্যাট প্রদান করিবেন? কারন জানুয়ারির ইংলিশ মিডিয়াম স্কুলের উপর ভ্যাট অব্যাহতির নতুন আদেশটি এখনও বলবৎ রহিয়াছে, আপীলের সিদ্ধান্ত না আসা পর্যন্ত এই সিদ্ধান্ত টি এভাবেই বলবৎ থাকা উচিত ! তাহলে অভিভাবকগন কোন সিদ্ধান্তটি অনুসরন করিবেন? এনবিআর এর থেকে এই ব্যাপারে নির্দেশনা কি দেওয়া হবে?

<u>উত্তর:</u> মহামান্য হাইকোর্ট বিভাগের আদেশ মহামান্য আপীলাত বিভাগ কর্তৃক স্থগিত করা হয়েছে। তাই, মহামান্য হাইকোর্ট বিভাগের আদেশের বর্তমানে কা*h*/কারীতা নেই। তাই, ইংলিশ মিডিয়াম স্কুলের উপর বর্তমানে ভ্যাট বহাল আছে। আইনের ব্যাখ্যা এরকমই হয়। এখানে জাতীয় রাজস্ব বোর্ডের নতুন করে ব্যাখ্যা দেয়ার অবকাশ নেই।

প্রশ্ন-০৩৩: মূল্য ঘোষণাটা কীভাবে করা হয় ? আমি যেটা জানি তা হল AV+CD যুক্ত করে মূল্য ঘোষণাটা করা হয় , যদি শুধু মাত্র AV+CD যুক্ত করে মূল্য ঘোষণাটা করা হয় তাহলে বিল অফ এন্ট্রির অন্যান্য ব্যয় যেমন - SD, VAT, AT, AIT কীভাবে যুক্ত করব এবং মুনাফা কীভাবে ধরব ?”

<u>উত্তর:</u> মূল্য ঘোষণা করার বিষয় ছোট-খাটো উত্তর দিয়ে জানানো সম্ভব নয়। তা হাতে-কলমে শেখার মত বিষয়। তারপরও আপনার প্রশ্নের জবাবে জানাচ্ছি যে, আমদানি প*h*/য়ে পরিশোধিত ভ্যাট (এটিভিসহ) এবং অগ্রীম আয়কর রেয়াত নেয়া হয়। তাই, এ দুটি কর মূল্য ঘোষণার মধ্যে অন্তর্ভুক্ত করতে হয় না। অন্য সব ব্যয় মূল্য ঘোষণার মধ্যে অন্তর্ভুক্ত করতে হবে।

প্রশ্ন-০৩২: এখন রেজিস্ট্রেশন করতে গেলে অনেক কাগজপত্র চায়, কাগজপত্র দেয়ার পরে বলে ইন্সপ্যাক্টর যাবে ইনকুয়ারি করবে, ভ্যাট রেজিস্ট্রেশন করার ক্ষেত্রে কি ইনকুয়ারি লাগে? এত দেরি লাগে কেন এ বিষয়ে কমিশনারেট অফিসে যোগাযোগ করলে ,তারা অনেক সময় একটা কাগজ ফেলে দিয়ে বলে এই কাগজ নেই এটা নিয়ে আসুন , এখন আমরা কি করব ?

<u>উত্তর:</u> বর্তমানে ভ্যাট রেজিস্ট্রেশন নিতে সাধারণত নিম্নের দলিলাদি দাখিল করতে হয়:

(ক) হালনাগাদ ট্রেড লাইসেন্স;
(খ) চেয়ারম্যান/এমডি/স্বত্বাধিকারী/অথরাইজড সিগনেটরী এর পাসপোর্ট সাইজের ছবি;
(গ) টিআইএন সার্টিফিকেট;
(ঘ) ব্যাংক একাউন্টের প্রত্যয়নপত্র;
(ঙ) আমদানিকারকের ক্ষেত্রে হালনাগাদ আইআরসি;
(চ) রপ্তানিকারকের ক্ষেত্রে হালনাগাদ ইআরসি;
(ছ) **মূসক-৭** ফরমে ঘোষণা;
(জ) জাতীয় পরিচয়পত্র;
(ঝ) প্রাঙ্গানের ব্লু-প্রিন্ট;
(ঞ) জমির/বাড়ির মালিকানা বা ভাড়া সংক্রান্ত কাগজপত্র;
(ট) অথরাইজড সিগনেটরীর জন্য অথরাইজেশন পত্র;
(ঠ) লিমিটেড কোম্পানির ক্ষেত্রে মেমোরেন্ডাম বা আর্টিকেল;
(ড) পার্টনারশীপ ব্যবসার ক্ষেত্রে পার্টনারশীপ চুক্তি;
(ঢ) কেন্দ্রীয় নিবন্ধনের আবেদনের ক্ষেত্রে সব বিক্রয় কেন্দ্রের তালিক; ইত্যাদি।

দলিলাদি, প্রস্তাবিত স্থান ইত্যাদি সঠিক আছে কি-না তা ভ্যাট অফিসার প্রয়োজন মনে করলে ইনকোয়ারী করতে পারেন। রেজিস্ট্রেশন দিয়ে পরেও ইনকোয়ারী করা যায়। নতুন ভ্যাট আইনে রেজিস্ট্রেশন নিতে কোন ডকুমেন্ট দাখিল করতে হবে না। ১৫ মার্চ ২০০১৭ তারিখ থেকে অনলাইনে নতুন ভ্যাট আইনের আওতায় রেজিস্ট্রেশন চালু হবে।

প্রশ্ন-০৩১: একজন ব্যাক্তি যখন ব্যাংকে অন লাইন ট্রানজেকশনের উপর ভ্যাট দেয় তখন ভ্যাট কোনো ভাউচার প্রদান করে না? আমি জানতে চাচ্ছি ভ্যাটের ভাউচার কি আলাদা থাকবে নাকি একসাথে থাকবে? আমি যখন ব্যাংকের কাছে ভাউচার চাই তখন ব্যাংক আমাকে জানায় ভাউচার দেয়ার নিয়ম নেই? এখন আমি জানতে চাই ভ্যাটের চালান না দিলে কীভাবে বুঝবো ভ্যাটের টাকা পরিশোধ হচ্ছে। ব্যাংক বলছে অনলাইন সার্ভিস বিধায় ভ্যাট কাটছে কিন্তু চালান দিতে পারবে না। এক্ষেত্রে আমার করণীয় কী?

উত্তর: আমি আপনার প্রশ্ন যতটুকু বুঝতে পেরেছি আপনি যদি ব্যাংকের কোন সেবা নিয়ে কোনো চার্জ বা ফি প্রদান করেন, তাহলে ব্যাংক অবশ্যই আপনাকে প্রাপ্তি রসিদ দেবে। তবে, একাউন্টে যেসব ট্রানজেকশন হয় সেসব প্রতি ট্রানজেকশনের জন্য বর্তমানে ব্যাংক ভাউচার ইস্যু না করলেও আপনার একাউন্ট স্টেটমেন্টে তা উল্লেখ থাকে। তাই, সাধারণত এরূপক্ষেত্রে ভ্যাট পরিশোধ না করার সুযোগ নেই।

প্রশ্ন-০৩০: আমি রূপালী ব্যাংক থেকে বলছি, রূপালী ব্যাংক ভিয়েতনাম থেকে একটা রেমিটেন্স পাচ্ছে যেটা কিনা দেশীয় একটা সফটওয়্যার কোম্পানী সফটওয়্যার ডেভেলোপ করে পাচ্ছে। এখন এই ক্ষেত্রে রেমিটেন্সের উপর ভ্যাট হবে কিনা?

উত্তর: আপনার প্রশ্ন পড়ে আমি যতদূর বুঝতে পেরেছি তা হলো দেশি একটি কোম্পানি সফটওয়্যার তৈরী করে ভিয়েতনামে রপ্তানি করেছে। দেশি রপ্তানিকারক কোম্পানির ব্যাংক হলো রূপালী ব্যাংক। রূপালী ব্যাংকে এখন বৈদেশিক মুদ্রা আসছে। যে প্রক্রিয়ায় সাধারণত রপ্তানি করা হয় যদি সে প্রক্রিয়ায় সফটওয়্যার রপ্তানি করা হয়ে থাকে এবং বৈদেশিক মুদ্রা যদি ব্যাংকে এসে থাকে এবং ব্যাংক যদি Proceeds Realization Certificate (PRC) ইস্যূ করে তাহলে সফটওয়্যার বিক্রয় রপ্তানি বলে গণ্য হবে। এবং এখানে কোন ভ্যাট প্রযোজ্য হবে না।

প্রশ্ন-০২৯: একটি ১০০% রপ্তানিকারক কোম্পানি বিদ্যুৎ বিলের উপর ১৫% যে রেয়াত পাবে তার SRO নাম্বার কী?

উত্তর: শতভাগ রপ্তানিমুখি প্রতিষ্ঠান বিদ্যুৎ বিলের ওপর প্রদত্ত ভ্যাট ৮০ শতাংশ **প্রত্যর্পণ** পান, এসআরও নং-১৪৩-আইন/৯২/৫৬-মূসক, তারিখ: ১৮ জুন, ১৯৯২। আবার, শতভাগ রপ্তানিমুখি প্রতিষ্ঠান বিদ্যুৎ বিলের ওপর প্রদত্ত ভ্যাট ৮০ শতাংশ **অব্যাহতি** পান, এসআরও নং১৫৪-আইন/২০০৫/৪৪৫-মূসক, তারিখ: ৯ জুন, ২০০৫।

প্রশ্ন-০২৮: একজন অনিবন্ধিত ব্যাক্তি কিভাবে ভ্যাট গ্রহন করবেন বা জমা দেবেন| উদাহরন স্বরূপ, একজন বাড়িওয়ালার বাসা বাণিজ্যিক আবাসন হিসেবে গ্রামীনফোন দ্বারা ব্যবহৃত হয়, যেখানে বাড়িওয়ালা একজন অনিবন্ধিত ব্যক্তি। বাণিজ্যিক আবাসন হবার কারনে গ্রামীণফোন ১৫% হারে বাড়িওয়ালাকে ভ্যাট দেবার আইনত ভাবে প্রযোজ্য। কিন্তু একজন অনিবন্ধিত বাড়িওয়ালা কিভাবে গ্রামীণফোন থেকে ভ্যাট গ্রহন করতে পারবে? বা কিভাবে বাড়িওয়ালা গ্রামীণফোন কে ভ্যাট কর্তনের চালান দিবে? বা কিভাবে/কোন পদ্ধদিতে একজন অনিবন্ধিত ব্যাক্তি সরকারকে ভ্যাট জমা দিবে?

উত্তর: বাড়ি ভাড়ার ভ্যাট প্রদানের পদ্ধতি এরকম নয়। বাড়ি ভাড়ার ভ্যাটের ক্ষেত্রে ভ্যাটের যাবতীয় দায়িত্ব ভাড়াটিয়ার উপর ন্যাস্ত। বাড়ির মালিকের কোন দায়িত্ব নেই। ভাড়াটিয়া বাড়ির মালিককে ভাড়ার টাকা দিয়ে দেবেন। ভ্যাট বাড়ির মালিকের কাছে দেবেন না। বা ভাড়ার অর্থ থেকে ভ্যাট কাটবেন না। ভাড়ার অতিরিক্ত ১৫ শতাংশ ভ্যাট ভাড়াটিয়া সরকারি খাতে জমা প্রদান করবে। যদি কোন কারণে কোনো অনিবন্ধিত ব্যক্তির সরকারি খাতে ভ্যাট জমা দেয়ার প্রয়োজন হয়, তা দেয়া যাবে। ট্রেজারি চালানের মাধ্যমে তিনি জমা প্রদান করবেন। ট্রেজারি চালানে ভ্যাট নিবন্ধন লেখা বাধ্যতামূলক নয়।

প্রশ্ন-০২৭: আমাদের নতুন ভ্যাট রেজিস্ট্রেশন নিয়েছি তাতে লিখা আছে সাপ্লাই এবং ইম্পোর্টার, এখন আমি লোকাল যেগুলো এক্সপোর্ট বলে যেমন গার্মেন্টস এ আমি এক্সপোর্ট করি। এখন আমি যদি ১০০% এক্সপোর্ট ওরিয়েন্টেড কোনো ফ্যাক্টরি তে যদি পণ্যটা সাপ্লাই করি তাহলে তো আমার ভ্যাট ফ্রি হবে। আমি ফরেন কারেন্সি তে বিক্রি করি। এখন ধরেন আমি লোকাল মার্কেট থেকে পণ্য ক্রয় করলাম। ক্রয় করার পরই ওই পণ্যটি আমি ডিরেক্ট রপ্তানিকারকের কাছে বিক্রি করলাম। এখন আমি তো লোকাল সাপ্লায়ার। আমাকে পণ্যটি কিনতে হয়েছে ভ্যাট সহ। যখন আমি মূসক ১৮ পূরন করবো, আমি তো মনে হয় ভ্যাট রেয়াত পাবো না, পাবো কি? এখন রপ্তানিকারক বলতে কি ডিরেক্ট রপ্তানিকারক নাকি যাকে আমি সাপ্লাই দিচ্ছি উনি রপ্তানিকারক হলেই হবে? ধরুন আমি নবাবপুর থেকে কোনো পণ্য কিনলাম এবং গাজিপুরের কোনো একটা ফ্যাক্টরি তে সাপ্লাই করলাম। ওই ফ্যাক্টরিটা রপ্তানি করে। এখন তারা তো আমাকে কোনো ভ্যাট দেয় না। কিন্তু আমি তো ভ্যাট দিয়ে জিনিস কিনেছি। এখন আমি কি রেয়াত পাবো। একন আমি যখন মূসক ১১ থেকে এলসি নাম্বার, ব্যাংক নাম্বার, এবং টাকা তো অবশ্যই ফরেন কারেন্সি হতে হবে এগুলো লিখে দিলাম, লিখার পরে আমাকে সাপ্লায়ার এবং ইম্পোর্টার লিখতে হবে। এখন কথা হচ্ছে এক্সপোর্টার কথাটা ম্যান্ডেটরি কিনা ফিলাপ করার সময়। কারণ যখন আমি এক্সপোর্ট করবো তখন আমার এক্সপোর্টার কথাটা থাকতে হয়।আর আমি লোকাল সাপ্লাই যখন করি ব্যাংকে একটা এলসি দিলে, যেকোনো একটা কারেন্ট একাউন্ট থাকলে যে কোনো প্রতিষ্ঠানের নামে, এলসি দিতে পারে, লোকাল মালও সাপ্লাই দিতে পারে। এখন এটা যদি আবার এক্সপোর্ট হয়ে তখন আবার ভ্যাট অফিস থেকে ERC নিয়ে আসতে হয়। এতে করে দেশের ভিতর ডিরেক্ট রপ্তানি না ইন্ডিরেক্ট রপ্তানি। এখন আমি যাকে সাপ্লাই দিচ্ছি উনি ডিরেক্ট এক্সপোর্টার কিনা এটা আমি কিভাবে জানবো। যাকে সাপ্লাই দিয়েছি উনি আমাকে এলসি দিয়েছেন যে উনি ডিরেক্ট এক্সপোর্টার। এখন যেহেতু উনি এক্সপোর্টার সে ক্ষেত্রে আমি এলসি কপি দিয়ে মূসক ১১ দিয়ে আমি ভ্যাট টা দিয়ে এসেছি। কিন্তু আমি রেয়াত কিভাবে পাবো? আর আরেকটা জিনিস আমি যখন পুরান ঢাকা থেকে যখন জিনিস কিনি তখন তারা প্যাকেজ ভ্যাট দেয় এবং তার বিপরীতে আমাকে তারা ট্রেজারি চালানের একটা ফটোকপি দেয়। কিন্তু রাস্তায় যদি আমাকে আপনাদের মূসক কর্মকর্তা ধরে তখন তারা এই ট্রেজারি চালান মানে না। তারা বলে এটা ওই এলাকার জন্য প্রযোজ্য কিন্তু এখানে প্রযোজ্য না। এই ক্ষেত্রে আমার করণীয় কি?
উত্তর: আপনার প্রশ্নে দুটি অংশ। একটি হলো রপ্তানি সংক্রান্ত। আপনার সরবরাহটা রপ্তানি বলে বিবেচিত হবে এবং ভ্যাট প্রযোজ্য হবে না দুটি শর্তে। তা হলো প্রথমত, আপনাকে এলসি বা টেন্ডারের বিপরীতে সরবরাহ দিতে হবে এবং দ্বিতীয়ত, আপনাকে বৈদেশিক মুদ্রায় মূল্য পেতে হবে। তবে, বর্তমান ভ্যাট আইনে লোকাল রপ্তানির যে নিয়ম তা আপনাকে পালন করতে হবে। যেমন: শূন্য হারে ভ্যাট চালান ইস্যু করতে হবে। মূসক-২০ পূরণ করতে হবে ইত্যাদি। এ দুটি শর্ত পূরণ করতে না পারলে আপনাকে ভ্যাট প্রদান করতে হবে। আপনার প্রশ্নের দ্বিতীয় অংশের উত্তর হলো প্যাকেজ ভ্যাটের দোকান থেকে ক্রয় করলে দোকান থেকে নিজস্ব মেমো ইস্যু করতে হবে। ট্রেজারী চালানের ফটোকপির পাশাপাশি ক্রয় মেমো থাকতে হবে।

প্রশ্ন-০২৬: রপ্তানির ক্ষেত্রে সম্পর্কিত মূসক Form কোনটি? (২০১২ সালের আঈন ও ২০১৬ সালের বিধি অনুসারে)।
উত্তর: নতুন ভ্যাট আইন ও বিধিতে রপ্তানির জন্য আলাদা কোন ফরম নেই। আলাদা ফরমের প্রয়োজন হবে না। রপ্তানি একটি সরবরাহ। ভ্যাট চালান এজন্য যথেষ্ট।

প্রশ্ন-০২৫: পার্টনারশিপের ক্ষেত্রে VAT Registration করার নতুন পদ্ধতি কী? ব্যাবসা প্রতিষ্ঠানের VAT Registration আর Proprietorship এর জন্য procedure একই কিনা?
উত্তর: জী, সব ধরনের প্রতিষ্ঠানের ক্ষেত্রে ভ্যাট রেজিস্ট্রেশন করার নতুন পদ্ধতি একই রকম।

প্রশ্ন-০২৪: SRO/176/2016/752- H.S Code- 8517.12.10- বলা হয়েছে মোবাইল সেট ভ্যাট অব্যাহতি প্রাপ্ত। এখন আমার প্রশ্ন হলো মোবাইল সেট ভ্যাট অব্যাহতি প্রাপ্ত হলে সেটা কি ট্যাবলেট এর খেত্রেও কি প্রযোজ্য হবে কিনা? যেমন Symphony Tablet, Samsung Tablet.
উত্তর: ট্যাবলেট মোবাইল ফোন হিসাবে বিবেচিত হবে কি-না সেটা হলো মূল বিষয়। ট্যাবলেটে যদি সীমকার্ড ব্যবহার করার অপশন থাকে তাহলে তা ৮৫১৭.১২.১০ এইচএস কোডের আওতায় মোবাইল সেট হিসেবে বিবেচনা করা হয়। সেক্ষেত্রে ভ্যাট প্রযোজ্য হবে না। আর যদি ট্যাবলেটে সীমকার্ড ব্যবহার করার অপশন না থাকে তাহলে তা কম্পিউটার হিসেবে বিবেচনা করা হয়। সেক্ষেত্রে ভ্যাট প্রযোজ্য হবে।

প্রশ্ন-০২৩: স্যানিটারি টাইলস এর উপর ১৯৯১ সালের আঈন অনুযায়ী কত শতাংশ হারে প্যাকেজ ভ্যাট দিতে হবে?
উত্তর: প্যাকেজ ভ্যাটের ভিত্তি এভাবে হয় না। প্যাকেজ ভ্যাট আরোপিত হয় ছোট ছোট দোকানদারদের ওপর। দোকানে কি বিক্রি করা হচ্ছে তা বিষয় নয়। দোকান ও শহরভেদে বর্তমানে প্যাকেজ ভ্যাটের চারটি স্তর রয়েছে যা প্রতি বছর পরিশোধ করতে হয়। তা হলো: ২৮,০০০/-, ২০,০০০/-, ১৪,০০০/- ও ৭,০০০/-।

প্রশ্ন-০২২: আপনাদের স্পেশাল একটা অর্ডার আছে যেটার নাম্বার হচ্ছে, মূসক ভ্যাট সংক্রান্ত ২০১৬ সালের ১৬ ই ফেব্রুয়ারি। আমি আসলে DESCO তে জব করি। আমাদের কাছে আপনাদের এই তফসিলের বরাত দিয়ে টিকেসি তে বর্তমানে অংশগ্রহন করেছে একটা প্রতিষ্ঠান ভ্যাট রেয়াত নিয়েছে। তো এখানে উনাদের যে কোড গুলো আছে, যেমন সার্ভিস কোড হচ্ছে S004, আরেকটা সার্ভিস কোড S032, S045, S037 এই চারটা।তো এখানে আপনাদের যে চিঠি টা আছে সেখানে বলা আছে যে এই ক্ষেত্রে ভ্যাট রেয়াত দেয়া যাবে। আপনাদের স্পেশাল অর্ডার নাম্বার হচ্ছে ০৫/মূসক (ভ্যাট)/ ২০১৬। এখন আমি জানতে চাচ্ছি রেয়াত হবে কিনা?
উত্তর: আপনার প্রশ্নটা বোধগম্য হলো না। স্পেশাল অর্ডার নাম্বার ও তারিখ অনুগ্রহ করে সঠিকভাবে উল্লেখ করুন। সাধারণতঃ রেয়াত নেয়া যায় হলো উপকরণের উপর পূর্বে পরিশোধ করা ভ্যাট। তবে, অনেক ক্ষেত্রে রেয়াত নেয়া যায় না, তাও আইনে উল্লেখ আছে।

প্রশ্ন-০২১: আমার ভ্যাট রেজিস্ট্রেশন আছে। আমি একজন ইম্পোর্টার এবং সাপ্লায়ার। আমার কাস্টমার পরমাণু শক্তি কমিশন। আমি যেই জিনিসটা আমাদানি করেছি সেটা আমদানি পর্যায়ে আমার কাছ থেকে ৪% হারে ATV কেটেছে। এটা কেনো কাটলো। এর পর আমি বাংলাদেশ ব্যাংকের অনুমতি সাপেক্ষে এটা পরমাণু শক্তি কমিশনে সাপ্লাই দিয়েছি। এখন তারাও আমার কাছ থেকে ১৫% ভ্যাট কেটেছে। আমি এয়ারপোর্ট এ ভ্যাট দিলাম, ATV দিলীতে এখন পরমাণু শক্তি কমিশন আবার ভ্যাট কেটেছে। কেন আমি ৩ বার ভ্যাট দিলাম? আমাকে বলা হয়েছে আমার মূসক ৭ না থাকায় আমার কাছ থেকে ATV কাটা হয়েছে। মূসক ৭ টা কি? একটা আইটেম এর জন্য একজন ইম্পোর্টার এবং সাপ্লায়ার কে কতবার ভ্যাট দিতে হবে। আর আমি ইন্টারনেটে দেখলাম মূসক ৭ এর ক্ষেত্রে বলা আছে বিশেষ ক্ষেত্রে ৩% ATV কাটা যাবে। তারা আমার কাছ থেকে কেটেছে ৪%। এখন আমি কার কাছে কমপ্লেন করবো।
উত্তর: আপনার প্রশ্ন পড়ে আমি যতটুকু বুঝতে পেরেছি তাতে এক্ষেত্রে বেশ কতকগুলো ভুল হয়েছে বলে মনে হচ্ছে। মূসক-৭ না থাকলেও আপনার ক্ষেত্রে আমদানি প*h*ায়ে এটিভি কর্তন করতে হবে না। তবে, আপনাকে আমদানি পণ্য শুল্কায়নের সময় টেন্ডার বা কা*h*াদেশের কপি দাখিল করতে হবে। আইনের বিধান হলো, সরকারি অফিসে যোগানদার হিসেবে কোন পণ্য সরবরাহ করার জন্য যদি আমদানি করা হয়, তাহলে সেক্ষেত্রে আমদানির সময় এটিভি প্রযোজ্য হবে না। তবে, ওই পণ্য সরবরাহের ক্ষেত্রে যোগানদার হিসেবে ৫ শতাংশ ভ্যাট উৎসে কর্তন করতে হবে। কোন কোন সময় এমন হয় যে, সরকারি অফিসে সরবরাহের জন্য আমদানিকৃত পণ্য শুল্কায়নের সময় টেন্ডার বা কা*h*াদেশের কপি দাখিল করা হয় না। তাই, এটিভি কাটা হয়। আবার, আপনার ক্ষেত্রে পরমাণু শক্তি কমিশন ১৫ শতাংশ ভ্যাট কেটেছে তাও সঠিক বলে আমার কাছে মনে হচ্ছে না। আপনি কি আইটেম সরবরাহ করেছেন তা জানতে পারলে আরো সঠিকভাবে উত্তর দেয়া সম্ভব হতো। সরকারি খাতে ভুলভাবে ভ্যাট জমা হয়ে গেলে তা ফেরৎ নেয়ার বিধান আছে। জমা হওয়ার ৬ মাসের মধ্যে সংশ্লিষ্ট ভ্যাট কমিশনার বরাবর আবেদন করতে হয়।

প্রশ্ন-০২০: কাস্টমার একজন মেশিন মেনুফাচারার এজেন্ট। সে এটার বিপরিতে কমিশন পায়ছে । তার জিজ্ঞাসা হচ্ছে কমিশনের উপরে কি পরিমান ভ্যাট হবে।
উত্তর: কমিশনের ওপর ভ্যাটের হার ১৫ শতাংশ।

প্রশ্ন-০১৯: আমাদের একটা লিয়াজো অফিস। আমাদের অফিসে অনেক জায়গা থেকে স্যাম্পল আসে লাইক ইন্ডিয়া থেকে, চায়না থেকে, জার্মানি থকে। আমাদের কোনো ট্রেড লাইসেন্স ও নেই, ইম্পোর্ট কিংবা এক্সপোর্ট এর অনুমতিও নেই। আমাদের অফিসের খরচও আসে বাইরে থেকে। আমরা কেবল খালি ইন্সপেকশন করি। বোর্ড অফ ইনভেস্টমেন্ট থেকে আমাদের এই অনুমতি পাওয়া। এই ক্ষেত্রে ভ্যাট করা যায় কিভাবে, ইন ফ্যাক্ট আমরা কোনো স্যাম্পলও রিসিভ

করতে পারছি না ভ্যাটের কারণে। আমরা মহাখালিতে গিয়েছিলাম। তারা বলছে আমাদের ট্রেড লাইসেন্স করতে হবে, IRC and ERC নিতে হবে। আমরা এখন কি করতে পারি?

উত্তর: লিয়াঁজো অফিস আমদানি করে। স্যাম্পল আমদানি করাও এক ধরনের আমদানি। আবার কখনো সার্ভে করে, টেস্টিং করে। এসব সেবা ভ্যাটযোগ্য সেবা। এজন্য ভ্যাট রেজিষ্ট্রেশন দরকার হয়। ভ্যাট রেজিষ্ট্রেশন নিতে হলে যেসব ডকুমেন্ট দরকার তা দাখিল করতে হবে। দেশে অনেক লিঁয়াজো অফিস রয়েছে, তারা এভাবে ভ্যাট রেজিষ্ট্রেশন নিয়েছে।

প্রশ্ন-০১৮: আমি একটা জিনিস জানতে চাচ্ছি যে আপনাদের ভ্যাট এর লিস্ট এ বলা আছে যে বোর্ড সভায় যোগদানকারী বা বোর্ড সভার উপর ভ্যাট হবে। কত হারে ভ্যাট হবে?

উত্তর: বোর্ড সভায় যোগদানকারীর ওপর ভ্যাটের হার ১৫ শতাংশ যা উৎসে কর্তন করতে হবে।

প্রশ্ন-০১৭: আমি মুসক ১৬ সম্পর্কে জানতে চাই। এটা নতুন এবং পুরাতন উভয় আইনে প্রযোজ্য।

উত্তর: মূসক-১৬ হলো পুরাতন ভ্যাট আইনের আওতায় ক্রয় হিসাব রেজিষ্টারের ফরম্যাট। নতুন আইনে তা প্রযোজ্য হবে না। নতুন ভ্যাট আইনে ক্রয় হিসাব রেজিষ্টারের আলাদা ফরম্যাট রয়েছে। নতুন ভ্যাট আইনে ক্রয় হিসাব পুস্তকের ফরম্যাট হলো **মূসক-৬.১।**

প্রশ্ন-০১৬: নতুন আইনে এগ্রো প্রোডাক্টের উপর কি ভ্যাট হবে কিনা? যদি না হয় তাহলে ঘি, মাখনের এর উপর হবে কিনা?

উত্তর: নতুন ভ্যাট আইন অনুসারে কোন কোন মৌলিক খাদ্যের ওপর ভ্যাট মওকুফ হবে তা জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক নির্ধারণ করতে হবে। তা এখনও নির্ধারণ করা হয়নি। আশা করা যায় যে, আগামী ১ জুলাই এর আগেই তা নির্ধারণ করা হবে।

প্রশ্ন-০১৫: ইন্ডেন্টিং ফার্মে তো ভ্যাট মওকুফ করা হয়েছে হাইকোর্টের রায়ে। এখন এই ব্যাপারে নতুন আঈনের কি বিধান?

উত্তর: ইন্ডেন্টিং সংস্থার ক্ষেত্রে বর্তমান আইনেও ভ্যাট আরোপিত আছে, নতুন আইনেও ভ্যাট আরোপিত আছে। মওকুফ নেই।

প্রশ্ন-০১৪: আমি ভ্যাট সম্পর্কে একটা জিনিস জানতে চাচ্ছি। সরকারের কোনো এজেন্সি বিদেশ থেকে কোনো পণ্য, যন্ত্রপাতি বা মালামাল আমদানি করে তখন সেটার যে সাপ্লায়ার থাকে, সে সাপ্লায়ার দেশিও হতে পারে বিদেশিও হতে পারে? এখন দেশী হলে কত শতাংশ এবং বিদেশী হলে তার বেলায় ভ্যাট কোন অংশে প্রযোজ্য হবে?

উত্তর: আপনার প্রশ্নটা বোধগম্য হলো না। তবে, যেটুকু বুঝতে পেরেছি সে অনুসারে আমি উত্তর দিচ্ছি। সরকারের এজেন্সী সাধারণত প্রকল্পের আওতায় বিদেশ থেকে আমদানি করে। আমদানির সময় ওই পণ্যের ওপর যে হারে শুল্ক-কর প্রযোজ্য তা পরিশোধ করতে হবে। তবে, এটিভি পরিশোধ করতে হবে না। সাপ্লাই দিলে ক্রেতা ৫ শতাংশ ভ্যাট উৎসে কর্তন করবে। এক্ষেত্রে দেশি বা বিদেশি সাপ্লায়ের জন্য কোন পার্থক্য নেই। তবে, যদি বৈদেশিক মুদ্রায় মূল্য পরিশোধ করা হয়, তাহলে কিছু শর্তসাপেক্ষে পার্থক্য আছে।

প্রশ্ন-০১৩: ভ্যাট সার্টিফিকেট কিভাবে নিতে পারি?

উত্তর: ভ্যাটের রেজিস্ট্রেশন নিতে হলে বর্তমানে **মূসক-৬** ফরমে আবেদন করতে হয়। এর সাথে **মূসক-৭** ফরমে একটি ঘোষণা দাখিল করতে হয়। আরো কতকগুলো ডকুমেন্ট আবেদনের সাথে দাখিল করতে হয়। যেমন: ট্রেড লাইসেন্স, ছবি, টিআইএন, জাতীয় পরিচয়পত্র, ব্যাংক একাউন্টের প্রত্যয়ন, আমদানিকারক হলে আইআরসি, রপ্তানিকারক হলে ইআরসি, প্রাঙ্গনের নীলনকশা, জমির দলিল বা ভাড়ার চুক্তি, অথরাইজড সিগনেটরির পক্ষে অথরাইজেশন পত্র, কোম্পানির ক্ষেত্রে মেমোরেন্ডাম বা আর্টিকেল, পার্টনারশীপ প্রতিষ্ঠানের ক্ষেত্রে পার্টনারশীপ চুক্তি ইত্যাদি। তবে, নতুন ভ্যাট আইনের আওতায় রেজিস্ট্রশন নিতে হলে কোন ডকুমেন্ট দাখিল করতে হবে না। শুধু ফরম পূরণ করতে হবে। আশা করা যায় যে, মার্চ মাসের মাঝামাঝি নতুন ভ্যাট আইনের আওতায় রেজিষ্ট্রেশন উন্মুক্ত হবে।

প্রশ্ন-০১২: আমি ভ্যাটের জন্য দরখাস্ত করেছিলাম গত প্রায় ২০ থেকে ২৫ দিন আগে। এটা এখনো হয় নি। আমি কি কমপ্লেন করতে পারবো? আমার কপি নিয়ে তারা হারিয়ে ফেলেছে। তারা আজকে বলছে এই কাগজ নাই, পরে বলে ঐ কাগজ লাগবে বলে হয়রানি করছে। এটা হচ্ছে জামালপুর কাস্টমস অফিস।

উত্তর: অভিযোগ করা যাবে। যে অফিস আপনাকে হয়রানি করছে বলে আপনি মনে করেন সে অফিসের উর্ধ্বতন অফিসে আপনি অভিযোগ করতে পারেন। তবে, আপনি জামালপুর অফিসের সহকারি কমিশনার এর সাথে দেখা করে বিষয়টা বললে সমাধান পাবেন বলে আশা করি।

প্রশ্ন-০১১: আমরা বিভিন্ন সফটওয়্যারের কাজ করে থাকি বিভিন্ন সরকারী প্রতিষ্ঠানে, আমরা নিজেরাই ডেভেলপ করি। বিভিন্ন জায়গায় বিভিন্ন রকম ভ্যাট কাটে। কোথাও ৪.৫% কোথাও ১৫%। আর আপনাদের সাইট থেকে আমরা ভ্যাটের ব্যাপারে একটা তথ্য পেয়েছি যে উৎপাদন পর্যায়ে সফটয়্যারের উপর কোনো ভ্যাট মওকুফ। আর নতুন আঈন তো এখনো চালু হয় নাই। তাহলে কেনো তারা আমার কাছ থেকে ১৫% হারে ভ্যাট নিচ্ছে। ২০১৪ সালে আমি একটি ডকুমেন্ট পেয়েছিলাম যেখানে লিখা ছিলো ৪.৫% ভ্যাট আরোপ হবে। ঢাকা ওয়াসা ১৫% কর্তন করেছে কিসের ভিত্তিতে। আসলে আমি জানতে চাচ্ছি ২০১৬-১৭ অর্থবছরে কি সফটওয়্যারের উপর কি ১৫% ভ্যাট আরোপ হয়েছে কিনা। আর আরোপ হলেও ভ্যাট কেনো আমরা দিবো?

উত্তর: সফটওয়্যার উৎপাদন পর্যায়ে ভ্যাট মওকুফ করা আছে। তবে, সফটওয়্যার যদি কোন উৎসে ভ্যাট কর্তনকারী প্রতিষ্ঠানে সরবরাহ দেয়া হয়, তাহলে যোগানদার হিসেবে ৫ শতাংশ ভ্যাট উৎসে কর্তন করতে হবে, ১৫ শতাংশ নয়। ওয়াসা কর্তৃক ১৫ শতাংশ ভ্যাট কর্তন করা সঠিক হয়নি।

প্রশ্ন-০১০: ভ্যাট সার্টিফিকেট করতে কি কি লাগবে?

উত্তর: আপনি নতুন আইনের আওতায় জানতে চেয়েছেন না-কি পূরাতন আইনের আওতায় জানতে চেয়েছেন তা বোধগম্য হলো না। নতুন ভ্যাট আইনের আওতায় ভ্যাট রেজিস্ট্রেশন নিতে কোন ডকুমেন্ট প্রয়োজন হবে না। ফরমে তথ্য দাখিল করতে হবে। পূরাতন ভ্যাট আইনের আওতায় ট্রেড লাইসেন্স, ছবি, টিআইএন, জাতীয় পরিচয়পত্র, ব্যাংক একাউন্টের প্রত্যয়ন, আমদানিকারক হলে আইআরসি, রপ্তানিকারক হলে ইআরসি, মূসক-৭ এ ঘোষণা, ব্লু-প্রিন্ট, জমির দলিল বা ভাড়ার চুক্তি ইত্যাদি প্রয়োজন হয়।

প্রশ্ন-০০৯: মূসক ২০,২১,২২ রপ্তানি ফর্ম এর ব্যাপারে আমি তো নতুন আঈনে কিছু খুঁজে পাচ্ছি না। এ ব্যাপারে আমাকে দয়া করে অবিহিত করবেন। মূসক ২০,২১,২২ এর পরিবর্তে নতুন কোনো ফরম্যাট এসেছে কিনা সেটা আমাকে একটু জানাবেন।

উত্তর: নতুন ভ্যাট আইনের আওতায় এ ধরনের ফরম নেই। যদি প্রয়োজন হয় পরবর্তীতে নির্দেশনা দেয়া হবে।

প্রশ্ন-০০৮: আমি ব্যাংক থেকে বলছি, আমি একটা জিনিস জানতে চাচ্ছি যে যারা এক্সপোর্ট ওরিয়েন্টেড প্রতিষ্ঠান তাদের এক্সপোর্টের ক্ষেত্রে ব্যাংক কতৃক এক্সপোর্ট রিলেটেড যেকোনো কমিশনের উপর ভ্যাট মওকুফ করা হয়েছে। এখন যে কোনো ধরনের কমিশনের উপর কি ভ্যাট টা কি মওকুফ করা হয়েছে এক্সপোর্ট এর ক্ষেত্রে। উল্লেখ্য যে আমরা ব্যাক টু ব্যাক এলসি খুলে থাকি। এক্ষেত্রে ভ্যাট হবে কিনা জনাতে চাচ্ছি?

উত্তর: আপনার প্রশ্নের সরাসরি উত্তর হলো ব্যাক-টু-ব্যাক এলসি ওপেন করা হলে ব্যাংক কমিশনের ওপর ভ্যাট প্রযোজ্য হবে না।

প্রশ্ন-০০৭: আমরা কিছু সার্ভিস ওয়ার্ক করি জেনারেটর রিলেটেড। আমরা এটা আউটসোর্সিং করি। তো আমার ক্লায়েন্ট আমাকে বললো বিল নেবার সময় মূসক চালান দিতে। এখন আমি মূসক চালান কোত্থেকে কালেক্ট করবো। ক্লায়েন্ট মূসক চালান ছাড়া আমাকে বিল দেবে না। এবং ভ্যাটের পরিমানটা কতো?

উত্তর: শুধু সার্ভিসিং এর ক্ষেত্রে ভ্যাটের হার ১৫ শতাংশ। সার্ভিসিং এর সাথে খুচরা যন্ত্রাংশ দিলে তার ওপর ভ্যাটের হার ৫ শতাংশ। আপনি ভ্যাট চালান প্রিন্ট করে নিতে পারেন। বাজারে প্রিন্ট করা ভ্যাট চালান কিনতে পাওয়া যায়। তা

আপনি ব্যবহার করতে পারেন। এনবিআর-এর সামনের দোকানে আরো অনেক স্থানে ভ্যাট চালান প্রিন্ট করা কিনতে পাওয়া যায়।

প্রশ্ন-০০৬: আমি একটু ভ্যাটের বিষয়ে জানতে চাচ্ছিলাম। আমরা কৃষি বিভাগ থেকে কৃষি সম্প্রসারন অধিদপ্তর এর উপজেলা পর্যায়ে কৃষকদের জন্য ট্রেনিং এর জন্য খাবার বা নাস্তা আমরা উপজেলা ক্যান্টিন থেকে নিলে কত শতাংশ ভ্যাট প্রযোজ্য। লোকাল ভ্যাট অফিস বলছে ৪.৫% ভ্যাট হবে। ওদের জন্য সরকারি একটা বরাদ্দ্য আছে ৩০০ টাকার মতো। আবার দুপুরের লাঞ্চ বাবদ ১৫০ টাকা বরাদ্দ্য থাকে। তো আমরা ৭৫০০ টাকার একটা ভাউচার ট্রেজারি তে সাবমিট করছি।
উত্তর: আমাদের দেশের বর্তমান ভ্যাট ব্যবস্থায় সরকার কর্তৃক প্রদত্ত শিক্ষা ও প্রশিক্ষণ ভ্যাটমুক্ত। অর্থাৎ সরকর কর্তৃক প্রদত্ত শিক্ষা সেবা ও প্রশিক্ষণ সেবা ভ্যাটমুক্ত। সরকারী কোন প্রশিক্ষণ প্রতিষ্ঠান যদি প্রশিক্ষণ প্রদানের জন্য প্রশিক্ষক বা প্রশিক্ষণার্থীদেরকে খাবার, আবাসন বা প্রশিক্ষণ সামগ্রী ইত্যাদি ক্রয় করার জন্য নগদ অর্থ প্রদান করে বা সম্মানি, ভাতা, টিএ/ডিএ ইত্যাদি নগদ অর্থে প্রদান করে তাহলে সে অর্থ থেকে ভ্যাট কাটতে হবে না। নগদ অর্থ না দিয়ে যদি কোনকিছু ক্রয় করে দেয়া হয়, তাহলে উৎসে ভ্যাট কাটতে হবে। আপনার প্রশ্ন পাঠ করে আমি যতটুকু বুঝতে পেরেছি এক্ষেত্রে খাবার কিনে দেয়া হচ্ছে। আমাদের দেশের ভ্যাট ব্যবস্থায় এই কাজকে ক্যাটারিং সার্ভিস বলা হয়। এর ওপর ভ্যাটের হার ১৫ শতাংশ এবং তা উৎসে কর্তনযোগ্য।

প্রশ্ন-০০৫: আমি বিভিন্ন কোম্পানীতে লেবার সাপ্লাই করে থাকি। এক্ষেত্রে আমরা কিভাবে ভ্যাট আদায় করবো?
উত্তর: আমাদের বর্তমান ভ্যাট ব্যবস্থায় আপনার কাজটি মানবসম্পদ সরবরাহ সেবার আওতায় পড়ে। এই সেবার ক্ষেত্রে ভ্যাটের হার ১৫ শতাংশ যা উৎসে কর্তনের বিধান আছে। অর্থাৎ আপনি যেখানে মানবসম্পদ সরবরাহ দেন সে প্রতিষ্ঠান যদি উৎসে ভ্যাট কর্তনকারী প্রতিষ্ঠান হয়, তাহলে উৎসে কর্তন করবে। আর যদি না হয় তাহলে আপনাকে ভ্যাট পরিশোধ করতে হবে। আপনাকে ভ্যাটের যাবতীয় নিয়মকানুন পরিপালন করতে হবে।

প্রশ্ন-০০৪: যদি অব্যাহতিপ্রাপ্ত পণ্য আমদানি করা হয় তাহলে বিক্রয় করার সময় মূসক কত ফর্ম ব্যাবহার করতে হবে? নাকি খালি নরমাল চালান ব্যবহার করলেই হবে? যে প্রতিষ্ঠান পণ্যটি সাপ্লাই তারা কি মূসক ১১ ব্যাবহার করবে?
উত্তর: কোন স্থান থেকে যদি শুধুমাত্র অব্যাহতিপ্রাপ্ত পণ্য বিক্রি করা হয়, তাহলে কোন ভ্যাট চালান ব্যবহার করতে হবে না। কিন্তু যদি অব্যাহতিপ্রাপ্ত এবং ভ্যাটযুক্ত উভয় প্রকার পণ্য বিক্রি করা হয়, তাহলে ভ্যাট অব্যাহতিপ্রাপ্ত পণ্যের ক্ষেত্রেও ভ্যাট চালান ইস্যু করতে হবে। তবে, ভ্যাট চালানে ভ্যাটের হার বা পরিমাণ লিখতে হবে না। সেস্থানে লিখতে হবে যে, ভ্যাট অব্যাহতিপ্রাপ্ত।

প্রশ্ন-০০৩: আমাদের একটি সেফটি পিন কোম্পানি। আমাদের রেয়াতের সিস্টেম কি? আমার পেমেন্টের সিস্টেম কি? এখন পেমেন্টটা কত নির্দিষ্ট এমাউন্টের হলে টি, ডিডি, ব্যাংক ড্রাফট করতে হবে? আমার ব্যবসা অনেক দিনের। আমি রেয়াত নিয়েছি ১ লাখ টাকার এবং সেটার যে ইন্সপেক্টর আছেন সেটা তিনি রিসিভ করেছেন। বছর শেষে যখন আমার অডিট আসলো তখন আমাকে বললো আপনি যে রেয়াত নিয়েছেন তার ব্যাংক ড্রাফট কোথায়? আমরা কই যাবো? তাহলে ওই সময় ইন্সপেক্টর বলবে না যে আপনার এটা ব্যাংক ড্রাফট কপি লাগবে।

উত্তর: আমাদের বর্তমান ভ্যাট আইনের একটি বিধান হলো, উপকরণের ক্রয়মূল্য যদি ১ লক্ষ টাকা বা তার চেয়ে বেশি হয়, তাহলে ব্যাংকিং মাধ্যমে পেমেন্ট করতে হবে। ব্যাংকিং মাধ্যমে পেমেন্ট না করলে রেয়াত পাওয়া যাবে না। রেয়াত নেয়ার সময়সীমা হলো সর্বোচ্চ দুই কর মেয়াদ। তাই, দুই কর মেয়াদের মধ্যে রেয়াত নিয়ে নিতে হবে। এ সময়ের মধ্যে আপনি পেমেন্ট নাও করতে পারেন। তাই, পরবর্তীতে অডিট এলে এই ক্রয়ের পেমেন্ট যে আপনি ব্যাংকিং চ্যানেলে করেছেন তা দেখা তাদের দায়িত্ব।

প্রশ্ন-০০২: আমরা তুলা কিনে বাংলাদেশ টেক্সটাইল মিলের কাছে বিক্রি করে থাকি। এখন টেক্সটাইল মিল আমাদেরকে বলছে আমরা যে কিনেছি সেটার ভ্যাট চালান দিতে। কিন্তু কৃষকরা কিভাবে ভ্যাট চালান দেবে।

উত্তর: কৃষকরা যখন তুলা বিক্রি করবে তখন ভ্যাট চালান দিতে হবে না । আমাদের বর্তমান ভ্যাট আইনে তুলা একটি ভ্যাটমুক্ত পণ্য। তাই, কৃষকদের নিকট থেকে তুলা কিনলে ভ্যাট চালান নেয়ার প্রয়োজন নেই। তাছাড়া, টেক্সটাইল মিল বরাবরে তুলা সরবরাহ করলে সেখানেও ভ্যাট কাটতে হবে না। তুলা সরবরাহের ওপর বর্তমানে ভ্যাট মওকুফ করা আছে। সম্ভবত টেক্সটাইল মিল কর্তৃপক্ষের এবিষয়টি জানা নেই।

প্রশ্ন-০০১: আমরা সাধারণতঃ ৫০০ টাকার উপরে কোন কিছু কিনতে হলে রেভিনিউ স্ট্যাম্প ব্যবহার করি। এখন যদি ভ্যাট দেয়া হয় সেক্ষেত্রে কি রেভিনিউ স্ট্যাম্প ব্যবহার না করলে কি হবে?
উত্তর: রেভিনিউ স্ট্যাম্প ব্যবহারের সাথে ভ্যাটের কোন সম্পর্ক নেই। দুটি বিষয় আলাদা। রেভিনিউ স্ট্যাম্প আলাদা আইনে আদায় করা হয়, ভ্যাট আইনে নয়। ভ্যাট আইন অনুসারে যথাযথভাবে ভ্যাট পরিশোধ করতে হবে। রেভিনিউ স্ট্যাম্প সংক্রান্ত সংশ্লিষ্ট আইনে যে বিধান আছে সে অনুসারে রেভিনিউ স্ট্যাম্প ব্যবহার করতে হবে।

I am a Smart VAT Trustee
I AM VAT SMART
আসছে দেশে
নতুন আইন
ভ্যাট হবে অনলাইন
আসছে দেশে
নতুন আইন
ভ্যাট হবে অনলাইন